

| Khulna Development Authority Ordinance, 1961  | খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ অধ্যাদেশ, ১৯৬১  | প্রস্তাবিত খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৫  |
|---|---|---|
| <p><b>to provide for the development, improvement and expansion of the town of Khulna and certain areas in its vicinity and the constitution of an Authority therefore.</b></p> <p>WHEREAS it is expedient to make provision for the development, improvement and expansion of the town of Khulna and certain areas in its vicinity by opening up congested areas, laying out or altering streets, providing open spaces for purposes of ventilation or recreation, demolishing or constructing buildings, acquiring land for the said purposes and for the re-housing of persons displaced by the execution of improvement schemes, and otherwise as hereinafter appearing;</p> <p>AND WHEREAS it is expedient that an Authority should be constituted and invested with special powers for carrying out the objects aforesaid;</p> <p>NOW, THEREFORE, in pursuance of the Presidential Proclamation of the seventh day of October, 1958, and having received the previous instructions of the President, the Governor is pleased, in exercise of all powers enabling him in that behalf, to make and promulgate the following Ordinance, namely:-</p> | <p>খুলনা শহর ও তৎসংলগ্ন কতিপয় এলাকার উন্নয়ন, সংস্কার ও পরিবর্ধনের মাধ্যমে পরিকল্পিত নগরায়ন এবং এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষ গঠনের লক্ষ্যে।</p> <p>যেহেতু, খুলনা শহর ও তৎসংলগ্ন কতিপয় এলাকার উন্নয়ন, সংস্কার ও পরিবর্ধনের মাধ্যমে পরিকল্পিত নগরায়নের জন্য সংকীর্ণ এলাকার উন্মুক্তকরণ, নতুন বা বিকল্প সড়ক নির্মাণ, নির্মল পরিবেশ বা চিত্ত বিনোদনের নিমিত্তে উন্মুক্ত স্থান সৃষ্টি, ভবন অপসারণ বা ভবন নির্মাণ এবং এই উদ্দেশ্যে ভূমি অধিগ্রহণ এবং উন্নয়নমূলক প্রকল্পসমূহ বাস্তবায়নের ফলে ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের পুনর্বাসন এবং অতঃপর অন্যভাবে উদ্ধৃত বিষয়াদি নিষ্পত্তির লক্ষ্যে বিধান করা সমীচীন;</p> <p>এবং যেহেতু, একটি কর্তৃপক্ষ গঠন এবং পূর্বোক্ত উপর্যুক্ত, উদ্দেশ্যাবলী পূরণকল্পে ইহাকে বিশেষ ক্ষমতা প্রদান করা সমীচীন এবং প্রয়োজনীয় ;</p> <p>যেহেতু, এক্ষণে, ৭ অক্টোবর, ১৯৫৮ সালে রাষ্ট্রপতির ঘোষণা অনুসারে এবং রাষ্ট্রপতির প্রাক নির্দেশনা প্রাপ্ত হইয়া এতদুদ্দেশ্যে তাঁহার উপর অর্পিত ক্ষমতাবলে গভর্নর সন্তুষ্টিচিহ্নে নিম্নোক্ত অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন; যথা :-</p> | <p><b>খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৫</b><br/>(২০১৫ সনের-----নং আইন)<br/>[তারিখ -----]</p> <p>The Khulna Development Authority Ordinance, 1961, রহিতক্রমে সংশোধনীসহ উহা পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন।</p> <p>এবং যেহেতু, খুলনা শহর ও তৎসংলগ্ন কতিপয় এলাকার উন্নয়ন, সংস্কার ও পরিবর্ধনের মাধ্যমে পরিকল্পিত নগরায়নের জন্য সংকীর্ণ এলাকার উন্মুক্তকরণ, নতুন বা বিকল্প সড়ক নির্মাণ, নির্মল পরিবেশ বা চিত্ত বিনোদনের নিমিত্তে উন্মুক্ত স্থান সৃষ্টি, ভবন অপসারণ বা ভবন নির্মাণ এবং এই উদ্দেশ্যে ভূমি অধিগ্রহণ ও ভূমির ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন এবং উন্নয়নমূলক প্রকল্পসমূহ বাস্তবায়নের ফলে ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের পুনর্বাসন এবং অতঃপর অন্যভাবে উদ্ধৃত বিষয়াদি নিষ্পত্তির লক্ষ্যে আইন প্রণয়ন করা সমীচীন;</p> <p>এবং যেহেতু, খুলনা শহর ও তৎসংলগ্ন কতিপয় এলাকার উন্নয়ন, সংস্কার ও পরিবর্ধনের মাধ্যমে পরিকল্পিত নগরায়ন এবং এতদুদ্দেশ্যে ১৯৬১ সালে The Khulna Development Authority Ordinance, 1961 (Ordinance NO-II of 1961) এর মাধ্যমে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ গঠিত হওয়ায় বিভিন্ন ব্যক্তি/ প্রতিষ্ঠান কর্তৃক পরিকল্পিত উন্নয়ন কর্মকাণ্ড সুষ্ঠু নগরায়নের জন্য প্রণীত মহাপরিকল্পনার সাথে সমন্বিত করার নিমিত্তে ১৯৬৩, ১৯৬৪, ১৯৬৬, ১৯৭৬ ও ১৯৮১ সালে বিভিন্ন সংশোধনীর মাধ্যমে সফলতার সাথে কার্যক্রম পরিচালিত হইয়া আসিতেছে। বর্তমানে স্বাধীনতা উত্তরকালে স্বাধীন সত্ত্বা দেশ হিসাবে যুগোপযোগী একটি পূর্ণাঙ্গ আইন প্রণয়ন সমীচীন ও প্রয়োজনীয়;</p> <p>এবং যেহেতু, সেই ধারাবাহিকতা বজায় রাখার জন্য ও উদ্দেশ্যাবলি পূরণকল্পে ইহাকে বিশেষ ক্ষমতা প্রদান করা সমীচীন এবং প্রয়োজনীয় ;</p> <p>এবং যেহেতু, The Khulna Development Authority Ordinance, 1961 (Ordinance NO-II of 1961) রহিতক্রমে সংশোধনীসহ উহা পুনঃপ্রণয়নের মাধ্যমে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ আইন পুনর্গঠন করা সমীচীন ও প্রয়োজনীয়;</p> <p>সেহেতু, এতদ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল :-</p> |

| CHAPTER I<br>Preliminary  | অধ্যায়-১<br>প্রারম্ভ   | প্রথম অধ্যায়<br>প্রারম্ভিক  |
|---|---|--|
| <b>1. Short title, extent and commencement</b><br>(1) This Ordinance may be called the <b>Khulna Development Authority Ordinance, 1961</b> .  | ১। সংক্ষিপ্ত শিরোনাম, পরিধি ও প্রবর্তন।- (১) এই অধ্যাদেশ খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ অধ্যাদেশ, ১৯৬১ নামে অভিহিত হইবে।   | ১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।- (১) এই আইন খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৬ নামে অভিহিত হইবে।  |
| (2) It extends to the areas comprised within the limits of the Khulna Municipality; but the provincial Government may, by notification, extend the Ordinance or any provision thereof to such other areas in the vicinity of the said Municipality as may be specified in the notification. | (২) ইহার পরিধি হইবে খুলনা পৌরসভার নির্ধারিত এলাকা; তবে সরকার প্রজ্ঞাপন দ্বারা এই অধ্যাদেশ বা ইহার যে কোন বিধান প্রসারিত করিয়া উক্ত পৌরসভা ও সংলগ্ন অন্যান্য এলাকায় প্রয়োগ করিবার আদেশ জারী করিতে পারিবে। | (ক) ইহার পরিধি হইবে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের আওতাভুক্ত ৮২৪.৭৬ বর্গকিলোমিটার এলাকা।<br>(খ) সময়ে সময়ে সরকার কর্তৃক যে এলাকাসমূহকে গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের আওতাভুক্ত করিবে উক্ত এলাকায় ইহার সীমা বিস্তৃত হইবে। |
| (3) It shall come into force in such areas and on such dates as the Provincial Government may, by notification, specify.  | (৩) ইহা সরকার, গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে যে এলাকাসমূহ ও তারিখ নির্ধারণ করিবে সেই এলাকার জন্য এবং উক্ত তারিখ হইতে কার্যকর হইবে।   | (গ) সরকারি গেজেট প্রকাশের তারিখ হইতে এই আইন কার্যকর হইবে।  |
| <b>2. Definitions</b><br>In this Ordinance unless there is anything repugnant in the subject or context,-   | ২। সংজ্ঞা।- বিষয় অথবা প্রসংগের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই অধ্যাদেশে-  | ২। সংজ্ঞা।- বিষয় বা প্রসংগের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই আইনে-  |
| (a) "Authority" means the Authority established under sub-section (1) of section 3;   | (ক) "কর্তৃপক্ষ" অর্থ ধারা ৩ এর উপধারা (১) মোতাবেক গঠিত কর্তৃপক্ষ;   | (ক) "সরকার" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারকে বুঝাইবে;<br>(খ) "কর্তৃপক্ষ" অর্থ ধারা ৩ এর উপধারা (১) অধীনে প্রতিষ্ঠিত খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ;   |
| (b) "Chairman" means the Chairman of the Authority appointed under sub-section (1) of section 4;  | (খ) "চেয়ারম্যান" অর্থ ধারা ৪ এর উপধারা (১) মোতাবেক নিয়োগপ্রাপ্ত চেয়ারম্যান;  | (গ) "চেয়ারম্যান" অর্থ সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত চেয়ারম্যান;   |
| (e) "Member" means a member of the Authority appointed under sub-section (1) of section 4;  | (ঙ) "সদস্য" অর্থ ৪ নম্বর ধারার উপধারা (১) মোতাবেক নিয়োগ প্রাপ্ত কর্তৃপক্ষের সদস্য;   | (ঘ) "সদস্য" অর্থ কর্তৃপক্ষের সদস্য;  |
| (c) "Controlled area" means an area declared to be controlled area under section 25;  | (গ) "নিয়ন্ত্রিত এলাকা" অর্থ ধারা ২৫ এ ঘোষিত নিয়ন্ত্রিত এলাকা;   | (ঙ) "নিয়ন্ত্রিত এলাকা" অর্থ ধারা ১৯ এ ঘোষিত নিয়ন্ত্রিত এলাকা;  |
| (d) "Land" includes benefits to arise out of land and things attached to the earth or permanently fastened to anything attached to the earth;   | (ঘ) "ভূমি" অর্থে ভূমি হইতে প্রাপ্ত সুবিধা এবং মাটির সহিত সংযুক্ত কোন বস্তু অথবা মাটির সহিত সংযুক্ত যাহা স্থায়ীভাবে গ্রথিত বুঝাইবে;   | (চ) "ভূমি" অর্থ ভূমি হইতে প্রাপ্ত সুবিধা এবং মাটির সহিত সংযুক্ত কোন বস্তু অথবা মাটির সহিত সংযুক্ত যাহা স্থায়ীভাবে গ্রথিত বুঝাইবে;   |
| (f) "The Municipality" means the Khulna Municipality;   | (চ) "পৌরসভা" অর্থ খুলনা পৌরসভা;   | -  |
| (g) "Notification" means notification published in the official Gazette;  | (ছ) "প্রজ্ঞাপন" অর্থ সরকারী গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন;  | (ছ) "প্রজ্ঞাপন" অর্থ সরকারি গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন;   |
| (h) "Prescribed" means prescribed by rules made under this Ordinance; and   | (জ) "নির্ধারিত" অর্থ এই অধ্যাদেশের অধীন প্রণীত বিধিমালা দ্বারা নির্ধারিত;   | (জ) "নির্ধারিত" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি বা প্রবিধান দ্বারা নির্ধারিত অথবা অনুরূপ বিধি বা প্রবিধান প্রণীত না হওয়া পর্যন্ত সরকার বা কর্তৃপক্ষ কর্তৃক, সরকারি গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা নির্ধারিত;                                  |
|   |   | (ঝ) "উন্নয়ন প্রকল্প" অর্থ সরকার অনুমোদিত কোন উন্নয়ন প্রকল্প;   |

|   |  |  |
|---|--|--|
|   |  | (এ৩) “ইমারত” অর্থ The Building Construction Act,1952(Act NO.II of 1953) এর Section 2(b) এ সংজ্ঞায়িত Building;   |
|   |  | (ট) “ওয়াটার ওয়ার্কস” অর্থ প্রাকৃতিকভাবে সৃষ্ট নয়, কিন্তু মানুষ কর্তৃক তৈরি কোন হ্রদ, জলপ্রবাহ, ঝর্ণা, কূপ, পাম্প, সংরক্ষিত-জলাধার, পুকুর, নালা, জলকপাট, পাইপ, কালভার্ট এবং পানি সরবরাহ, বিতরণ বা ব্যবহারের জন্য ব্যবহৃত অন্যান্য সরঞ্জামাদিও ইহার অন্তর্ভুক্ত হইবে; |
|   |  | (ঠ) “গণস্থান” অর্থ কোন ভবন, আঙ্গিণা বা স্থান যেখানে সাধারণ জনগণের প্রবেশাধিকার রহিয়াছে;   |
|   |  | (ড) “তহবিল” অর্থ ধারা ৪০ এর অধীনে গঠিত কর্তৃপক্ষের তহবিল;  |
|   |  | (ঢ) “দখলদার” অর্থ সম্পত্তি দখল করিয়া আছে এমন অধিকারী, সাময়িকভাবে ভূমি বা ইমারত বা উহার কোন অংশের জন্য উহার মালিককে ভাড়া প্রদান করেন বা তাহা প্রদানের জন্য দায়ি থাকেন এমন ব্যক্তিও অন্তর্ভুক্ত হইবেন;   |
|   |  | (ণ) “নর্দমা” অর্থ ভূ-নিম্নস্থ নর্দমা, সড়ক বা বাড়িঘরের নর্দমা, পয়ঃনালী, সুড়ঙ্গ, কালভার্ট, পরিখা, নালা, খাল, প্রণালী, খানা, এবং বৃষ্টির পানি ও নোংরা পানি বহনের জন্য অন্য যে কোন প্রকার ব্যবস্থাও ইহার অন্তর্ভুক্ত হইবে;   |
|   |  | (ত) “প্রবিধান” অর্থ এই আইনের অধীনে প্রণীত প্রবিধান;  |
|   |  | (থ) “বিধি” অর্থ এই আইনের অধীনে প্রণীত বিধি;  |
|   |  | (দ) “সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ” অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৫২(১) এ সংজ্ঞায়িত কোন সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ;   |
| (i) “Secretary to the Authority” means the person for the time being appointed by the Authority to discharge the functions of Secretary to the Authority; | (ঝ) “কর্তৃপক্ষের সচিব” অর্থ কর্তৃপক্ষের সচিব হিসাবে দায়িত্ব পালনের জন্য নির্দিষ্ট সময়ের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগপ্রাপ্ত ব্যক্তি। | (ধ) “কর্তৃপক্ষের সচিব” অর্থ কর্তৃপক্ষের সচিব হিসাবে দায়িত্ব পালনের জন্য নির্দিষ্ট সময়ের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগপ্রাপ্ত ব্যক্তি।   |
|   |  | (ন) “অথরাইজড অফিসার” অর্থ এই আইনের অধীনে দায়িত্ব পালন ও ক্ষমতা প্রয়োগের জন্য সরকার কর্তৃক গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে The Building Construction Act,1952 (East Bengal Act No.II of 1953) অনুযায়ী নিয়োগকৃত অথরাইজড অফিসার;   |

| <p style="text-align: center;"><b>CHAPTER II</b><br/><b>Constitution of the Authority</b></p>  | <p style="text-align: center;">দ্বিতীয় অধ্যায়<br/>কর্তৃপক্ষ প্রতিষ্ঠা, ইত্যাদি</p>  | <p style="text-align: center;">দ্বিতীয় অধ্যায়<br/>কর্তৃপক্ষ প্রতিষ্ঠা, ইত্যাদি</p>   |
|--|---|--|
| <p><b>3. Establishment of the Authority-</b> (1) The Provincial Government may, by notification, establish an Authority to be known as the Khulna Development Authority for carrying out the purpose of the Ordinance.</p>   | <p>৩। কর্তৃপক্ষ গঠন।-(১) সরকার এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে প্রজ্ঞাপন দ্বারা খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ নামে একটি কর্তৃপক্ষ গঠন করিতে পারিবে।</p>  | <p>৩। কর্তৃপক্ষ প্রতিষ্ঠা।-(১) এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ নামে একটি কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হইবে।</p>   |
| <p>(2) The Authority shall be a body corporate, shall be entitled to acquire and hold property shall have perpetual succession and common seal, and shall by the said name sue and be sued.</p>  | <p>(২) কর্তৃপক্ষ একটি বিধিবদ্ধ সংস্থা হইবে, উহা সম্পত্তি অর্জন ও অধিকারে রাখিতে পারিবে, ইহার স্থায়ী ধারাবাহিকতা এবং একটি সাধারণ সিলমোহর থাকিবে এবং ইহা উক্ত নামে মামলা করিতে পারিবে এবং ইহার বিরুদ্ধেও মামলা করা যাইবে।</p> <p>(৩)</p> | <p>(২) কর্তৃপক্ষ একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে, উহা সম্পত্তি অর্জন ও অধিকারে রাখিতে পারিবে, ইহার স্থায়ী ধারাবাহিকতা এবং একটি সাধারণ সিলমোহর থাকিবে এবং ইহা উক্ত নামে মামলা করিতে পারিবে এবং ইহার বিরুদ্ধেও মামলা করা যাইবে।</p>   |
|  |   | <p>৩ (ক)। কর্তৃপক্ষের কার্যালয়।- কর্তৃপক্ষ তার আওতাধীন এলাকায় জনসেবা নিশ্চিতকল্পে সুবিধাজনক স্থানে একটি প্রধান কার্যালয় এবং এক বা একাধিক জোনাল অফিসসহ প্রয়োজনে যে কোন উন্নয়ন/ শাখা অফিস স্থাপন করিতে পারিবে, যাহা সময়ের সাথে প্রয়োজন অনুসারে স্থানান্তর, হ্রাস বৃদ্ধি করিতে পারিবে।</p> |
| <p>4(1) The Authority shall be a body consist of a chairman and such member of member or members not exceeding seven including a representative of the Directorate of Health Services, as may be appointed by the Provincial Government.</p> <p>(2) The term of office of the Chairman shall be not more than five years and that a Member three years, at a time;</p> <p>Provided that the Provincial Government may by notification in the official Gazette remove the Chairman or a Member at any time during the term of his office.</p> <p>(3) Any person ceasing to be the Chairman or Member by reason of the expiry of the term of his office may be reappointed for another term or for such shorter period as the Provincial Government may decide.</p> <p>(4) The Chairman may be either a whole time or part-time officer.</p> |   |  |

|   |  |  |       |
|---|--|--|-------|
| <b>Amendment Act of (February 22 of 1964)-</b><br><b>4. Chairman, Members, Terms</b><br>(1) The Authority shall consist of-   | <b>৪। চেয়ারম্যান, সদস্য, কার্যকাল।-</b><br>(১) কর্তৃপক্ষের গঠন নিম্নরূপ হইবে :-   | <b>৪। কর্তৃপক্ষ গঠন।-</b> (১) কর্তৃপক্ষের গঠন নিম্নরূপ হইবে :-   |       |
| (a) a Chairman to be appointed by the Provincial Government; Chairman.  | (ক) সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত একজন চেয়ারম্যান।   | (ক) সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত একজন চেয়ারম্যান।   |       |
|   |  | (খ) কর্তৃপক্ষের গঠন।- (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে কর্তৃপক্ষ গঠিত হইবে, যথা :  |       |
| (c) the Mayor of the Corporation, ex-officio; Do.<br>(d) a representative of the Bangladesh Railway to be nominated by the Government, ex-officio; Do.<br>(f) Superintending Engineer, Public Health Engineering, ex-officio; Do.<br>(g) a representative of the Chamber of Commerce and Industry to be appointed by Government from among a panel of three names to be nominated by the Khulna Chambers of Commerce; Do. | (গ) খুলনা পৌরসভার চেয়ারম্যান, পদাধিকার বলে- সদস্য<br>(ঘ) সরকার কর্তৃক মনোনীত বাংলাদেশ রেলওয়ের একজন প্রতিনিধি, পদাধিকার বলে- সদস্য<br>(চ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, পদাধিকার বলে সদস্য<br>(ছ) খুলনা চেম্বার অব কমার্স কর্তৃক মনোনীত তিন সদস্য বিশিষ্ট তালিকা হইতে সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত “চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রিজ” এর একজন প্রতিনিধি- সদস্য | সরকার কর্তৃক নিয়োগকৃত ৪(চার) জন সার্বক্ষণিক সদস্য যথা :-<br>(১) সদস্য (প্রশাসন ও অর্থ);<br>(২) সদস্য (এস্টেট);<br>(৩) সদস্য (উন্নয়ন ও পরিকল্পনা);<br>(৪) সদস্য (আইন ও বাস্তবায়ন); | সদস্য |
| (b) the Deputy Commissioner, Khulna, ex-officio; Member.  | (খ) জেলা প্রশাসক, খুলনা পদাধিকার বলে- সদস্য  | (গ) পদাধিকারবলে খুলনা, যশোর এবং বাগেরহাট এর জেলা প্রশাসক;  | সদস্য |
|   |  | (ঘ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অন্যান্য উপসচিব পর্যায়ের কর্মকর্তা;   | সদস্য |
|   |  | (ঙ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক মনোনীত গণপূর্ত অধিদপ্তরের একজন প্রতিনিধি যিনি তত্ত্বাবধায়ক প্রকৌশলীর নিচের পদমর্যাদার নহে;   | সদস্য |
| (e) a representative of the Khulna Port Trust to be nominated by the Port Trust; Member.  | (ঙ) খুলনা পোর্ট ট্রাস্ট কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি- সদস্য  | (চ) মংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান এর মনোনীত একজন প্রতিনিধি-   | সদস্য |
|   |  | (ছ) পুলিশ কমিশনার, খুলনা এর প্রতিনিধি (উপ-কমিশনার পদ মর্যাদার নিম্নে নয়)-   | সদস্য |
|   |  | (জ) পদাধিকার বলে পরিচালক, পরিবেশ অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, খুলনা;   | সদস্য |

|  |   |  |              |
|--|---|--|--------------|
| <p>(h) two members of the Khulna Municipal Committee to be elected by members of the Khulna Municipality; Do.</p>  | <p>(জ) খুলনা পৌরসভার সদস্য কর্তৃক নির্বাচিত<br/>খুলনা মিউনিসিপাল কমিটির দুইজন সদস্য সদস্য</p>   | <p>(ঝ) খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন খুলনা, মংলা ও নওয়াপাড়াস্থ এলাকায় অবস্থিত সিটি কর্পোরেশন/ পৌরসভার (প্রতিক্ষেত্রে এক জন করে) ০৩(তিন) জন প্রতিনিধি।</p>                           | <p>সদস্য</p> |
| <p>(i) not more than four Members to be appointed by the Provincial Government: Do.</p>  | <p>(ঝ) সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত অনূর্ধ্ব চারজন সদস্য সদস্য</p>  | <p>(ঞ) সরকার কর্তৃক মনোনীত ০৩(তিন) জন বিশিষ্ট নাগরিক, তন্মধ্যে অন্যান্য এক জন মহিলা হইবেন-</p>   | <p>সদস্য</p> |
| <p>Provided that if at any time the Municipal Committee is superseded under section 112 of the <u>Municipal Administration Ordinance, 1960</u>, the seats allotted to it under clauses (c) and (h) of this sub-section shall be deemed to have fallen vacant, and such vacancies shall be filled by the Provincial Government by appointment, by notification, and the persons so appointed shall hold office until the re-constitution of the Municipal Committee under the provisions of the said Ordinance:</p> <p>Provided further that at least two of the persons so appointed shall be tax-payers of the Municipal Committees.</p>  | <p>তবে শর্ত থাকে যে, যদি কোন সময় “ মিউনিসিপাল কমিটি ” “ মিউনিসিপাল এ্যডমিনিস্ট্রেশন অর্ডিন্যান্স, ১৯৬০ ” এর ধারা ১১২ নম্বর ধারা মোতাবেক রহিত হয় তবে এই উপধারা (গ) ও (জ) এর অধীন সৃষ্ট সদস্য পদ সমূহ শূণ্য বলিয়া বিবেচিত হইবে এবং সরকার প্রজ্ঞাপন দ্বারা উক্ত শূণ্য পদগুলি নিয়োগের মাধ্যমে পূরণ করিবে এবং এইরূপ নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ এই অধ্যাদেশের বিধান অনুযায়ী মিউনিসিপাল কমিটি পুনঃ গঠিত না হওয়া পর্যন্ত সদস্য পদে বহাল থাকিবেন :</p> <p>আরও শর্ত থাকে যে, এইরূপ নিয়োগপ্রাপ্ত অন্যান্য দুইজন ব্যক্তিকে মিউনিসিপাল কমিটির কর-দাতা হইতে হইবে।</p> |  |              |
| <p>(2) The term of office of the Chairman shall be not more than five years and that of a Member except ex-officio Members three years, at a time:</p> <p>Provided that the Government may by notification in the official Gazette remove the Chairman or a Member at any time during the term of his Office.</p> <p>(2A) Notwithstanding anything contained in this Ordinance the terms of office of the Chairman and the Members who are holding office as such immediate before the date commencement of the Khulna Development Authority (Amendment) Act, 1964, shall be deemed to have expired with the constitution of the Authority in accordance with the provisions of this ordinance as amended by the Khulna Development Authority (Amendment) Act, 1964.</p> | <p>(২) চেয়ারম্যানের কার্যকাল হইবে একাধারে অনূর্ধ্ব পাঁচ বৎসর এবং সদস্যদের কার্যকাল হইবে তিন বৎসর :</p> <p>তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় সরকারী গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে চেয়ারম্যান বা সদস্যকে তাহাদের কার্যকালীন সময়ে অপসারণ করিতে পারিবে।</p> <p>(২ক) এই অধ্যাদেশে যাহা কিছুই থাকুক না কেন, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (সংশোধনী) আইন, ১৯৬৪ এর প্রবর্তনের পূর্বে চেয়ারম্যান ও সদস্যবৃন্দের কার্যকাল, এই অধ্যাদেশের বিধান অনুযায়ী কর্তৃপক্ষ গঠনের সংগে সংগে অতিক্রান্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে। ]*</p>  | <p>(২) চেয়ারম্যান এবং উপ-ধারা (১) এর দফা (খ) তে উল্লিখিত সদস্যগণ কর্তৃপক্ষের সার্বক্ষণিক কর্মকর্তা হইবেন এবং সরকার কর্তৃক নির্ধারিত শর্তে ৩ বৎসর মেয়াদের জন্য প্রেষণে নিযুক্ত হইবেন।</p> |              |
| <p>(3) Any person ceasing to be the Chairman or Member by reason of the expiry of the term of his office may be reappointed for another term or for such shorter period as the Provincial Government may decide.</p>   | <p>(৩) মেয়াদ অতিক্রান্ত হইবার কারণে কোন ব্যক্তির চেয়ারম্যান বা সদস্য পদ অবসান হইলে সরকার যেইরূপ সিদ্ধান্ত গ্রহণ করিবেন, উক্ত ব্যক্তি সেইরূপ পূর্ণ বা সংক্ষিপ্ত মেয়াদকালের জন্য পুনঃ নিয়োগপ্রাপ্ত হইতে পারিবেন।</p>  | <p>(৩) কোন ব্যক্তি একাধিক্রমে বা অন্য কোনভাবে ২(দুই) মেয়াদের বেশী সময়ের জন্য চেয়ারম্যান বা সার্বক্ষণিক সদস্য হিসেবে নিয়োগ লাভের যোগ্য হইবেন না।</p>                                    |              |

|   |   |   |
|---|---|---|
|   |   | (৪) সরকার, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা, যে কোন সময়, চেয়ারম্যান বা উপ-ধারা (১) এর দফা (খ) তে উল্লিখিত কোন সদস্যকে অব্যাহতি প্রদান করিতে পারিবে।  |
|   |   | (৫) উপ-ধারা (১) এর দফা (এ৩) তে উল্লিখিত সদস্যগণ মনোনয়নের তারিখ হইতে ৩(তিন) বৎসর মেয়াদের জন্য এবং সময়ে, স্থায় পদে বহাল থাকিবেন ;<br>তবে শর্ত থাকে যে, সরকার, প্রয়োজনবোধে, যে কোন সময় উক্ত দফা (এ৩) তে উল্লিখিত মনোনীত সদস্যগণকে মেয়াদ শেষ হইবার পূর্বে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে অব্যাহতি প্রদান করিতে পারিবে।            |
|   |   | (৬) উপ-ধারা (১) এর দফা (এ৩) তে উল্লিখিত কোন সদস্য সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে তাহার পদ ত্যাগ করিতে পারিবেন।  |
|   |   | (৭) চেয়ারম্যানের পদ শূন্য হইলে কিংবা তাঁহার অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে চেয়ারম্যান তাঁহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে, শূন্য পদে নতুন চেয়ারম্যান কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা চেয়ারম্যান পুনরায় সক্রিয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত সরকার কর্তৃক মনোনীত কোন সদস্য চেয়ারম্যানরূপে দায়িত্ব পালন করিবেন। |
| (4) The Chairman may be either a whole-time or a part-time officer.   | (৪) চেয়ারম্যান পূর্ণ বা খন্ডকালীন কর্মকর্তা হইতে পারিবেন।  | -   |
|   |   | (৪) কর্তৃপক্ষের প্রধান নির্বাহী।- চেয়ারম্যান কর্তৃপক্ষের প্রধান নির্বাহী হইবেন এবং তিনি-<br>(ক) এই আইন এবং তদধীন প্রণীত বিধি ও প্রবিধান অনুসারে কর্তৃপক্ষের প্রশাসন পরিচালনার জন্য দায়ী থাকিবেন; এবং<br>(খ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগও কার্যাবলী সম্পাদন করিবেন।   |
| <b>5. Remuneration and condition of service of Chairman and Members</b><br>(1) The Chairman shall receive such monthly salary and allowances as may be fixed by the Provincial Government and be subject to such conditions of service as may be <b>prescribed</b> and shall perform such duties as are assigned to him under this Ordinance or rules made under. | <b>৫। চেয়ারম্যান ও সদস্যদের পারিশ্রমিক ও চাকুরীর শর্তাবলী। -</b><br>(১) চেয়ারম্যান সরকার কর্তৃক নির্ধারিত মাসিক বেতন ও ভাতাদি পাইবেন এবং নির্ধারিত চাকুরীর নির্ধারিত শর্তাবলী তাঁহার ক্ষেত্রে প্রযোজ্য হইবে এবং তিনি এই অধ্যাদেশ অথবা তদধীনে প্রণীত বিধিমালা মোতাবেক তাঁহার উপর অর্পিত দায়িত্ব পালন করিবেন।<br>(২) | <b>৫। চেয়ারম্যান ও সদস্যদের পারিশ্রমিক ও চাকুরীর শর্তাবলী। -</b> (১) চেয়ারম্যান ও সার্বক্ষণিক সদস্য সরকার কর্তৃক নির্ধারিত মাসিক বেতন ও ভাতাদি পাইবেন এবং নির্ধারিত চাকুরীর নির্ধারিত শর্তাবলি প্রযোজ্য হইবে এবং এই আইন অথবা তদধীনে প্রণীত বিধিমালা মোতাবেক অর্পিত দায়িত্ব পালন করিবেন।  |
| (2) Every Member shall be entitled to receive such fee or allowance for attending the meetings of the Authority, as may be <b>prescribed</b> .  | (২) প্রত্যেক সদস্য কর্তৃপক্ষের সভায় উপস্থিতির জন্য নির্ধারিত হারে ফি অথবা ভাতা প্রাপ্ত হইবেন।  | (২) প্রত্যেক সদস্য কর্তৃপক্ষের বোর্ড সভায় উপস্থিতির জন্য সরকার কর্তৃক নির্ধারিত হারে ফি অথবা ভাতা প্রাপ্ত হইবেন। চেয়ারম্যান, সরকার কর্তৃক নিয়োগকৃত সার্বক্ষণিক সদস্য, পদাধিকারবলে সদস্যসহ অস্থায়ী সহযোগী সদস্য সকলেই এর অন্তর্ভুক্ত হইবে।   |
| <b>6. Resignation of Chairman, or Members</b><br>The Chairman or any Member may at any time resign, provided that his resignation shall not take effect until accepted by the Provincial Government.  | <b>৬। চেয়ারম্যান বা সদস্যের পদত্যাগ।-</b><br>চেয়ারম্যান অথবা কোন সদস্য যে কোন সময়ে পদত্যাগ করিতে পারিবেন ;<br>তবে শর্ত থাকে যে, ঐ পদত্যাগ সরকার কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত কার্যকর হইবে না।   | <b>৬। চেয়ারম্যান বা সদস্যের পদত্যাগ।-</b> চেয়ারম্যান অথবা কোন সদস্য যে কোন সময়ে পদত্যাগ করিতে পারিবেন ;<br>তবে শর্ত থাকে যে, ঐ পদত্যাগ সরকার কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত কার্যকর হইবে না।  |

|  |  |  |
|--|--|--|
| <p><b>7. Removal of Chairman or Member</b><br/>(1) A person shall be disqualified for being appointed Chairman or Member of the Authority; if he-</p>  | <p>৭। চেয়ারম্যান বা সদস্যের অপসারণ।-<br/>(১) কর্তৃপক্ষের চেয়ারম্যান অথবা সদস্য পদে নিয়োগ প্রাপ্তির জন্য একজন ব্যক্তি অযোগ্য হইবেন, যদি তিনি-</p>  | <p>৭। অযোগ্যতা ও অপসারণ।- (১) কোন ব্যক্তি সদস্য হিসাবে দায়িত্ব পালন করিতে পারিবেন না যিনি-</p>  |
| <p>(a) has been declared insolvent; or</p>   | <p>ক) দেউলিয়া ঘোষিত হইয়া থাকেন; অথবা</p>   | <p>(ক) বাংলাদেশের নাগরিক না হন;</p>  |
| <p>(b) has been declared to be disqualified for employment in, or has been dismissed from the service of Pakistan or has been convicted of an offence involving moral turpitude; or</p>  | <p>(খ) বাংলাদেশের চাকুরীতে নিয়োগ লাভের অযোগ্য ঘোষিত হইয়াছেন, অথবা চাকুরী হইতে বরখাস্ত হইয়াছেন অথবা নৈতিকস্বলনের অপরাধে দণ্ডপ্রাপ্ত হইয়াছেন; অথবা</p>   | <p>-</p>   |
|  |  | <p>(খ) কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া বা অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষিত হন;</p>   |
|  |  | <p>(গ) নাবালক বা অপ্রাপ্ত বয়স্ক ব্যক্তি হন;</p>   |
|  |  | <p>(ঘ) শারীরিক বা মানসিক অসামর্থ্যের কারণে দায়িত্ব পালনে অক্ষম হন;</p>  |
|  |  | <p>(ঙ) কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ খেলাপি হিসাবে ঘোষিত হন;</p>   |
| <p>(c) has knowingly acquired or continued to hold, without the permission in writing of the Provincial Government, directly or indirectly or through a partner any share or interest in any contract or employment with or by or on behalf of the Authority, or in any land or property which, in his knowledge, is likely to benefit him or has benefited him as a result of the operation of the Authority.</p>   | <p>(গ) জ্ঞাতসারে সরকারের লিখিত অনুমতি ব্যতিরেকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অথবা অংশীদারের মাধ্যমে কোন অংশ বা কোন চুক্তি হইতে প্রাপ্ত সুবিধা বা চাকুরীর মাধ্যমে প্রাপ্ত আর্থিক সুবিধা অথবা কর্তৃপক্ষ কর্তৃক অথবা কর্তৃপক্ষের পক্ষে, অথবা কোন জমি বা সম্পত্তি যাহা তাঁহার জ্ঞানমতে তাঁহাকে লাভবান করিতে পারে অথবা কর্তৃপক্ষের কার্যকারণের ফলে তিনি লাভবান হইবেন বা হইয়াছেন।</p>  | <p>(চ) কর্তৃপক্ষের স্বার্থ সংশ্লিষ্ট কোন পেশা বা ব্যবসার সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত হন।</p>  |
| <p>(2) No person shall be disqualified as aforesaid, or be deemed to have any share or interest in such contract or employment as aforesaid, by reason only of having a share or interest in-</p> <p>(i) any sale, purchase, lease, or exchange of land or any agreement for the same; or</p> <p>(ii) any agreement for the loan of money, or any security for the payment of money only; or</p> <p>(iii) any newspapers in which any advertisement relating to the affairs of the Authority is inserted; or</p> <p>(iv) the occasional sale to the Authority, to a value not exceeding two thousand Rupees in any one financial year, of any article in which he trades; or by reason only of his having a share or interest, otherwise than as director, secretary, manager or other salaried officer, in any incorporated company which has any share or interest in any contract or employment with, by, or on behalf of, the Authority.</p> | <p>(২) কেবল শেয়ার বা স্বার্থ আছে এই কারণে কোন ব্যক্তি পূর্বেক্ত মতে অযোগ্য হইবেন না অথবা কোন শেয়ার বা এইরূপ চুক্তির সুবিধা বা চাকুরীর মাধ্যমে আর্থিক সুবিধা প্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন।</p> <p>(i) যে কোন ক্রয়- বিক্রয়, ইজারা অথবা জমি বিনিময় অথবা অনুরূপ কোন চুক্তিপত্র; অথবা</p> <p>(ii) অর্থ ঋণের উদ্দেশ্যে যে কোন চুক্তিপত্র অথবা শুধুমাত্র অর্থ পরিশোধের লক্ষ্যে যে কোন জামানত; অথবা</p> <p>(iii) যে কোন সংবাদপত্র যেখানে কর্তৃপক্ষের বিষয়াদি সম্পর্কে বিজ্ঞাপন প্রচারিত হয়; অথবা</p> <p>(iv) যে পণ্যের তিনি ব্যবসা করেন এমন পণ্য যাহার মূল্য একই অর্থ বৎসরে অনধিক দুই হাজার টাকা অথবা কর্তৃপক্ষের নিকট সাময়িক বিক্রয় অথবা শুধুমাত্র এই কারণে যে, তিনি কোন নিবন্ধিত কোম্পানীর পরিচালক, সচিব, ব্যবস্থাপক অথবা কোন বেতনভুক্ত কর্মকর্তা পদে কর্মরত থাকা ছাড়াও উক্ত কোম্পানীর কোন শেয়ার বা স্বার্থ ভোগ করেন অথবা কর্তৃপক্ষের কোন প্রকার শেয়ার বা স্বার্থ ভোগ করেন, যাহার সহিত কর্তৃপক্ষের দ্বারা অথবা কর্তৃপক্ষের</p> | <p>(২) এই ধারার অধীন অপসারিত কোন ব্যক্তি কর্তৃপক্ষের চেয়ারম্যান বা সার্বক্ষণিক সদস্য হিসেবে বা সরকারের বা সরকারি সংস্থার বা কর্তৃপক্ষের অন্য কোন পদে নিয়োজিত বা পুনর্নিয়োজিত হইতে পারিবেন না।</p> |



|   |  |   |
|---|--|---|
|   | পক্ষ হইতে স্বাক্ষরিত চুক্তির মাধ্যমে শেয়ার বা স্বার্থ বিদ্যমান থাকে।  |   |
| <b>8. Filling of casual vacancies</b><br>If the Chairman or any Member is granted leave or any one of them dies, resigns, or is removed from office, the Provincial Government may appoint a Chairman, or Member, as the case may be, for the period of absence or remainder of the term, as the case may be. | <b>৮। সাময়িক শূন্য পদ পূরণ।-</b><br>যদি চেয়ারম্যান বা কোন সদস্যকে ছুটি মঞ্জুর করা হয় অথবা যদি কেহ মৃত্যুবরণ করেন, পদত্যাগ করেন অথবা পদ হইতে অপসারিত হন তাহা হইলে সরকার ক্ষেত্রমতে চেয়ারম্যান অথবা সদস্য পদে অনুপস্থিতকালীন সময়ের জন্য অথবা কার্যকালের অবশিষ্ট সময়ের জন্য নিয়োগ প্রদান করিতে পারিবে। | <b>৮। সাময়িক শূন্য পদ পূরণ।-</b> যদি চেয়ারম্যান বা কোন সদস্যকে ছুটি মঞ্জুর করা হয় অথবা যদি কেহ মৃত্যুবরণ করেন, পদত্যাগ করেন অথবা পদ হইতে অপসারিত হন তাহা হইলে সরকার ক্ষেত্রমতে চেয়ারম্যান অথবা সদস্য পদে অনুপস্থিতকালীন সময়ের জন্য অথবা কার্যকালের অবশিষ্ট সময়ের জন্য নিয়োগ প্রদান করিতে পারিবে। |
| <b>9. Meetings of the Authority</b><br>(1) The Authority shall meet at such time and place and in such manner, as may be <b>prescribed:</b><br><br>Provided that until rules are made in this behalf such meetings shall be convened by the Chairman.   | <b>৯। কর্তৃপক্ষের সভার কার্যপ্রণালী।-</b><br><b>(১) কর্তৃপক্ষ, নির্ধারিত সময়, স্থান ও পদ্ধতিতে সভায় মিলিত হইবে :</b><br><br>তবে শর্ত থাকে যে, এতদুদ্দেশ্যে বিধিমালা প্রণীত না হওয়া পর্যন্ত চেয়ারম্যান সভা আহ্বান করিবেন।   | <b>৯। কর্তৃপক্ষের সভা।-</b> (১) এই আইনের বিধানাবলী সাপেক্ষে, কর্তৃপক্ষ উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিবে।  |
| (2) The Chairman, or in his absence, a Member authorized by the Chairman, and two other Members shall be present to constitute a quorum at a meeting of the Authority.  | <b>(২) চেয়ারম্যান অথবা তাঁহার অনুপস্থিতিতে চেয়ারম্যান কর্তৃক দায়িত্ব প্রাপ্ত কোন সদস্য এবং অপর দুইজন সদস্যের উপস্থিতিতে কর্তৃপক্ষের সভার কোরাম পূর্ণ হইবে।</b>  | <b>(২) চেয়ারম্যান, কর্তৃপক্ষের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে তদকর্তৃক মনোনীত কোন সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।</b>   |
|   |  | <b>(৩) কর্তৃপক্ষের সভায় কোরামের জন্য দুই-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে।</b>  |
|   |  | <b>(৪) প্রতি ০৩(তিন) মাসে কর্তৃপক্ষের অন্যান্য একটি সভা অনুষ্ঠিত হইবে এবং সভার তারিখ, সময় ও স্থান চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত হইবেঃ</b><br>তবে শর্ত থাকে যে, যে কোন সময় জরুরী সভা আহ্বান করা যাইবে।  |
|   |  | <b>(৫) কর্তৃপক্ষের সভায় সিদ্ধান্ত গ্রহণে প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী সদস্যের দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের অধিকার থাকিবে।</b>  |
|   |  | <b>(৬) কেবল কোন সদস্য পদে শূন্যতা বা কর্তৃপক্ষ গঠনে ত্রুটি থাকিবার কারণে কর্তৃপক্ষের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না বা তৎসম্পর্কে কোন প্রশ্ন বা আপত্তি উত্থাপন করা যাইবে না।</b>   |
|   |  | <b>(৭) প্রত্যেক সভার কার্যবিবরণী স্বাক্ষরিত হইবার অনধিক ৩০(ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট উহার অনুলিপি প্রেরণ করিতে হইবে।</b>  |
| <b>10. Temporary Association of Members</b><br>(1) The Authority may associate with itself any person whose assistance or advice it may desire in carrying out any of the provisions of the Ordinance or rules there under.   | <b>১০। অস্থায়ী সহযোগী সদস্য।-</b><br><b>(১) এই অধ্যাদেশ অথবা তদধীনে প্রণীত বিধিমালার বিধানসমূহ বাস্তবায়নের লক্ষ্যে কর্তৃপক্ষ ইচ্ছা করিলে পূর্ণাঙ্গ সহযোগিতা বা পরামর্শের জন্য যে কোন ব্যক্তির সহযোগিতা গ্রহণ করিতে পারিবে।</b>   | <b>১০। অস্থায়ী সহযোগী সদস্য।-</b> (১) এই আইন অথবা তদধীনে প্রণীত বিধিমালার বিধানসমূহ বাস্তবায়নের লক্ষ্যে চেয়ারম্যান ইচ্ছা করিলে পূর্ণাঙ্গ সহযোগিতা বা পরামর্শের জন্য যে কোন ব্যক্তির সহযোগিতা গ্রহণ করিতে পারিবে।   |

|  |   |  |
|--|---|--|
|  | (২)   |  |
| (2) Any person associated with itself by the Authority for any purpose shall have a right to take part in the discussions of the Authority but shall exercise no vote. An associate Member may be given such fee or allowance, as may be prescribed.   | (২) যে কোন উদ্দেশ্যে কর্তৃপক্ষের সহিত সংযুক্ত কোন ব্যক্তি কর্তৃপক্ষের সহিত আলোচনার অধিকার ভোগ করিবে তবে তিনি ভোটাধিকার প্রয়োগ করিতে পারিবেন না। সহযোগী সদস্য নির্ধারিত হারে ফি বা ভাতা প্রাপ্য হইবেন।  | (২) যে কোন উদ্দেশ্যে কর্তৃপক্ষের সহিত সংযুক্ত কোন ব্যক্তি কর্তৃপক্ষের সহিত আলোচনার অধিকার ভোগ করিবে তবে তিনি ভোটাধিকার প্রয়োগ করিতে পারিবেন না। সহযোগী সদস্য নির্ধারিত হারে ফি বা ভাতা প্রাপ্য হইবেন। |
| <b>11. Indemnity</b><br>No act done or proceeding taken under this Ordinance shall be questioned on the ground merely of -<br>(a) the existence of any vacancy in, or any defect in the establishment of the Authority; or<br>(b) any omission, defect or irregularity not affecting the merits of the case.   | <b>১১। দায় মুক্তি।</b> -এই অধ্যাদেশের আওতায় সম্পাদিত কোন কাজ বা কার্যক্রম শুধুমাত্র নিম্নোক্ত অজুহাতে কোন প্রকার প্রশ্নের সম্মুখীন হইবে না-<br>(ক) কর্তৃপক্ষের কোন পদ শূন্য থাকিলে অথবা কর্তৃপক্ষের গঠন প্রক্রিয়ায় কোন ত্রুটি থাকিলে; অথবা<br>(খ) কোন প্রকার বিচ্যুতি, ত্রুটি বা অনিয়ম যাহা মূল বিষয়ের গুরুত্বকে প্রভাবিত করে না। | -  |
| <b>12. Power to make and perform contracts</b><br>The Authority may enter into and perform all such contracts as they may consider necessary or expedient for carrying out any of the purposes of this Ordinance   | <b>১২। চুক্তি প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষমতা।</b> -এই অধ্যাদেশে উদ্দেশ্য সাধনের লক্ষ্যে কর্তৃপক্ষ প্রয়োজনীয় বা সমীচীন বিবেচনা করিলে এইরূপ সকল চুক্তি সম্পাদন এবং উহার বাস্তবায়ন করিতে পারিবে।   | -  |
| 13(1) Every such contract shall be made on behalf of the Authority by the Chairman:<br>Provided that-<br>(a) a contract involving an expenditure exceeding one thousand rupees and not exceeding two lakhs of rupees shall not be made by the Chairman without the previous sanction of the Authority; and<br>(b) a contract involving an expenditure exceeding two lakhs of rupees shall not be made by the Chairman without the previous sanction of the Authority and the Provincial Government.<br>(2) Every estimate for the expenditure of any sum for carrying out any of the purposes of this Ordinance, empowered by sub-section (1) to make or sanction the making of a contract involving the expenditure of a like sum.<br>(3) Sub-section (1) and (2) shall apply to every variation or abandonment of a contract or estimate, as well as to be an original contract of estimate. |   |  |

|  |   |   |
|--|---|---|
| <p><b>Amendment (september 2 of 1976)-</b><br/> <b>13. Execution of contracts and approval of Estimate</b><br/> (1) Every such contract shall be made by the chairman on behalf of the Authority ;</p> <p>Provided that a contract involving expenditure exceeding Taka Five lakhs shall not be made the Chairman without the previous sanction of the Authority.</p> <p>(2) Every estimate for expenditure of a sum for carrying out the purposes of this Ordinance, all specifications of work and of the material or goods to be supplied and the conditions of the contract shall be approved,-<br/> (a) where the expenditure involved does not exceed Taka five lakhs, by the Chairman; and<br/> (b) in other cases, by the Authority.<br/> (3) Sub sections (1) and (2) shall apply to every variation or abandonment of a contract or estimate as well as to an original contract or estimate.</p> | <p>১৩। চুক্তি প্রণয়ন।-</p> <p>(১) কর্তৃপক্ষের পক্ষ হইতে চেয়ারম্যান কর্তৃক এইরূপ প্রতিটি চুক্তিপত্র প্রণীত হইবে :</p> <p>তবে শর্ত থাকে যে, চেয়ারম্যান পাঁচ লক্ষ টাকার উর্দ্বের ব্যয় সংশ্লেষ সম্পন্ন কোন চুক্তি কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতিরেকে সম্পাদন করিবেন না।</p> <p>(২) এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে প্রত্যেক ব্যয়ের প্রাক্কলন, সকল কাজের সুনির্দিষ্ট বিবরণ এবং সরবরাহযোগ্য সামগ্রী বা মালামাল এবং চুক্তির শর্তাবলী নিম্নোক্ত ভাবে অনুমোদিত হইবে-</p> <p>(ক) ব্যয়ের সংশ্লেষ পাঁচ লক্ষ টাকার অধিক না হইলে চেয়ারম্যান কর্তৃক; এবং<br/> (খ) অন্যান্য ক্ষেত্রে, কর্তৃপক্ষ কর্তৃক।</p> <p>(৩) উপধারা (১) এবং (২) এর প্রতিটি চুক্তির অথবা প্রাক্কলনের প্রতিটি পরিবর্তন অথবা বাতিল এবং মূল চুক্তি অথবা প্রাক্কলনের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।</p> | - |
| <p><b>14. Further provisions as to execution of contracts, and provisions as to seal of authority</b><br/> (1) Every contract made by the Chairman on behalf of the Authority shall be entered into in such manner and forms as would bind the Chairman if such contract were made on his own behalf, except that the common seal of the Authority shall be used; and every such contract may in the like manner and form be varied or discharged.</p>   | <p>১৪। চুক্তি বাস্তবায়ন এবং কর্তৃপক্ষের সিলমোহর ব্যবহারের আরও বিধান।-</p> <p>কর্তৃপক্ষের পক্ষ হইতে চেয়ারম্যান কর্তৃক সম্পাদিত এইরূপ প্রতিটি চুক্তিপত্র এমন প্রক্রিয়া ও ফরমে উপনীত হইতে হইবে যাহাতে চেয়ারম্যান নিজের পক্ষ হইতে উহা সম্পাদন করিয়াছেন এমন দায়বদ্ধতা থাকে। ইহা ছাড়া কর্তৃপক্ষের সাধারণ সিলমোহর ব্যবহার ব্যতীত এবং প্রতিটি চুক্তি একই প্রক্রিয়া ও ফরমে পরিবর্তন বা বাতিল করা যাইতে পারে।</p>   | - |
| <p>(2) Every contract for the execution of any work or the supply of any materials or goods shall be in writing and shall be sealed.</p>   | <p>(২) কোন কাজ বাস্তবায়নের জন্য অথবা সামগ্রী বা মালামাল সরবরাহের জন্য প্রতিটি চুক্তি লিখিত ও সিলমোহরকৃত হইতে হইবে।</p>   |   |
| <p>(3) The common seal of the Authority shall remain in the custody of the Secretary to the Authority and shall not be affixed to any contract or other instrument except in the presence of a Member (other than the Chairman), who shall attach his signature to the contract or instrument in token that the same was sealed in his presence.</p>   | <p>(৩) কর্তৃপক্ষের সিলমোহর কর্তৃপক্ষের সচিবের হেফাজতে থাকিবে এবং একজন সদস্যের উপস্থিতি ব্যতীত উহা কোন চুক্তি বা অন্য কোন দলিলে ব্যবহার করা যাইবে না ( চেয়ারম্যান ব্যতীত যিনি সদস্য চুক্তি বা দলিলে প্রতীক স্বরূপ তাহার স্বাক্ষর সংযুক্ত করিবেন যাহাতে প্রতীয়মান হইবে যে তাহার উপস্থিতিতেই সিলটি মোহরাক্ষিত করা হইয়াছে)।</p>  |   |
| <p>(4) The signature of the said Member shall be in addition to the signature of any witness to the execution of such contract or instrument.</p>  | <p>(৪) উল্লিখিত সদস্যের স্বাক্ষর এইরূপ চুক্তি বা দলিলের কোন সাক্ষীর স্বাক্ষরের অতিরিক্ত হিসাবে ধর্তব্য হইবে।</p>  |   |
| <p>(5) A contract not executed as provided in this section shall not be binding on the Authority.</p>  | <p>(৫) এই ধারার বিধান মতে কোন চুক্তি সম্পাদিত না হইলে ইহার দায় কর্তৃপক্ষের জন্য বাধ্যকর হইবে না।</p>   |   |

|   |  |   |
|---|--|---|
| <p><b>15(1)</b> At least seven days before the Chairman enters into any contracts for the execution of any work or the supply of any materials or goods which will involve an expenditure not exceeding one thousand rupees, or atleast fourteen days before entering into such contract involving an expenditure exceeding one thousand rupees, he shall give notice, by advertisement in loacal newspapers inviting tenders for the same.</p> <p>(2) In every such case, the Chairman shall place before the Authority the specifications, conditions and estimates and all the teners recieve specifying the particular tender (if any), which he proposed to accept.</p> <p>(3) In every case in which the acceptance of a tender would involve an expenditure exceeding two lakhs rupees, the Authority shall submit to the Provincial Government the specifications, conditions and estimates, and all the tenders recieved, specifying the particular tender (if any) the acceptance of which they proposed to sanction.</p> <p>(4) Neither the Authority, nor the Provincial Government shall be bound to sanction the acceptance of any tender which has been made; but the Authority willing the pecuniry limits of their powes, as prescribed in sub-section(1) of section 13, or the Provincial Government may santion the acceptance of any of such tenders which appers to them, upon a view of all the circumstances, to be the most advantages, or any direct the rejection of all the tenders submitted to them.</p> |  |   |
| <p><b>Ammendment (september 2 of 1976)-</b><br/> <b>15. Tenders</b></p> <p>(1) No contract shall be made for execution of any work or for supply of any material or goods without inviting tenders in respect thereof by notice published in local newspapers.</p> <p>(2) The time to be stipulated in the notice for submission of a tender under sub-section (1) shall be,-</p> <p>(a) in a case where the work to be executed or the material or goods to be supplied involves an expenditure not exceeding Taka ten thousand, not less than seven days; and</p> <p>(b) in all other cases, fourteen days.</p>   | <p><b>১৫। টেন্ডার।-</b></p> <p>(১) স্থানীয় সংবাদপত্রে টেন্ডার আহবান না করিয়া কোন কাজের বাস্তবায়ন বা কোন সামগ্রী বা মালামাল সরবরাহ সংক্রান্ত কোন চুক্তি প্রণয়ন বা স্বাক্ষর করা যাইবে না।</p> <p>(২) উপধারা (১) এর অধীন টেন্ডার নোটিশ টেন্ডার গ্রহণের সময় নিম্নরূপে নির্ধারিত হইবে;</p> <p>(ক) যেইক্ষেত্রে বাস্তবায়নযোগ্য কাজের অথবা সামগ্রী বা মালামাল সরবরাহের ব্যয়যোগ্য অর্থের পরিমাণ দশ হাজার টাকার উর্দে নয় সেইক্ষেত্রে অনধিক সাতদিন; এবং</p> <p>(খ) অন্যান্য সকল ক্ষেত্রে চৌদ্দ দিন।</p> | - |

|  |   |  |
|--|---|--|
| <p>(3) A tender submitted under sub-section (1) may be accepted by the Chairman but, in a case where the expenditure involved in the work to be executed or the material or goods to be supplied exceeds Taka five lakhs, the tender shall not be accepted by him without the prior approval of the Authority.</p> <p>(4) The provisions of this section shall not be construed as requiring the acceptance by the Chairman or approval by the Authority of a tender; and the Chairman, where necessary with the approval of the Authority, may-</p> <p>(a) accept any tender which appears to him, in consideration of all circumstances, to be the most advantageous, or</p> <p>(b) reject all the tenders submitted to him.</p> | <p>(৩) উপধারা(১) এর অধীন দাখিলকৃত টেন্ডার চেয়ারম্যান গ্রহণ করিতে পারিবেন, কিন্তু যেইক্ষেত্রে কাজ বা সামগ্রী বা মালামাল সরবরাহের অর্থ ব্যয়ের পরিমাণ পাঁচ লক্ষ টাকার উর্দে সেইক্ষেত্রে কর্তৃপক্ষের প্রাক-অনুমোদন ব্যতিরেকে তিনি উক্ত টেন্ডার গ্রহণ করিতে পারিবেন না।</p> <p>(৪) এই বিধান, চেয়ারম্যান কর্তৃক টেন্ডার গ্রহণের বা কর্তৃপক্ষের অনুমোদনের ক্ষেত্রে অপরিহার্য বলিয়া বিবেচিত হইবে না এবং চেয়ারম্যান যেইক্ষেত্রে আবশ্যিক বলিয়া মনে করিবেন সেইক্ষেত্রে কর্তৃপক্ষের বিনা অনুমোদনে তিনি-</p> <p>(ক) সকল বিষয় বিবেচনা করিয়া, যে কোন টেন্ডার, সর্বাধিক সুবিধাজনক বলিয়া তাঁহার নিকট প্রতীয়মান হইলে, গ্রহণ করিতে পারিবেন;</p> <p>(খ) তাঁহার নিকট দাখিলকৃত সকল টেন্ডার বাতিল করিতে পারিবেন।</p> |  |
| <p><b>16. Security for performance of contract</b><br/>The Chairman shall take sufficient security for the due performance of every contract involving an expenditure exceeding one thousand rupees.</p>   | <p>১৬। চুক্তি সম্পাদনে জামানত। -<br/>অনধিক এক হাজার টাকা ব্যয় সংক্রান্ত প্রতিটি চুক্তির যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে চেয়ারম্যান উপযুক্ত জামানত গ্রহণ করিবেন।</p>  |  |
| <p><b>17. Supply of documents and information to the Provincial Government</b><br/>(1) The Chairman shall forward to the Provincial Government a copy of the minutes of the proceedings of each meeting of the Authority, within ten days from the date on which the minutes of the proceedings of such meeting were signed.</p>   | <p>১৭। সরকারের নিকট দলিল ও তথ্যাদি সরবরাহ। -<br/>(১) চেয়ারম্যান কর্তৃপক্ষের প্রতিটি সভার কার্যবিবরণীর অনুলিপি যেই তারিখে উক্ত কার্যবিবরণী স্বাক্ষরিত হইয়াছে তাহার দশ দিনের মধ্যে সরকারের নিকট প্রেরণ করিবেন।</p>  |  |
| <p>(2) If the Provincial Government so directs in any case, the Chairman shall forward to it a copy of all papers which were laid before the Authority for consideration at any meeting.</p>   | <p>(২) যদি সরকার কোন বিষয়ে এইরূপ কোন নির্দেশ প্রদান করে, তাহা হইলে সেই মোতাবেক চেয়ারম্যান কর্তৃপক্ষের সভায় বিবেচনার জন্য যে সমস্ত কাগজপত্র উপস্থাপন করা হইয়াছিল তাহার অনুলিপিও প্রেরণ করিবেন।</p>   |  |
| <p>(3) The Provincial Government may require the Chairman to furnish it with-</p> <p>(a) any return, statement, estimate, statistics or other information regarding any matter under the control of the Authority, or</p> <p>(b) a report on any such matter, or</p> <p>(c) a copy of any document in the charge of the Chairman.</p>  | <p>(৩) সরকার চেয়ারম্যানকে নিম্নোক্ত বিষয়াদি পেশ করিবার জন্য বলিতে পারে-</p> <p>(ক) কোন রিটার্ন, প্রতিবেদন, প্রাক্কলন, পরিসংখ্যান অথবা কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন কোন বিষয়ের সংশ্লিষ্ট তথ্যাবলী, অথবা</p> <p>(খ) সংশ্লিষ্ট বিষয়ের উপর বিবরণী, অথবা</p> <p>(গ) চেয়ারম্যানের নিয়ন্ত্রণাধীন যে কোন দলিলের অনুলিপি।</p>  |  |
| <p>(4) The Provincial Government at any time, cause an investigation to be made by an officer appointed in this behalf into the affairs of the Authority.</p>  | <p>(৪) সরকার যে কোন সময় এই লক্ষ্যে নিয়োগ প্রাপ্ত একজন অফিসারের মাধ্যমে কর্তৃপক্ষের কার্যক্রম সম্পর্কে তদন্ত পরিচালনা করিতে পারিবে।</p>  |  |

|  |  | তৃতীয় অধ্যায়<br>কর্তৃপক্ষের ক্ষমতা এবং কার্যাবলি  |
|--|--|---|
|  |  | ১১(ক)। কর্তৃপক্ষের ক্ষমতা ও কার্যাবলি।- এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কর্তৃপক্ষের ক্ষমতা ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :  |
|  |  | (১) ভূমির যৌক্তিক ব্যবহার নিশ্চিত করিয়া মহাপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;   |
|  |  | (২) মহাপরিকল্পনা (Master Plan) প্রণয়নের নিমিত্তে ভূমি জরিপ ও সমীক্ষা, গবেষণা পরিচালনা এবং তদসংশ্লিষ্ট সকল প্রকার তথ্য, উপাত্ত সংগ্রহ ও সংরক্ষণ;  |
|  |  | (৩) ভূমির উপর যে কোন প্রকৃতির অপরিকল্পিত উন্নয়ন নিয়ন্ত্রণ এবং আধুনিক ও আকর্ষণীয় বন্দর নগরী ও নগর পরিকল্পনা সংক্রান্ত বিভিন্ন উন্নয়নমূলক কার্যাবলি গ্রহণ;  |
|  |  | (৪) নির্দিষ্ট সীমানার মধ্যে বিধি বহির্ভূত স্থাপনা নির্মাণ নিয়ন্ত্রণ বা অপসারণ;   |
|  |  | (৫) অপরিকল্পিত, অপ্রশস্ত ও ঘিঞ্জি বসতি অপসারণক্রমে নতুন আবাসন প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন এবং উক্ত এলাকার বাসিন্দাদের পুনর্বাসনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;   |
|  |  | (৬) নিম্নবিত্ত, বস্তিবাসী এবং গৃহহীনদের আবাসন সমস্যার অগ্রাধিকার বিবেচনায় রাখিয়া উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও উহার বাস্তবায়ন;   |
|  |  | (৭) আধুনিক ও আকর্ষণীয় বন্দর নগর ও নগর পরিকল্পনার আওতায় বিভিন্ন নাগরিক সুবিধা তৈরি এবং উহার ধারাবাহিকতা সংরক্ষণ;   |
|  |  | (৮) কোন উন্নয়ন পরিকল্পনা গ্রহণ বা বাস্তবায়নের জন্য কর্তৃপক্ষের নিজস্ব ব্যয়ে দেশি-বিদেশি বা অন্য কোন স্থানীয় কর্তৃপক্ষ বা সরকারি সংস্থা বা প্রতিষ্ঠানের নিকট হইতে পরামর্শ বা সহযোগিতা গ্রহণ ও বাস্তবায়ন;                        |
|  |  | (৯) দেশি বা বিদেশি ব্যক্তি, সরকারি বা সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ভিত্তিতে বিনিয়োগ কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন;   |
|  |  | (১০) আধুনিক ও আকর্ষণীয় বন্দর নগর ও নগর সংক্রান্ত সেমিনার, সিম্পোজিয়াম ও ওয়ার্কশপের আয়োজন;   |
|  |  | (১১) ভৌত অবকাঠামো নির্মাণ, বিনোদন ও সেবামূলক সুযোগ-সুবিধা সৃষ্টি এবং নিজস্ব সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষের ওয়েবসাইট ও অন্যান্য প্রচার মাধ্যমে পর্যাপ্ত প্রচারণার ব্যবস্থা গ্রহণসহ প্রয়োজনীয় অন্যান্য পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়ন; |
|  |  | (১২) প্রয়োজনীয় সংখ্যক সড়ক, মহাসড়ক, ব্রিজ, টানেল নির্মাণসহ নৌপথ, রেলপথ নির্মাণের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহিত আলোচনাক্রমে যথাযথ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন বা তার জন্য প্রয়োজনীয় সমন্বয় সাধন;                       |

|  |   |   |
|--|---|---|
|  |   | (১৩) কর্তৃপক্ষের আওতাধীন এলাকায় গৃহায়ন ও আবাসন সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে আবাসিক, বাণিজ্যিক, বিনোদন, শিল্প বা এতদসম্পর্কিত অবকাঠামো, রাস্তাঘাটসহ নাগরিক সুবিধাসম্বলিত স্থাপনাদি নির্মাণের জন্য পৃথক পৃথক এলাকার অবস্থান নির্ধারণ ও সংরক্ষণ নিশ্চিত করার লক্ষ্যে সুদূরপ্রসারি উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও উহার কার্যকর বাস্তবায়ন;  |
|  |   | (১৪) পর্যাপ্ত সংখ্যক বনায়ন ও সবুজ বেটনী তৈরি; এবং  |
|  |   | (১৫) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক, সময় সময়, কর্তৃপক্ষের উপর অর্পিত অন্য যে কোন দায়িত্ব ও কার্যাবলি সম্পাদন।  |
| <p><b>Amendment (september 2 of 1976)-</b><br/> <b>18. Employment of Authority</b><br/> Subject to such rules as may be made by the Government in this behalf, the Authority may create such posts and appoint such officers and other employees as it considers necessary for the efficient performance of its functions on such terms and conditions as may be determined by regulations:<br/> Provided that no post the maximum pay of which, excluding technical pay, if any, is above Taka 1,250 per month shall be created or filled up by the Authority except with the prior approval of the Government:<br/><br/> Provided further that the creation of any post shall be subject to specific provision being made in the approved budget in that behalf.</p> | <p><b>১৮। অফিসার, ইত্যাদি নিয়োগ।-</b><br/> এতদুদ্দেশ্যে প্রণীত বিধিমালার অধীন কর্তৃপক্ষ ইহার কার্যাবলী দক্ষতার সহিত প্রবিধানমালায় নির্ধারিত শর্তানুযায়ী সম্পাদনের লক্ষ্যে যেইরূপ আবশ্যিক বিবেচনা করিবে সেইরূপ পদ সৃষ্টি এবং অফিসার এবং অন্যান্য কর্মচারী নিয়োগ করিতে পারিবেঃ<br/><br/> তবে শর্ত থাকে যে, কারিগরী ভাতা ব্যতীত সর্বোচ্চ মাসিক বেতন ১২৫০/- টাকা উর্ধ্বের কোন পদ কর্তৃপক্ষ সরকারের পূর্ব অনুমোদন ছাড়া সৃষ্টি বা পূরণ করিতে পারিবে না।<br/><br/> আরও শর্ত থাকে যে, কোন পদ সৃষ্টির বিষয়টি এতদুদ্দেশ্যে অনুমোদিত বাজেটের উপর নির্ভর করিবে।</p> | <p><b>১২। কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ।-</b><br/> (১) কর্তৃপক্ষ উহার কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে সরকার কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিতে পারিবে।<br/> (২) এতদুদ্দেশ্যে প্রণীত কর্তৃপক্ষের প্রবিধানে নির্ধারিত শর্তানুযায়ী নিয়োগ, শাস্তি ও আপিল কার্যক্রম পরিচালিত হইবে।<br/> (৩) উপ-ধারা (১) ও (২) এর ক্ষেত্রে কর্তৃপক্ষ বলিতে নিয়োগকারী কর্তৃপক্ষ কিংবা কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করার জন্য তৎকর্তৃক মনোনীত কোন কর্মকর্তাকে বুঝাইবে।</p> |
| <b>19. Omitted.</b>  | <b>১৯ ধারা বিলুপ্ত।</b>   | -   |
| <p><b>20. Delegation of powers to Chairman, etc</b><br/> The Authority may, by general or special order, delegate to Chairman, a Member or an Officer of the Authority, any of its powers, duties or functions under this Ordinance subject to such conditions as it may think fit to impose.</p>  | <p><b>২০। চেয়ারম্যানের নিকট দায়িত্ব অর্পণ।-</b><br/> এই অধ্যাদেশের অধীন কর্তৃপক্ষ যেইরূপ শর্ত যথাযথ বলিয়া মনে করিবে সেইরূপ শর্তে ইহার ক্ষমতা, দায়িত্ব অথবা কার্যাবলী সাধারণ অথবা বিশেষ আদেশ দ্বারাও কর্তৃপক্ষের চেয়ারম্যান, অথবা কোন সদস্য অথবা কোন অফিসারকেও অর্পণ করিতে পারিবে।</p>  | <p><b>১৩। চেয়ারম্যানের নিকট দায়িত্ব অর্পণ।-</b> এই আইনের অধীন কর্তৃপক্ষ/ চেয়ারম্যান যেইরূপ শর্ত যথাযথ বলিয়া মনে করিবে সেইরূপ শর্তে ইহার পূর্ণাঙ্গ/ আংশিক ক্ষমতা, দায়িত্ব অথবা কার্যাবলি সাধারণ অথবা বিশেষ আদেশ দ্বারাও কর্তৃপক্ষের চেয়ারম্যান, অথবা কোন সদস্য অথবা কোন অফিসারকেও অর্পণ করিতে পারিবে।</p>  |
| <p><b>21. Immunity of the authority and its employees</b><br/> (1) The Chairman, Members, Officers and other employees of the Authority shall, when acting or purporting to act in pursuance of any of the provisions of this Ordinance, be deemed to be public servants within the meaning of section 21 of the Pakistan <a href="#">Penal Code</a>, 1860.</p>  | <p><b>২১। কর্তৃপক্ষ এবং ইহার কর্মচারীদের দায়-মুক্তি।-</b><br/> কর্তৃপক্ষের চেয়ারম্যান, সদস্যবৃন্দ, কর্মকর্তাবৃন্দ এবং অন্যান্য কর্মচারীবৃন্দ যখন এই অধ্যাদেশের অনুসরণে কোন কাজ করিবে বা কাজ করিবার উদ্যোগ গ্রহণ করিবে তখন তাঁহার দণ্ডবিধি, ১৮৬০ (১৮৬০ সালের ৪৫) এর ধারা ২১ এর মর্মানুযায়ী সরকারী কর্মচারী হিসাবে গণ্য হইবে।</p>  | <p><b>১৪। কর্মকর্তা ও কর্মচারীগণ গণকর্মচারী হিসেবে গণ্য হইবেন।-</b> (১) কর্তৃপক্ষের সকল কর্মকর্তা, উপদেষ্টা, পরামর্শক ও অন্যান্য কর্মচারীগণ এই আইনের বিধান অনুসারে কার্য সম্পাদনের ক্ষেত্রে The Penal Code (Act XLV of 1860) এর section 22 এর মর্মানুযায়ী সরকারি কর্মচারী হিসেবে গণ্য হইবে।</p>  |

|   |  |  |
|---|--|--|
| <p>(2) No suit, prosecution or other legal proceedings shall lie against the Authority, the Chairman, Members or Officers and other employees of the Authority in respect of anything done or intended to be done, in good faith, under this Ordinance.</p>   | <p>(২) এই অধ্যাদেশের অধীন সরল বিশ্বাসে কৃত ইচ্ছিত কোন কাজ অথবা করিবার অভিপ্রায়ের জন্য কর্তৃপক্ষের চেয়ারম্যান, সদস্য, অফিসার ও অন্যান্য কর্মচারীদের বিরুদ্ধে কোন মামলা, অভিযুক্ত করণ বা আইনানুগ কার্যক্রম গ্রহণযোগ্য হইবে না।</p>   | <p>(২) এই আইনের অধীন সরল বিশ্বাসে কৃত ইচ্ছিত কোন কাজ অথবা করিবার অভিপ্রায়ের জন্য কর্তৃপক্ষের চেয়ারম্যান, সদস্য, অফিসার ও অন্যান্য কর্মচারীদের বিরুদ্ধে কোন মামলা, অভিযুক্তকরণ বা আইনানুগ কার্যক্রম গ্রহণযোগ্য হইবে না।</p>   |
| <p style="text-align: center;"><b>CHAPTER IV</b><br/><b>Power and Duties of the Authority</b><br/><b>MASTER PLAN</b></p>  | <p style="text-align: center;"><b>অধ্যায়-৪</b><br/><b>কর্তৃপক্ষের ক্ষমতা এবং দায়িত্ব</b><br/><b>মহাপরিকল্পনা</b></p>   | <p style="text-align: center;"><b>চতুর্থ অধ্যায়</b><br/><b>মহাপরিকল্পনা, উন্নয়ন প্রকল্প, ইত্যাদি</b></p>   |
| <p><b>22. Preparation of Master Plan by the Authority</b></p> <p>(1) The Authority shall, as soon as feasible, but not more than two years after the provisions of this Ordinance comes into force, prepare and submit to the Provincial Government for approval a Master Plan for the Municipality and the areas in its vicinity indicating the manner in which it proposes that land should be used (whether by carrying out thereon of development or otherwise) and the stages by which any such development should be carried out.</p>             | <p>২২। কর্তৃপক্ষ কর্তৃক মহাপরিকল্পনা প্রণয়ন।-</p> <p>(১) কর্তৃপক্ষ যথাশীঘ্র সম্ভব, কিন্তু এই অধ্যাদেশের বিধানসমূহ বলবৎ হইবার অনধিক দুই বৎসরের মধ্যে ভূমি ব্যবহারের প্রস্তাব (উন্নয়ন কাজ অব্যাহত রাখিয়া অথবা অন্য প্রকারে) এবং উন্নয়ন কর্মসূচীর পর্যায়সমূহ উল্লেখ করতঃ পৌর এবং সংলগ্ন এলাকার জন্য মহা পরিকল্পনা প্রণয়ন করিবে এবং অনুমোদনের জন্য সরকারের নিকট প্রেরণ করিবে।</p>  | <p>১৫। মহাপরিকল্পনা প্রণয়ন, ইত্যাদি।- (১) কর্তৃপক্ষ যথাশীঘ্র সম্ভব, সরকারের নির্দেশনা/ অনুমোদনের আলোকে নতুন এলাকা কর্তৃপক্ষের আওতাভুক্ত হইলে অনধিক দুই বৎসরের মধ্যে ভূমি ব্যবহারের প্রস্তাব (উন্নয়ন কাজ অব্যাহত রাখিয়া অথবা অন্য প্রকারে) এবং উন্নয়ন কর্মসূচীর পর্যায়সমূহ উল্লেখ করতঃ সিটি কর্পোরেশন/ পৌরসভা/ ইউনিয়ন পরিষদ এবং সংলগ্ন এলাকার জন্য মহাপরিকল্পনা প্রণয়ন করিবে এবং অনুমোদনের জন্য সরকারের নিকট প্রেরণ করিবে।</p>   |
| <p>(2) The Master Plan shall include such maps and such descriptive matter as may be necessary to illustrate the proposals aforesaid with such degree of particularity as may be appropriate between different parts of the town, and any such plan may, in particular, define the sites of proposed roads, public and other buildings and works, or fields, parks, pleasure-grounds and other open spaces or allocate areas of land for use for agricultural, residential, industrial or other purposes of any class specified in the Master Plan.</p> | <p>(২) মহাপরিকল্পনার মধ্যে এইরূপ নকশা ও অন্যান্য বর্ণনামূলক বিষয়াদি অন্তর্ভুক্ত থাকিবে যাহা আবশ্যিকভাবে উপরোক্ত প্রস্তাবসমূহকে নির্দিষ্টভাবে চিহ্নিত করিবে এবং যাহা শহরের বিভিন্ন এলাকার জন্য সংগতিপূর্ণ হইবে এবং এইরূপ পরিকল্পনা বিশেষভাবে প্রস্তাবিত সড়কসমূহের স্থানসমূহ, সরকারী ও অন্যান্য ভবন এবং পূর্ত কাজ অথবা ময়দান, পার্কসমূহ, চিত্তবিনোদনের জায়গা এবং অন্যান্য মুক্তাঙ্গন এবং কৃষি, আবাসিক, শিল্প অথবা মহাপরিকল্পনায় নির্ধারিত যে কোন শ্রেণীর প্রস্তাবসমূহের জন্য ভূমি ব্যবহারের এলাকা-সমূহ চিহ্নিত করিবে।</p> | <p>(২) সংশোধিত মহাপরিকল্পনার মধ্যে কর্তৃপক্ষ নিম্নবর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করিয়া যথাশীঘ্র সম্ভব, উহার আওতাভুক্ত এলাকার সমন্বয়ে একটি সংশোধিত মহাপরিকল্পনা প্রণয়ন করিবে যথা :-</p> <p>(ক) নৌ, বিমান, রেল, সড়ক ও মহাসড়কে যান চলাচলের গতি-প্রকৃতি, ট্রাফিক ব্যবস্থাপনা এবং এতদসংক্রান্ত বিষয়াদি;</p> <p>(খ) পানি সরবরাহ, সংরক্ষণ, পয়ঃপ্রণালী ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা;</p> <p>(গ) বিভিন্ন সরকারি অফিস, সরকারি বা বেসরকারি সংস্থা, শিক্ষা প্রতিষ্ঠান, সেবা কেন্দ্র, শিশু পরিচর্যা কেন্দ্র, উদ্যান, উন্মুক্ত স্থান, জলাশয় এবং বিনোদনমূলক ব্যবস্থা, পর্যটন তথ্য কেন্দ্র, স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্র, বয়স্ক পুনর্বাসন কেন্দ্র, খেলার মাঠ, হাসপাতাল, ইত্যাদির জন্য ভূমি সংরক্ষণসহ উহার অবস্থান নির্ধারণ ও সংরক্ষণ;</p> <p>(ঘ) আবাসিক, বাণিজ্যিক ও শিল্প এলাকার অবস্থান নির্ধারণ, সংরক্ষণ এবং এতদসংক্রান্ত</p> |



|  |  |   |
|--|--|---|
|  |  | <p>বিষয়াদি;</p> <p>(ঙ) মহাপরিকল্পনা বাস্তবায়নের জন্য ভবিষ্যতে প্রয়োজন হইতে পারে এইরূপ ভূমি চিহ্নিতকরণ ও উহার অবস্থান নির্ধারণ;</p> <p>(চ) ভূমি ব্যবহার, জোনিং (Zoning) এবং প্রাকৃতিক ল্যান্ডস্কেপ (Natural Landscape) অনুসরণ করিয়া ভূমি সংরক্ষণ;</p> <p>(ছ) সৌর-বিদ্যুৎসহ বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, বিতরণ এবং এতদসংক্রান্ত বিষয়াদি;</p> <p>(জ) দীর্ঘমেয়াদী ও আধুনিক নাগরিক সুবিধা সম্বলিত নগরায়ন পরিকল্পনা, প্রকল্প, ধারাবাহিক উন্নয়ন, নিয়মিত সংস্কার এবং এতদসংক্রান্ত বিষয়াদি;</p> <p>(ঝ) আধুনিক বন্দরও পর্যটন নগরী গড়িয়া তুলিবার জন্য প্রয়োজনীয় অন্যান্য বিষয়; এবং</p> <p>(ঞ) প্রয়োজনে উপরোক্ত বিষয়াদি ছাড়াও আধুনিক নগরায়নের নিমিত্তে প্রয়োজনীয় সুযোগ সুবিধা এর অন্তর্ভুক্ত হইবে।</p> |
| (3) The Provincial Government shall, within one month from the date of receipt of the Master Plan from the Authority, publish the same in the official Gazette.  | (৩) সরকার কর্তৃপক্ষের নিকট হইতে মহাপরিকল্পনা প্রাপ্তির তারিখ হইতে এক মাসের মধ্যে উহা সরকারী গেজেটে প্রকাশ করিবে।   | (৩) কর্তৃপক্ষ, উপ-ধারা (১) এর অধীন প্রস্তুতকৃত মহাপরিকল্পনা, সরকারের পূর্বানুমোদনক্রমে, সরকারি গেজেট, ইলেকট্রনিক গেজেট (যদি থাকে), কর্তৃপক্ষের নিজস্ব ওয়েবসাইট এবং বহুল প্রচারিত ২(দুই)টি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে উহার প্রাক-প্রকাশ করিবে।   |
| (4) Any person objecting to the Plan or part thereof shall file objection with the Provincial Government within thirty days from the date of publication of the Master Plan.   | (৪) কোন ব্যক্তি পরিকল্পনা অথবা ইহার অংশ বিশেষের উপর আপত্তি করিতে চাহিলে মহাপরিকল্পনাটির বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে সরকারের নিকট আপত্তি দাখিল করিতে হইবে।  | (৪) কোন ব্যক্তি পরিকল্পনা অথবা ইহার অংশ বিশেষের উপর আপত্তি করিতে চাহিলে মহাপরিকল্পনাটির বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে সরকারের নিকট আপত্তি দাখিল করিতে হইবে।   |
| (5) The Provincial Government after considering the objections that may be filed, shall approve the Master Plan within three months from the date of publication under sub section (3), either with or without modification.   | (৫) সরকার দাখিলকৃত আপত্তিসমূহ বিবেচনা করত: উপধারা (৩) এর অধীন বিজ্ঞপ্তি প্রকাশের তিন মাসের মধ্যে সংশোধনসহ অথবা সংশোধনী ছাড়া মহাপরিকল্পনা অনুমোদন করিবে।   | (৫) সরকার দাখিলকৃত আপত্তিসমূহ বিবেচনা করত: উপধারা (৪) এর অধীন বিজ্ঞপ্তি প্রকাশের অনধিক তিন মাসের মধ্যে সংশোধনসহ অথবা সংশোধনী ছাড়া মহাপরিকল্পনা অনুমোদন করিবে।  |
| <p><b>23. Publication of Master Plan</b></p> <p>(1) When the Provincial Government approves the Master Plan submitted under section 22 it shall announce the fact by notification and the publication of such notification shall be conclusive evidence that the Master Plan has been duly made and approved, and thereafter it shall be unlawful for any person to use any land for any purpose other than that laid down in the Master Plan, unless he has been permitted to do so under section 24.</p> | <p>২৩। মহা-পরিকল্পনা প্রকাশ। -</p> <p>ধারা ২২ এর অধীন দাখিলকৃত মহাপরিকল্পনা অনুমোদন করিবার পর সরকার এই ঘটনা প্রজ্ঞাপনের মাধ্যমে ঘোষণা করিবে এবং এইরূপ প্রজ্ঞাপন জারী হইবার পর ইহা চূড়ান্ত ভাবে প্রমাণিত হইবে যে, মহাপরিকল্পনাটি যথাযথভাবে প্রণীত ও অনুমোদিত হইয়াছে এবং অতঃপর মহাপরিকল্পনায় যে উদ্দেশ্যে ভূমি অন্তর্ভুক্ত করা হইয়াছে কোন ব্যক্তি ইহা ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে উক্ত ভূমির ব্যবহার ধারা ২৪ এর অধীন প্রদত্ত অনুমতি ব্যতিরেকে অবৈধ বলিয়া গণ্য</p> | <p>১৬। মহাপরিকল্পনা প্রকাশ। - (১) ধারা ১৭ এর অধীন দাখিলকৃত মহাপরিকল্পনা অনুমোদন করিবার পর সরকার এই ঘটনা প্রজ্ঞাপনের মাধ্যমে ঘোষণা করিবে এবং এইরূপ প্রজ্ঞাপন জারি হইবার পর ইহা চূড়ান্ত ভাবে প্রমাণিত হইবে যে, মহাপরিকল্পনাটি যথাযথভাবে প্রণীত ও অনুমোদিত হইয়াছে এবং অতঃপর মহাপরিকল্পনায় যে উদ্দেশ্যে ভূমি অন্তর্ভুক্ত করা হইয়াছে কোন ব্যক্তি ইহা ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে উক্ত ভূমির ব্যবহার ধারা ১৭এর অধীন প্রদত্ত অনুমতি ব্যতিরেকে অবৈধ বলিয়া গণ্য হইবে।</p>   |

|  |  |  |
|--|--|--|
|  | হইবে।  |  |
| (2) The Authority may, from time to time, with the approval of the Provincial Government, and the Provincial Government may, at any time, amend or alter any specific provision of the Master Plan. Any such amendment or alteration shall be published in the official Gazette.   | (২) কর্তৃপক্ষ সরকারী অনুমোদন সাপেক্ষে, সময় সময়, এবং সরকার যে কোন সময়ে মহাপরিকল্পনার নির্ধারিত যে কোন বিষয় সংশোধন বা পরিবর্তন করিতে পারিবে। এইরূপ সংশোধনী বা পরিবর্তন সরকারী গেজেটে প্রকাশ করিতে হইবে।  | (২) কর্তৃপক্ষ সময় সময় মহাপরিকল্পনার নির্ধারিত যে কোন বিষয় সংশোধন বা পরিবর্তন করিতে পারিবে। এইরূপ সংশোধনী বা পরিবর্তন সরকারী গেজেটে প্রকাশ করিতে হইবে।   |
| (3) All future development and construction, both public and private, shall be in conformity with the Master Plan or with the amendment thereof.   | (৩) ভবিষ্যতে সরকারী ও বেসরকারী সকল প্রকার উন্নয়ন এবং নির্মাণ মহাপরিকল্পনা অথবা সংশোধিত মহাপরিকল্পনার সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে।   | (৩) ভবিষ্যতে সরকারি ও বেসরকারি সকল প্রকার উন্নয়ন এবং নির্মাণ মহাপরিকল্পনা অথবা সংশোধিত মহাপরিকল্পনার সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে।   |
| (4) The Master Plan, or an amendment thereof, shall neither before nor after it has been approved, be questioned in any legal proceedings whatsoever and shall become operative on the day it is published in the official Gazette under sub section (1) or sub section (2), as the case may be.   | (৪) মহাপরিকল্পনা অথবা ইহার কোন সংশোধনীর বিষয়ে অনুমোদনের পূর্বে বা পরে যাহাই হউক না কেন, কোন প্রকার আইনানুগ কার্যক্রমের জন্য প্রশ্ন উত্থাপন করা যাইবে না এবং ইহা উপধারা (১) অথবা (২) এর অধীন, যাহাই হউক না কেন, সরকারী গেজেটে প্রকাশের দিন ও তারিখ হইতে ইহা কার্যকর হইবে।  | (৪) মহাপরিকল্পনা অথবা ইহার কোন সংশোধনীর বিষয়ে অনুমোদনের পূর্বে বা পরে যাহাই হউক না কেন, কোন প্রকার আইনানুগ কার্যক্রমের জন্য প্রশ্ন উত্থাপন করা যাইবে না এবং উপধারা (১) অথবা (২) এর অধীন, যাহাই হউক না কেন, সরকারী গেজেটে প্রকাশের দিন ও তারিখ হইতে ইহা কার্যকর হইবে।  |
| <b>24. Permission for use of land contrary to the Master Plan</b> (1) If any person desires to use any land for any purpose other than that laid down in the Master Plan approval under section 23, he may apply in writing to the Chairman for permission so to do.   | <b>২৪। মহা-পরিকল্পনার বিপরীতে ভূমি ব্যবহারের অনুমতি।-</b><br>(১) যদি কোন ব্যক্তি ধারা ২৩ এর অধীনে অনুমোদিত মহাপরিকল্পনা বহির্ভূত কোন জমি ব্যবহার করিতে চান তাহা হইলে তিনি চেয়ারম্যানের নিকট অনুমতির জন্য লিখিত আবেদন করিবেন।  | <b>১৭। মহাপরিকল্পনার বিপরীতে ভূমি ব্যবহারের অনুমতি।-</b> (১) যদি কোন ব্যক্তি ধারা ১৬ এর অধীনে অনুমোদিত মহাপরিকল্পনা বহির্ভূত কোন জমি ব্যবহার করিতে চান তাহা হইলে তিনি চেয়ারম্যানের নিকট অনুমতির জন্য লিখিত আবেদন করিবেন।  |
| (2) If the Chairman refuses permission to any person, such person may, within sixty days of the Chairman's refusal, appeal to the Authority against such refusal.  | (২) চেয়ারম্যান যদি কোন ব্যক্তিকে অনুমতি প্রদানে অস্বীকৃতি জানান, তাহা হইলে উক্ত ব্যক্তি অস্বীকৃতির পর ষাট দিনের মধ্যে কর্তৃপক্ষের নিকট এহেন অস্বীকৃতির বিরুদ্ধে আপীল করিতে পারিবেন।   | (২) চেয়ারম্যান যদি কোন ব্যক্তিকে অনুমতি প্রদানে অস্বীকৃতি জানান, তাহা হইলে উক্ত ব্যক্তি অস্বীকৃতির পর ষাট দিনের মধ্যে কর্তৃপক্ষের নিকট এহেন অস্বীকৃতির বিরুদ্ধে আপিল করিতে পারিবেন। নির্ধারিত সময় অতিবাহিত হইলে আপিলের অধিকার তামাদি বলিয়া বিবেচিত হইবে।  |
| (3) The decision of the Authority on any appeal under sub-section (2) shall be final.  | (৩) উপধারা (২) এর অধীন দায়েরকৃত আপীল নিষ্পত্তির বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।   | (৩) উপধারা (২) এর অধীন দায়েরকৃত আপিল নিষ্পত্তির বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।   |
| (4) No compensation shall be payable to any person owing to the restricted use to which his land may be put under section 23.  | (৪) ধারা ২৩ এর অধীন কোন ভূমির নিয়ন্ত্রিত ব্যবহারের জন্য কোন ব্যক্তিকে ক্ষতি পূরণ দেওয়া হইবে না।  | (৪) ধারা ১৬ এর অধীন কোন ভূমির নিয়ন্ত্রিত ব্যবহারের জন্য কোন ব্যক্তিকে ক্ষতি পূরণ দেওয়া হইবে না।  |
| <b>25. Authorised Officer</b><br>After publication of the Master Plan, the Chairman or any Officer of the Authority, from such date as the Provincial Government may, by notification, declare, shall be deemed to be the only authorized officer, within the meaning of clause (a) of section 2 of the East Bengal Building Constriction Act, 1952, which Act shall be deemed to be modified to that extent, so far as it relates to the area within the jurisdiction of the Authority. | <b>২৫। কর্তৃত্বপ্রাপ্ত অফিসার।-</b><br>মহাপরিকল্পনার গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের পর চেয়ারম্যান অথবা কর্তৃপক্ষের কোন অফিসার, সরকার প্রজ্ঞাপনের মাধ্যমে যেই তারিখ ঘোষণা করিবে সেই তারিখ হইতে “ইষ্ট বেঙ্গল বিল্ডিং কনস্ট্রাকশন অ্যাক্ট, ১৯৫২ (১৯৫৩ এর ২)” এর অনুচ্ছেদ (এ) এর অনুযায়ী একমাত্র কর্তৃত্বপ্রাপ্ত অফিসার হিসাবে বিবেচিত হইবেন এবং উক্ত আইন কর্তৃপক্ষের অধিক্ষেত্রের সহিত যতটুকু এলাকা সম্পর্কিত কেবল সেইটুকুর জন্য সংশোধিত হইয়াছে বলিয়া বিবেচ্য হইবে। | <b>১৮। অথরাইজড অফিসার।-</b> মহাপরিকল্পনার গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের পর চেয়ারম্যান কর্তৃক সুপারিশকৃত কর্তৃপক্ষের এক বা একাধিক অফিসার, সরকার প্রজ্ঞাপনের মাধ্যমে যেই তারিখ ঘোষণা করিবে সেই তারিখ হইতে “The Building Construction Act, 1952 (East Bengal Act II of 1953)” এর clause (a) of section 2 বা এই আইনের স্থলাভিষিক্ত পরিবর্তিত আইন অনুযায়ী অথরাইজড অফিসার হিসাবে বিবেচিত হইবেন এবং উক্ত আইন কর্তৃপক্ষের অধিক্ষেত্রের সহিত যতটুকু এলাকা সম্পর্কিত তার স্থলাভিষিক্ত আইন অনুযায়ী নির্ধারিত এলাকার জন্য কেবল সেইটুকুর জন্য |

|   |  |  |
|---|--|--|
|   |  | সংশোধিত হইয়াছে বলিয়া বিবেচ্য হইবে।   |
| <p><b>26. Controlled Area</b></p> <p>The Authority may, by notification, declare any area included in the Master Plan to be a controlled area for the purpose of this Ordinance, and may issue in respect of such area such directions as it considers fit and appropriate, and may do all things as may be necessary for the prevention or correction of substandard or haphazard growth of colonies, and buildings and operations in such area.</p>                         | <p><b>২৬। নিয়ন্ত্রিত এলাকা।-</b> এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে কর্তৃপক্ষ প্রজ্ঞাপনের মাধ্যমে মহাপরিকল্পনার অন্তর্ভুক্ত যে কোন এলাকাকে নিয়ন্ত্রিত এলাকা হিসাবে ঘোষণা করিতে পারিবে এবং যথাযোগ্য ও উপযুক্ত বলিয়া যেইরূপ বিবেচনা করিবে সেইরূপ নির্দেশনা উক্ত এলাকার জন্য প্রদান করিতে পারিবে এবং সংশ্লিষ্ট এলাকায় নিম্নমানের অথবা অপরিষ্কৃত কলোনির বিস্তার, ভবন নির্মাণ এবং অন্যান্য কার্যক্রম প্রতিরোধ ও সংশোধনের আবশ্যিকমত সকল পদক্ষেপ গ্রহণ করিবে।</p> | <p><b>১৯। নিয়ন্ত্রিত এলাকা।-</b> এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কর্তৃপক্ষ প্রজ্ঞাপনের মাধ্যমে মহাপরিকল্পনার অন্তর্ভুক্ত যে কোন এলাকাকে নিয়ন্ত্রিত এলাকা হিসাবে ঘোষণা করিতে পারিবে এবং যথাযোগ্য ও উপযুক্ত বলিয়া যেইরূপ বিবেচনা করিবে সেইরূপ নির্দেশনা উক্ত এলাকার জন্য প্রদান করিতে পারিবে এবং সংশ্লিষ্ট এলাকায় নিম্নমানের অথবা অপরিষ্কৃত নগরের বিস্তার, ভবন নির্মাণ এবং অন্যান্য কার্যক্রম প্রতিরোধ ও সংশোধনের আবশ্যিকমত সকল পদক্ষেপ গ্রহণ করিবে।</p> |
| <p><b>27. Declaration of use area and location thereof</b></p> <p>(1) The Authority may, after giving due notice in writing to the persons affected thereby and after giving such persons an opportunity of being heard, declare any area included in the Master Plan to be a use area.</p>   | <p><b>২৭। এলাকা এবং অবস্থান ব্যবহারের ঘোষণা।-</b></p> <p>(১) কর্তৃপক্ষ ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণকে লিখিত নোটিশ প্রদান করিয়া এবং তাহাদিগকে শুনানীর সুযোগ দিয়া মহাপরিকল্পনায় অন্তর্ভুক্ত এলাকাকে ব্যবহার্য এলাকা হিসাবে ঘোষণা করিতে পারিবে।</p>   | -  |
| <p>(2) If within two years after such declaration has been made the area or any part thereof remains, in the opinion of the Authority, unreasonably unutilized, then upon such determination such area or part thereof shall be valued by the Authority and, after such valuation, shall be taxed by the Authority annually at the rate of three per cent of the value thereof until such time as an improvement satisfactory to the Authority shall have been completed.</p> | <p>(২) এইরূপ ঘোষণার দুই বৎসরের মধ্যে যদি কোন এলাকা বা ইহার অংশ কর্তৃপক্ষের বিবেচনায় অযৌক্তিকভাবে অব্যবহৃত থাকে তাহা হইলে এইরূপ বিবেচনার আলোকে কর্তৃপক্ষ উক্ত এলাকা বা ইহার অংশের বাজার মূল্য নির্ধারণ করিবে এবং যতদিন পর্যন্ত কর্তৃপক্ষের সন্তুষ্টি সাপেক্ষে উহার উন্নয়ন সমাপ্ত হইবে না ততদিন পর্যন্ত নির্ধারিত মূল্যের উপর তিন শতাংশ হারে কর আরোপ করিবে।</p>  | -  |
| <p>(3) The tax revenues accruing under this section shall belong to, and may be utilized for the general purposes of, the Authority.</p>  | <p>(৩) এই ধারার অধীনে যে রাজস্ব/ কর আদায় করা হইবে তাহা কর্তৃপক্ষের সাধারণ উদ্দেশ্যে ব্যবহৃত হইবে।</p>   | -  |
|   |  | <p><b>২০। কতিপয় প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে বিধিনিষেধ।-</b> এই আইনের আওতাধীন এলাকায় বা উহার কোন অংশে কর্তৃপক্ষের সম্মতি ব্যতিত কোন ব্যক্তি, স্থানীয় কর্তৃপক্ষ বা সংবিধিবদ্ধ সরকারি সংস্থা বা প্রতিষ্ঠান কোন পরিকল্পনা বা উন্নয়ন প্রকল্প প্রণয়ন বা বাস্তবায়ন করিতে পারিবে না।</p>   |
|   |  | <p><b>২১। উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন।-</b> (১) সরকার কোন উন্নয়ন প্রকল্প অনুমোদন করিলে তাহা গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করিবে এবং কর্তৃপক্ষ তাহা তাৎক্ষণিকভাবে বাস্তবায়নে অগ্রসর হইবে।</p>  |
|   |  | <p>(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই বর্ণিত থাকুক না কেন, কোন উন্নয়ন প্রকল্প বা উহার কোন অংশ কোন স্থানীয় কর্তৃপক্ষ, সংবিধিবদ্ধ সরকারি সংস্থা বা প্রতিষ্ঠানের স্থানীয় অধিক্ষেত্রের মধ্যে হইলে কর্তৃপক্ষের সহিত পরামর্শক্রমে উহা বাস্তবায়নের জন্য উক্ত স্থানীয় কর্তৃপক্ষ, সংবিধিবদ্ধ সরকারি সংস্থা বা প্রতিষ্ঠানকে বলিতে পারিবে; এবং এই ক্ষেত্রে উক্ত উন্নয়ন প্রকল্প বা উহার অংশ বাস্তবায়নের ব্যয় উহা কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট</p>                     |

|   |  |   |
|---|--|---|
|   |  | স্থানীয় কর্তৃপক্ষ অথবা সংবিধিবদ্ধ সরকারি সংস্থা বা প্রতিষ্ঠান সমঝোতার মাধ্যমে বহন করিবে, সমঝোতা না হওয়ার ক্ষেত্রে ব্যয় বহনের বিষয়টি সরকার নির্ধারণ করিয়া দিবে।   |
| <p><b>28. Preparation of Development Programmes</b></p> <p>(1) After publication of the Master Plan under sub section (3) of section 22, the Authority shall prepare, and submit to the Provincial Government Five Year Programmes of development and improvement of the areas covered by the Master Plan, on the basis of the said Plan, listing the schemes of development and improvement, including works of water supply and sewerage in their approximate order of execution and with approximate cost of each.</p> | <p>২৮। উন্নয়ন কর্মসূচি প্রণয়ন।-</p> <p>(১) ধারা ২২ এর উপধারা (৩) এর অধীন মহাপরিকল্পনা প্রকাশের পর কর্তৃপক্ষ মহাপরিকল্পনায় আওতাভুক্ত এলাকার উন্নয়ন ও সংস্কারের লক্ষ্যে পঞ্চ বার্ষিকী কর্মসূচী প্রণয়ন করিবে এবং সরকারের নিকট প্রেরণ করিবে। উক্ত পরিকল্পনায় পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশনসহ উন্নয়ন ও সংস্কার পরিকল্পনাসমূহের তালিকা থাকিবে এবং প্রতিটি প্রকল্প বাস্তবায়নের সম্ভাব্য পর্যায়সমূহ ও আনুমানিক খরচের বিবরণ থাকিবে।</p> | <p>২২। উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও অনুমোদন।- (১) এই আইনের আওতায় এলাকায় বা উহার কোন অংশে মহাপরিকল্পনা অনুসরণ করিয়া কর্তৃপক্ষ নির্ধারিত পদ্ধতিতে নির্দিষ্ট উন্নয়ন প্রকল্প প্রণয়ন করিবে এবং সরকারের নিকট অনুমোদনের জন্য দাখিল করিবে, উক্ত উন্নয়ন প্রকল্পে গৃহায়নসহ প্রস্তাবিত উন্নয়ন, লিখিত প্রতিবেদন, পূর্ত কাজের বিবরণ, প্রাক্কলিত ব্যয় ও প্রস্তাবিত অর্থের সংস্থান অন্তর্ভুক্ত থাকিবে।</p>   |
| <p>(2) The Provincial Government shall, within six months of its submission, either approve or disapprove the Programme referred to in sub section (1), or approve it with such additions or modifications as, in consultation with the Authority, it deems fit to make.</p>  | <p>(২) সরকার উক্ত কর্মসূচি দাখিলের ছয় মাসের মধ্যে ধারা ২৯ এর উপধারা (২) এ বর্ণিত বিধান মোতাবেক অনুমোদন অথবা অননুমোদন করিবে অথবা কর্তৃপক্ষের সহিত আলোচনা করিয়া যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ সংযোজন ও পরিমার্জন সহকারে অনুমোদন করিবে।</p>   | <p>(২) উপ-ধারা (১) এর অধীনে প্রস্তুত ও দাখিলকৃত উন্নয়ন প্রকল্পে নিম্নোক্ত সকল বা যে কোন বিষয় অন্তর্ভুক্ত থাকিবে, যথা-</p> <p>(ক) কর্তৃপক্ষের বিবেচনামতে প্রকল্প বাস্তবায়নের জন্য প্রয়োজন হইতে পারে অথবা প্রকল্প বাস্তবায়নের কারণে ক্ষতিগ্রস্ত হইতে পারে, প্রকল্পভুক্ত এলাকার এইরূপ জমি অধিগ্রহণের বিষয়;</p> <p>(খ) উক্ত এলাকার জমির বিন্যাস ও পুনঃবিন্যাস করা;</p> <p>(গ) কর্তৃপক্ষ প্রয়োজনীয় বলিয়া মনে করে, এমন প্রস্তাবিত অধিগ্রহণযোগ্য এলাকায় অবস্থিত ইমারতের ধ্বংসকরণ, পরিবর্তন ও পুনঃনির্মাণ;</p> <p>(ঘ) এই আইনের অন্য যে কোন উদ্দেশ্যে এই আইনের সহিত সংগতিপূর্ণভাবে কর্তৃপক্ষ প্রয়োজন মনে করে এমন কোন ইমারত নির্মাণ;</p> <p>(ঙ) সর্বজনীন সড়ক, নর্দমা, পয়ঃনিষ্কাশন, পানি সরবরাহের পাইপ লাইন, সেতু, গলি ও কালভার্টের বিন্যাস বা পরিবর্তন;</p> <p>(চ) উক্ত সর্বজনীন সড়ক সমতলকরণ, পাকাকরণ, পাথরকুচি বিছানো, পাথর বসানো, সংযোগকরণ, পয়ঃসংযোগ ও নর্দমার ব্যবস্থাকরণ এবং পানি সরবরাহ, আলোকিত করণ এবং সাধারণভাবে সিটি কর্পোরেশন বা পৌরসভা বা ইউনিয়ন পরিষদ সংস্থান করে এমন স্যানিটারি সুবিধাদি;</p> <p>(ছ) প্রকল্পভুক্ত এলাকার ভূমি ভরাতকরণ, নিচু করা ও সমতল করা;</p> <p>(জ) উন্মুক্ত গণস্থান তৈরি, সংরক্ষণ, বর্ধিতকরণ ও উন্নয়ন;</p> <p>(ঝ) বিদ্যমান পানি সরবরাহ ব্যবস্থার সমৃদ্ধিকরণ অথবা পানি সরবরাহ ব্যবস্থা উন্নয়নের জন্য অন্য কোন প্রকল্প;</p> <p>(ঞ) নির্গমদ্বারসহ নর্দমা ও পয়ঃনিষ্কাশন প্রকল্প;</p> <p>(ট) শিক্ষা প্রতিষ্ঠান, স্বাস্থ্য কেন্দ্র, হাসপাতাল, বিদ্যুৎ কেন্দ্র এবং বিদ্যুৎ উপকেন্দ্র ও ইলেকট্রিক সাব-স্টেশন, বাস, ট্রাক, ট্যাক্সি ও রিক্সা স্ট্যান্ড এবং বাজার নির্মাণের স্থান অধিগ্রহণ করিয়া উক্ত উদ্দেশ্যে সংরক্ষিত রাখা; এবং</p> <p>(ঠ) এই আইনের বিধানের সহিত সংগতিপূর্ণ অন্য যে বিষয় কর্তৃপক্ষ যথাযথ বলিয়া মনে</p> |

|   |   |   |
|---|---|---|
|   |   | করে।  |
|   |   | (৩) উপ-ধারা (১) এর অধীনে দাখিলকৃত উন্নয়ন প্রকল্প সরকার পরিবর্তনসহ বা পরিবর্তন ব্যতিত অনুমোদন করিতে পারিবে।   |
|   |   | ২৩। জনস্বার্থে অন্তর্বর্তীকালীন মহাপরিকল্পনার সম্পূরক গাইডেড প্ল্যান।- (১) একটি মহাপরিকল্পনা হতে অপর মহাপরিকল্পনা অথবা একটি মহাপরিকল্পনা হতে ডিটেইল্ড এরিয়া প্ল্যান প্রস্তুতের অন্তর্বর্তীকালীন সময় স্বাভাবিকের চেয়ে প্রায়শই নির্ধারিত হয়ে থাকে। অন্যদিকে আর্থসামাজিক এবং আবহাওয়া, প্রকৃতির প্রয়োজনে ভূমি ব্যবহার পরিবর্তন প্রয়োজন হয়ে দাড়ায়। ফলে দুইটি মহাপরিকল্পনার অন্তর্বর্তীকালীন সময়ে কর্তৃপক্ষ কর্তৃক খসড়া গাইডেড প্ল্যান প্রস্তুতপূর্বক সাময়িকভাবে সুষ্ঠু নগরায়ন নিশ্চিতের লক্ষ্যে তৎদ্বারা উন্নয়ন কার্যক্রম এবং উন্নয়ন নিয়ন্ত্রণ করিতে পারিবে। তবে পরবর্তী মহাপরিকল্পনা প্রস্তুতকালে গাইডেড প্ল্যানসমূহ নিরীক্ষাপূর্বক গ্রহণ, বর্জন অথবা সংশোধনপূর্বক মহাপরিকল্পনায় আত্মীকরণ করা যাইবে।<br>(২) ধারা ১৫ও ১৬ এ যাহা কিছুই থাকুক না কেন, কর্তৃপক্ষ মহাপরিকল্পনা প্রণয়নের পূর্বেও সরকারের পূর্বানুমোদনক্রমে, জনস্বার্থে, কোন অন্তর্বর্তীকালীন প্রকল্প বাস্তবায়ন করিতে পারিবে।   |
| <p><b>29. Preparation and submission of specific schemes to Provincial Government</b></p> <p>(1) After approval of the Programmes by the Government, with or without any modification, the Authority shall prepare and submit to the Provincial Government specific schemes on the basis of the Programme, including any other scheme or schemes which the Provincial Government may direct the Authority to prepare, and all such schemes shall contain plans for the proposed development, including those for housing, if any, with estimates of cost and proposed methods of financing. Any such scheme involving ejection of persons should also indicate the manner of resettlement or re-housing of affected persons:</p> <p>Provided that the Authority may, without need for further approval by the Provincial Government, under intimation to the Provincial Government, undertake execution of any scheme already approved by it in the Programmes, the total estimated cost of which does not exceed rupees one lakh and specific provision for which exists in the annual estimate for income and expenditure of the Authority:</p> <p>Provided further that the Authority may, with the prior approval of the Provincia Government, take up for execution schemes of urgent public importance even before the preparation of the Master Plan under section 22 and of the development programme based thereon under this section.</p> | <p>২৯। নির্ধারিত পরিকল্পনাসমূহ প্রস্তুত ও পেশকরণ।-<br/>(১) সরকার কর্তৃক সংশোধনসহ বা ব্যতিরেকে কর্মসূচি অনুমোদনের পর কর্তৃপক্ষ অপর যে কোন পরিকল্পনা অথবা সরকার যে সমস্ত পরিকল্পনা প্রণয়নের জন্য কর্তৃপক্ষকে নির্দেশ দিবে সেইগুলিসহ পরিকল্পনার ভিত্তিতে নির্দিষ্ট পরিকল্পনাসমূহ প্রণয়ন করিবে এবং সরকারের নিকট প্রেরণ করিবে এবং এই সকল পরিকল্পনা গৃহায়ন, যদি থাকে, খরচের প্রাক্কলন এবং অর্থায়নের প্রস্তাবিত সংস্থানসহ প্রস্তাবিত উন্নয়ন পরিকল্পনার অন্তর্ভুক্ত থাকিবে। এইরূপ প্রকল্পে যদি লোকজনকে উচ্ছেদ করা প্রয়োজন হয় তাহা হইলে ঐ ক্ষতিগ্রস্ত ব্যক্তিদিগের পুনর্বাসন অথবা পুনঃ আবাসনের পদ্ধতি উল্লেখ করিতে হইবেঃ</p> <p>তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ সরকারের পুনঃঅনুমোদন ব্যতিরেকে সরকারকে অবগত করাইয়া সরকার কর্তৃক অনুমোদিত কর্মসূচির অন্তর্গত যে কোন পরিকল্পনা বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করিবে, উহার প্রাক্কলিত ব্যয় এক লক্ষ টাকার উর্দে হইবে না এবং কর্তৃপক্ষের বাৎসরিক আয়-ব্যয়ের বাজেটে উহার জন্য নির্দিষ্ট অর্থ বরাদ্দ থাকিতে হইবে;</p> <p>আরও শর্ত থাকে যে, কর্তৃপক্ষ সরকারের পূর্ব অনুমোদন সাপেক্ষে ধারা ২২ এর অধীন মহাপরিকল্পনা প্রণয়নের পূর্বেও এবং এই ধারার অধীন অন্যান্য উন্নয়ন কর্মসূচির আওতায় জরুরী জনগুরুত্বপূর্ণ পরিকল্পনাসমূহ বাস্তবায়নের কাজ করিতে পারিবে।</p> | <p>২৪। নির্ধারিত প্রকল্পসমূহ প্রস্তুত ও পেশকরণ।- (১) সরকার কর্তৃক সংশোধনসহ বা ব্যতিরেকে প্রকল্প এবং কর্মসূচি অনুমোদনের পর কর্তৃপক্ষ অপর যে কোন প্রকল্প অথবা সরকার যে সমস্ত প্রকল্প প্রণয়নের জন্য কর্তৃপক্ষকে নির্দেশ দিবে সেইগুলিসহ পরিকল্পনার ভিত্তিতে নির্দিষ্ট প্রকল্পসমূহ প্রণয়ন করিবে এবং সরকারের নিকট প্রেরণ করিবে এবং এই সকল প্রকল্পে গৃহায়ন, যদি থাকে, খরচের প্রাক্কলন এবং অর্থায়নের প্রস্তাবিত সংস্থানসহ প্রস্তাবিত উন্নয়ন পরিকল্পনার অন্তর্ভুক্ত থাকিবে। এইরূপ প্রকল্পে যদি লোকজনকে উচ্ছেদ করা প্রয়োজন হয় তাহা হইলে ঐ ক্ষতিগ্রস্ত ব্যক্তিদিগের পুনর্বাসন অথবা পুনঃআবাসনের পদ্ধতি উল্লেখ করিতে হইবেঃ</p> <p>তবে শর্ত থাকে যে, চেয়ারম্যান/ কর্তৃপক্ষ সরকারের পুনঃঅনুমোদন ব্যতিরেকে সরকারকে অবগত করাইয়া সরকার কর্তৃক অনুমোদিত কর্মসূচির অন্তর্গত যে কোন প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করিবে, উহার প্রাক্কলিত ব্যয় সরকার প্রদত্ত ক্ষমতার উর্দে হইবে না এবং কর্তৃপক্ষের বাৎসরিক আয়-ব্যয়ের বাজেটে উহার জন্য নির্দিষ্ট অর্থ বরাদ্দ থাকিতে হইবে;</p> |

|  |   |  |
|--|---|--|
| (2) The Provincial Government may sanction, with or without any modification, or may refuse to sanction, or may return for reconsideration, any specific scheme submitted to it under sub-section (1), or may call for such further details or information about the scheme, or may direct such further examination of the scheme, as it may consider necessary. | (২) সরকার ধারা ২৮ এর উপধারা (১) এর অধীন দাখিলকৃত যে কোন নির্দিষ্ট পরিকল্পনা সংশোধনসহ বা ব্যতিরেকে অনুমোদন করিতে পারিবে অথবা অনুমোদনে অস্বীকৃতি জানাইতে পারিবে অথবা পুনঃ বিবেচনার জন্য ফেরত পাঠাইতে পারিবে, অথবা প্রয়োজনীয় বিবেচনায় উক্ত পরিকল্পনা সম্পর্কে বিশদ বর্ণনা অথবা তথ্যের জন্য অথবা পুনরায় উহার পরীক্ষার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে। | (২) সরকার ধারা ২১ এর উপধারা (১) এর অধীন দাখিলকৃত যে কোন নির্দিষ্ট প্রকল্প সংশোধনসহ বা ব্যতিরেকে অনুমোদন করিতে পারিবে অথবা অনুমোদনে অস্বীকৃতি জানাইতে পারিবে অথবা পুনঃবিবেচনার জন্য ফেরত পাঠাইতে পারিবে, অথবা প্রয়োজনীয় বিবেচনায় উক্ত প্রকল্প সম্পর্কে বিশদ বর্ণনা অথবা তথ্যের জন্য অথবা পুনরায় উহার পরীক্ষার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে। |
| (3) A scheme framed and sanctioned under this Ordinance may be amended or modified by the Authority at any time but if a material change is made in the scheme, previous sanction of the Provincial Government shall be obtained.  | (৩) কর্তৃপক্ষ যে কোন সময় এই অধ্যাদেশের অধীন প্রণীত ও অনুমোদিত যে কোন পরিকল্পনা সংশোধন বা পরিমার্জন করিতে পারিবে; কিন্তু পরিকল্পনার বস্তুগত কোন পরিবর্তন করিতে হইলে সরকারের পূর্ব অনুমোদন গ্রহণ করিতে হইবে।   | ২৫। পরিকল্পনা ও প্রকল্প সংশোধন।- চেয়ারম্যান/ কর্তৃপক্ষ যে কোন সময় এই আইনের অধীন প্রণীত ও অনুমোদিত যে কোন প্রকল্প সংশোধন বা পরিমার্জন করিতে পারিবে; কিন্তু প্রকল্পের বস্তুগত কোন পরিবর্তন করিতে হইলে সরকারের পূর্ব অনুমোদন গ্রহণ করিতে হইবে।  |
| <b>Explanation.</b> - An increase in the cost of the scheme by more than ten per cent of the sanctioned cost shall be deemed to be a material change for the purpose of this section.  | ব্যাখ্যা-কোন পরিকল্পনার ব্যয়ের পরিমাণ অনুমোদিত ব্যয় অপেক্ষা ১০% অধিক হইলে এই ধারার বিধান মতে উহাকে বস্তুগত পরিবর্তন হিসাবে বিবেচনা করা হইবে।  | ব্যাখ্যা-কোন প্রকল্পের ব্যয়ের পরিমাণ অনুমোদিত ব্যয় অপেক্ষা ১০%(বা সময়ে সময়ে সরকার কর্তৃক নির্ধারিত) অধিক হইলে এই ধারার বিধান মতে উহাকে বস্তুগত পরিবর্তন হিসাবে বিবেচনা করা হইবে।   |
| <b>30. Matters to be provided for improvement scheme</b><br>An improvement or development scheme may provide for all or any of the following matters, namely:-   | ৩০। সংস্কারমূলক পরিকল্পনাসমূহের বিষয়বস্তু।- একটি সংস্কার বা উন্নয়ন পরিকল্পনায় নিম্নোক্ত সকল বা যে কোন বিষয় সন্নিবেশিত থাকিবে :-   | ২৬। সংস্কারমূলক প্রকল্পসমূহের বিষয়বস্তু।- একটি সংস্কার বা উন্নয়ন প্রকল্পে নিম্নোক্ত সকল বা যে কোন বিষয় সন্নিবেশিত থাকিবে :-   |
| (a) the acquisition by the Authority of any land, in the area comprised in the scheme, which will, in their opinion, be required for the execution of the scheme or be affected by the execution of the scheme;  | (ক) কর্তৃপক্ষ কর্তৃক অধিগ্রহণকৃত পরিকল্পনা এলাকার ভূমি যাহা তাহাদের মতে পরিকল্পনা বাস্তবায়নের জন্য আবশ্যিক হইবে অথবা উহার বাস্তবায়নের জন্য যে প্রভাব পড়িবে ;   | (ক) চেয়ারম্যান/ কর্তৃপক্ষ কর্তৃক অধিগ্রহণকৃত প্রকল্প এলাকার ভূমি যাহা তাহাদের মতে প্রকল্প বাস্তবায়নের জন্য আবশ্যিক হইবে অথবা উহার বাস্তবায়নের জন্য যে প্রভাব পড়িবে ;   |
| (b) the laying out or re laying out of the land in the said area;  | (খ) উল্লিখিত ভূমির নকশা বা পুন: নকশা প্রণয়ন;   | (খ) উল্লিখিত ভূমির নকশা বা পুন: নকশা প্রণয়ন;  |
| (c) such demolition, alternation or reconstruction of buildings situated on land which it is proposed to acquire in the said area, as the Authority may think necessary;   | (গ) উল্লিখিত এলাকায় প্রস্তাবিত ভূমি অধিগ্রহণকল্পে কর্তৃপক্ষ যেইরূপ আবশ্যিক মনে করিবে সেইরূপ, ভূমির উপর অবস্থিত ভবনের বিনষ্টকরণ, পরিবর্তন অথবা পুন:নির্মাণ;   | (গ) উল্লিখিত এলাকায় প্রস্তাবিত ভূমি অধিগ্রহণকল্পে কর্তৃপক্ষ যেইরূপ আবশ্যিক মনে করিবে সেইরূপ, ভূমির উপর অবস্থিত ভবনের বিনষ্টকরণ, পরিবর্তন অথবা পুন:নির্মাণ;  |
| (d) the construction of any buildings which the Authority may consider it necessary to erect for any purpose other than sale;  | (ঘ) কর্তৃপক্ষ যে কোন উদ্দেশ্যে যেইরূপ প্রয়োজন বিবেচনা করিবে বিক্রয় ব্যতীত সেইরূপ যে কোন ভবন নির্মাণ;  | (ঘ) কর্তৃপক্ষ যে কোন উদ্দেশ্যে যেইরূপ প্রয়োজন বিবেচনা করিবে সেইরূপ যে কোন ভবন নির্মাণ;  |
| (e) the laying out or alternation of streets (including bridges, causeways and culverts);  | (ঙ) সড়ক নির্মাণ বা পরিবর্তনের নকশা (সেতু ,উঁচু পায়ে চলা পথ এবং কালভার্টসহ);   | (ঙ) সড়ক নির্মাণ বা পরিবর্তনের নকশা (সেতু ,উঁচু পায়ে চলা পথ এবং কালভার্টসহ);  |
| (f) the levelling, paving, metalling, flagging, channelling, sewerage and draining of the said streets and the provisions therein of water, lighting and other sanitary conveniences ordinarily provided in a Municipality;  | (চ) উল্লিখিত সড়কের মাটি ভরাট, সমতলকরণ, খোয়া বিছানো, প্রস্তর বিছানো,পানি ও পয়ঃনিষ্কাশনের ব্যবস্থা এবং পৌরসভা কর্তৃক সাধারণত: যেইরূপ পানি, বিদ্যুৎ ও অন্যান্য স্বাস্থ্যসম্মত সুবিধাদি প্রদান করা হয় সেইরূপ ব্যবস্থা গ্রহণ;  | (চ) উল্লিখিত সড়কের মাটি ভরাট, সমতলকরণ, খোয়া বিছানো, প্রস্তর বিছানো, পানি ও পয়ঃনিষ্কাশনের ব্যবস্থা এবং সিটি কর্পোরেশন/পৌরসভা/ ইউনিয়ন পরিষদ কর্তৃক সাধারণত: যেইরূপ পানি, বিদ্যুৎ ও অন্যান্য স্বাস্থ্যসম্মত সুবিধাদি প্রদান করা হয় সেইরূপ ব্যবস্থা গ্রহণ;  |
| (g) the raising, lowering or levelling of any land in the area   | (ছ) পরিকল্পনাজুক্ত এলাকার ভূমি উঁচুকরণ, নীচুকরণ অথবা সমতল করণ;  | (ছ) প্রকল্পভুক্ত এলাকার ভূমি উঁচুকরণ, নীচুকরণ অথবা সমতলকরণ;  |

|   |   |   |
|---|---|---|
| comprised in the scheme;  |   |   |
| (h) the formation, retention or enlargement of open spaces;   | (জ) মুজাঙ্গণ সৃষ্টি, সংরক্ষণ এবং বর্ধিতকরণ;   | (জ) মুজাঙ্গণ সৃষ্টি ও গণস্থান সংরক্ষণ এবং বর্ধিতকরণ;  |
| (i) the augmentation of the present water supply, or any other scheme for the improvement of the water supply;  | (ঝ) বর্তমান পানি সরবরাহ ব্যবস্থার উন্নতিকরণ অথবা পানি সরবরাহ ব্যবস্থায় উন্নয়নের লক্ষ্যে অন্য যে কোন পরিকল্পনা গ্রহণ;  | (ঞ) অত্র আইনের সহিত সঙ্গতিপূর্ণ অন্য যে কোন বিষয় কর্তৃপক্ষ যেইরূপ বিবেচনা করিবে।   |
| (j) the making of a drainage and sewerage scheme including outfall works; and   | (ঞ) পানি নির্গমন ব্যবস্থা সহ পানি ও পয়ঃনিষ্কাশন পরিকল্পনা;   |   |
| (k) any other matters consistent with this Ordinance which the Authority may think fit.   | (ট) অত্র অধ্যাদেশের সহিত সঙ্গতিপূর্ণ অন্য যে কোন বিষয় কর্তৃপক্ষ যেইরূপ বিবেচনা করিবে।  |   |
| <b>31. Discontinuance of use of land and alteration or removal of building</b><br>Whenever it appears to the Authority that it is expedient in the interests of the public and for the proper planning of the area included in any improvement or development scheme—<br>(a) that any use of land should be discontinued, or that any conditions should be imposed on the continuance thereof; or   | ৩১। ভূমি ব্যবহারে বিরতি করণ এবং ভবনের পরিবর্তন অথবা অপসারণ।- যখন কর্তৃপক্ষের নিকট এইরূপ প্রতীয়মান হইবে যে সংস্কার ও উন্নয়নমূলক পরিকল্পনা এলাকার জনস্বার্থে এবং সঠিক পরিকল্পনার জন্য সমীচীন-<br>(ক) ভূমির ব্যবহার বন্ধ ঘোষণা উচিত হইবে অথবা উহা অব্যাহত রাখার জন্য যে কোন শর্ত আরোপ করা বাঞ্ছনীয় হইবে; অথবা   | ২৭। ভূমি ব্যবহারে বিরতিকরণ এবং ভবনের পরিবর্তন অথবা অপসারণ।- যখন কর্তৃপক্ষের নিকট এইরূপ প্রতীয়মান হইবে যে সংস্কার ও উন্নয়নমূলক প্রকল্প এলাকার জনস্বার্থে এবং সঠিক পরিকল্পনার জন্য-<br>(ক) ভূমির ব্যবহার বন্ধ ঘোষণা উচিত হইবে অথবা উহা অব্যাহত রাখার জন্য যে কোন শর্ত আরোপ করা বাঞ্ছনীয় হইবে; অথবা   |
| (b) that any building or works or factory should be altered or removed, the Authority may pass a resolution to the effect and such resolution shall form part of the particulars of the scheme under clause (c) of sub section (1) of section 33.   | (খ) কোন ভবন অথবা পূর্তকর্ম অথবা কারখানার পরিবর্তন বা অপসারণ করা উচিত হইবে-<br>কর্তৃপক্ষ এই মর্মে একটি সিদ্ধান্ত প্রস্তাব গ্রহণ করিতে পারিবে এবং এইরূপ সিদ্ধান্ত প্রস্তাব ধারা ৩৩ এর উপধারা (১) এর উপানুচ্ছেদ (গ) এর অধীন পরিকল্পনের বিবরণীর অংশ হিসাবে পরিগণিত হইবে।  | (খ) কোন ভবন অথবা পূর্তকর্ম অথবা কারখানার পরিবর্তন বা অপসারণ করা উচিত হইবে-<br>কর্তৃপক্ষ এই মর্মে একটি সিদ্ধান্ত প্রস্তাব গ্রহণ করিতে পারিবে এবং এইরূপ সিদ্ধান্ত প্রস্তাব ধারা ২৯ এর উপধারা (১) এর উপানুচ্ছেদ (গ) এর অধীন প্রকল্পের বিবরণীর অংশ হিসাবে পরিগণিত হইবে।   |
| <b>32. Re-housing of persons displaced by improvement schemes</b><br>The Authority may frame schemes (hereinafter called the re housing schemes) for the construction, maintenance and management of such and so many dwellings and shapes as they may consider ought to be provided for persons of the poorer and working classes who are displaced or likely to be displaced by the execution of any improvement or development scheme sanction under this Ordinance. | ৩২। সংস্কারমূলক পরিকল্পনের কারণে ক্ষতিগ্রস্ত জনগণের পুনঃ আবাসন।- কর্তৃপক্ষ যেইরূপ বিবেচনা করিবে সেইরূপ এবং যতগুলি গৃহ ও দোকান নির্মাণ, সংরক্ষণ এবং ব্যবস্থাপনার জন্য পরিকল্পনা প্রণয়ন করিবে ( যাহা অতঃপর পুনঃ আবাসন হিসাবে অভিহিত হইবে)। এই অধ্যাদেশের অধীন সংস্কার ও উন্নয়নমূলক পরিকল্পনা বাস্তবায়নের জন্য স্থানচ্যুত অথবা স্থানচ্যুত হইতে পারে এইরূপ দরিদ্র ও শ্রমিক শ্রেণীর মধ্যে এইগুলি বিলি বন্দোবস্ত করিতে হইবে। | ২৮। সংস্কারমূলক প্রকল্পের কারণে ক্ষতিগ্রস্ত জনগণের পুনঃআবাসন।- কর্তৃপক্ষ যেইরূপ বিবেচনা করিবে সেইরূপ এবং যতগুলি গৃহ ও দোকান নির্মাণ, সংরক্ষণ এবং ব্যবস্থাপনার জন্য প্রকল্প প্রণয়ন করিবে ( যাহা অতঃপর পুনঃআবাসন হিসাবে অভিহিত হইবে)। এই আইনের অধীন সংস্কার ও উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য স্থানচ্যুত অথবা স্থানচ্যুত হইতে পারে এইরূপ ব্যক্তিবর্গের মধ্যে এইগুলি বিলি বন্দোবস্ত করিতে হইবে। |
| <b>33. Preparation, publications and transmission of notice as to improvement scheme and supply of documents to applicants</b><br>(1) When any improvement or development scheme or re housing scheme has been framed, for any area within the Municipality, the Authority shall prepare a notice, stating-   | ৩৩। পরিকল্পনা সংক্রান্ত নোটিস প্রস্তুত, প্রেরণ, প্রকাশ ও বিতরণ এবং আবেদনকারীর আবেদনের তথ্যাদি।-<br>(১) পৌর এলাকার মধ্যে যখন কোন সংস্কার অথবা উন্নয়নমূলক অথবা পুনঃ আবাসন পরিকল্পনা প্রণয়ন করা হয় তখন কর্তৃপক্ষ উল্লেখ সহকারে এই মর্মে নোটিস প্রস্তুত করিবে যে-  | ২৯। প্রকল্প সংক্রান্ত নোটিস প্রস্তুত, প্রেরণ, প্রকাশ ও বিতরণ এবং আবেদনকারীর আবেদনের তথ্যাদি।- (১) মহাপরিকল্পনাভুক্ত এলাকার মধ্যে যখন কোন সংস্কার অথবা উন্নয়নমূলক অথবা পুনঃআবাসন প্রকল্প প্রণয়ন করা হয় তখন কর্তৃপক্ষ উল্লেখ সহকারে এই মর্মে নোটিস প্রস্তুত করিবে যে-  |
| (a) the fact that the scheme has been framed,   | (ক) ইহা সঠিক যে, পরিকল্পনাটি প্রণয়ন করা হইয়াছে;   | (ক) ইহা সঠিক যে, প্রকল্পটি প্রণয়ন করা হইয়াছে;   |

|  |  |  |
|--|--|--|
|  |  |  |
| (b) the boundaries of the area comprised in the scheme, and  | (খ) এলাকার নির্দিষ্ট সীমানা পরিকল্পের আওতাভুক্ত করা হইয়াছে এবং  | (খ) এলাকার নির্দিষ্ট সীমানা প্রকল্পের আওতাভুক্ত করা হইয়াছে এবং  |
| (c) the place at which particulars of the scheme, a map of the area comprised in the scheme, and a statement of the land which it is proposed to acquire and of the land in regard to which it is proposed to recover a betterment fee, may be sent at reasonable hours.<br>(2) The Authority shall-<br>(i) cause the said notice to be published weekly for three consecutive weeks in the official Gazette and in local newspapers, with a statement of the period within which objections will be received, and | (গ) নির্দিষ্ট স্থান যেখানে পরিকল্পের পূর্ণাঙ্গ বিবরণ, পরিকল্পে অন্তর্ভুক্ত এলাকার নকশা, প্রস্তাবিত ভূমি অধিগ্রহণ সংক্রান্ত প্রতিবেদন এবং উন্নয়ন ফি আদায়ের প্রস্তাব সম্বলিত ভূমি এবং উহা যুক্তিসংগত সময়ের মধ্যে প্রেরণ করিতে হইবে।<br>(২) কর্তৃপক্ষ-<br>(ক) আপত্তি গ্রহণের সময় সীমার বিবরণসহ উক্ত নোটিস সরকারী গেজেট ও স্থানীয় সংবাদপত্রে ক্রমাগতভাবে তিন সপ্তাহের জন্য প্রকাশের ব্যবস্থা গ্রহণ করিবে, এবং   | (গ) নির্দিষ্ট স্থান যেখানে প্রকল্পের পূর্ণাঙ্গ বিবরণ, প্রকল্পে অন্তর্ভুক্ত এলাকার নকশা, প্রস্তাবিত ভূমি অধিগ্রহণ সংক্রান্ত প্রতিবেদন এবং উৎকর্ষসাধন ফি (Betterment Fee) আদায়ের প্রস্তাব সম্বলিত ভূমি এবং উহা যুক্তিসংগত সময়ের মধ্যে প্রেরণ করিতে হইবে।<br>(২) কর্তৃপক্ষ-<br>(ক) আপত্তি গ্রহণের সময় সীমার বিবরণসহ উক্ত নোটিস সরকারি গেজেট ও স্থানীয় সংবাদপত্রে ক্রমাগতভাবে সাত দিন পর পর সর্বমোট তিনবার প্রকাশের ব্যবস্থা গ্রহণ করিবে, এবং  |
| (ii) send a copy of the notice to the chairman of the Municipality.  | (খ) নোটিশের একটি অনুলিপি পৌরসভার চেয়ারম্যানের নিকট প্রেরণ করিবে;  | (খ) নোটিশের একটি অনুলিপি সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন ও পৌরসভার মেয়র/ জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নিকট প্রেরণ করিবে;   |
| (3) The Chairman shall cause copies of all documents referred to in clause (c) of sub-section (1) to be delivered to any applicant on payment of such fee as may be prescribed.  | (৩) চেয়ারম্যান উপধারা (১) এর উপানুচ্ছেদ (গ) তে উল্লিখিত সকল দলিলপত্রের অনুলিপি নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে যে কোন আবেদনকারীকে সরবরাহ করিবার ব্যবস্থা গ্রহণ করিবে।  | (৩) মেয়র/ চেয়ারম্যান উপধারা (১) এর উপানুচ্ছেদ (গ) তে উল্লিখিত সকল দলিলপত্রের অনুলিপি নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে যে কোন আবেদনকারীকে সরবরাহ করিবার ব্যবস্থা গ্রহণ করিবে।   |
| <b>34. Transmission to Authority of representation by Municipality</b><br>The chairman of the Municipality to whom a copy of the notice has been sent under clause (ii) of sub-section (2) of section 33 shall, within a period of thirty days from the receipt of the said copy, forward to the Authority any representation which the Municipality may think fit to make with regard to the scheme.  | ৩৪। কর্তৃপক্ষের নিকট পৌরসভা কর্তৃক অভিনিবেদন।-<br>পৌরসভার চেয়ারম্যান যাহার নিকট ধারা ৩৩ এর উপধারা (২) এর উপানুচ্ছেদ (খ) এর নোটিশের অনুলিপি প্রেরণ করা হইয়াছে, উক্ত নোটিস প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে ঐ পরিকল্প সম্পর্কে যেইরূপ মনে করিবে সেইরূপ আপত্তি বা বক্তব্য পেশ করিবেন।  | ৩০। কর্তৃপক্ষের নিকট সিটি কর্পোরেশন/ পৌরসভা/ জেলা পরিষদ/ উপজেলা পরিষদ/ ইউনিয়ন পরিষদ কর্তৃক অভিনিবেদন (Representation)।- সিটি কর্পোরেশন ও পৌরসভার মেয়র/ জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান যাহার নিকট ধারা ২৯ এর উপধারা (২) এর উপানুচ্ছেদ (খ) এর নোটিশের অনুলিপি প্রেরণ করা হইয়াছে, উক্ত নোটিস প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে ঐ প্রকল্প সম্পর্কে যেইরূপ মনে করিবে সেইরূপ আপত্তি বা বক্তব্য পেশ করিবেন।  |
| <b>35. Furnishing list of persons and copy of, or extract from assessment list</b><br>As soon as possible after the publication of a notice under section 33, the Chairman shall send a statement containing the particulars of the land which it is proposed to acquire in executing the scheme or in regard to which it is proposed to recover a betterment fee, to the chairman of the Municipality, in which any portion of the area comprised in the scheme is situated, with a request to furnish-           | ৩৫। ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের তালিকা এবং কর নিরূপনের উদ্ধৃতি অথবা উহার অনুলিপি প্রদান।-<br>ধারা ৩৩ নং এর অধীন নোটিস প্রকাশিত হওয়ার পর যথাসম্ভব চেয়ারম্যান, পরিকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তাবিত ভূমি অধিগ্রহণ অথবা উন্নয়ন ফি আদায় করিবার লক্ষ্যে প্রস্তাবিত ভূমি সংক্রান্ত বিবরণ সম্বলিত একটি প্রতিবেদন, যেইক্ষেত্রে পরিকল্পে অন্তর্ভুক্ত এলাকার কোন অংশ পৌরসভার অন্তর্গত, পৌরসভার চেয়ারম্যানের নিকট প্রেরণ করিবেন, এবং তাঁহাকে নিম্নলিখিত তথ্যাদি পেশ করিবার অনুরোধ জানাইবেন- | ৩১। ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের তালিকা এবং কর নিরূপনের উদ্ধৃতি অথবা উহার অনুলিপি প্রদান।- ধারা ২৯ নং এর অধীন নোটিস প্রকাশিত হওয়ার পর যথাসম্ভব চেয়ারম্যান, প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তাবিত ভূমি অধিগ্রহণ অথবা উৎকর্ষসাধন ফি (Betterment Fee) আদায় করিবার লক্ষ্যে প্রস্তাবিত ভূমি সংক্রান্ত বিবরণ সম্বলিত একটি প্রতিবেদন, যেইক্ষেত্রে প্রকল্পে অন্তর্ভুক্ত এলাকার কোন অংশ সিটি কর্পোরেশন/পৌরসভার/ ইউনিয়ন পরিষদের অন্তর্গত, সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নিকট প্রেরণ করিবেন, এবং তাঁহাকে নিম্নলিখিত তথ্যাদি পেশ করিবার অনুরোধ জানাইবেন- |
| (i) a list of the names and addresses of the persons whose lands are likely to be acquired for, or affected by, the execution of the scheme, and   | (ক) পরিকল্প বাস্তবায়নের জন্য যে সকল ব্যক্তির ভূমি অধিগ্রহণ করা হইবে অথবা যাহারা ক্ষতিগ্রস্ত হইবেন ঐ সকল ব্যক্তির নামের তালিকা এবং ঠিকানা, এবং   | (ক) প্রকল্প বাস্তবায়নের জন্য যে সকল ব্যক্তির ভূমি অধিগ্রহণ করা হইবে অথবা যাহারা ক্ষতিগ্রস্ত হইবেন ঐ সকল ব্যক্তির নামের তালিকা এবং ঠিকানা, এবং   |



|   |   |   |
|---|---|---|
| (ii) a copy of or extract from the Municipality assessment list, within fourteen days of the receipt of such request and on payment of <b>prescribed</b> fee.   | (খ) এইরূপ অনুরোধ প্রাপ্তির চৌদ্দ দিনের মধ্যে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে পৌরসভার কর-ধার্য তালিকার অনুলিপি অথবা উদ্ধৃতাংশ।  | (খ) এইরূপ অনুরোধ প্রাপ্তির চৌদ্দ দিনের মধ্যে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে সিটি কর্পোরেশন/ পৌরসভা/ ইউনিয়ন পরিষদের কর-ধার্য তালিকার অনুলিপি অথবা উদ্ধৃতাংশ।  |
| <b>36. Abandonment of improvement scheme, or application to Provincial Government to sanction it</b><br>(1) After the expiry of the periods respectively prescribed under clause (i) of sub section (2) of section 33 and by section 34 in respect of any improvement scheme or re housing scheme, the Authority shall consider any objection, representation and statement of dissent received there under and after hearing all persons making any such objection, representation or dissent who may desire to be heard, the Authority may either abandon the scheme or apply to the Provincial Government for sanction to the scheme with such modification (if any), as the Authority may consider necessary. | ৩৬। সংস্কার পরিকল্পনা পরিত্যক্তকরণ অথবা ইহা মঞ্জুরের জন্য সরকারের নিকট আবেদন।-<br>(১) ধারা ৩৩ এর উপধারা (২) এর উপ-অনুচ্ছেদ (২) এবং ধারা ৩৪ এর অধীন কোন সংস্কার পরিকল্পনা অথবা পুনঃ আবাসন পরিকল্পনার জন্য যথাক্রমে নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর কর্তৃপক্ষ প্রাপ্ত আপত্তি, অভিনিবেদন বা ভিন্নমত পোষণ সংক্রান্ত প্রতিবেদন পর্যালোচনা করিবে এবং আপত্তি উপস্থাপনকারী, দরখাস্তকারী অথবা ভিন্নমত পোষণকারী ব্যক্তিবর্গের ইচ্ছানুকূলে শুনানী গ্রহণ করিবে। অতঃপর কর্তৃপক্ষ পরিকল্পনাটি পরিত্যাগ করিতে পারিবে অথবা যেমন বিবেচনা করিবে (যদি থাকে) তেমন সংশোধনীসহ মঞ্জুরের জন্য সরকারের নিকট আবেদন জানাইবে। | ৩২। সংস্কার প্রকল্প পরিত্যক্তকরণ অথবা ইহা মঞ্জুরের জন্য সরকারের নিকট আবেদন।-<br>(১) ধারা ২৯ এর উপধারা (২) এর উপানুচ্ছেদ (খ) এবং ধারা ৩০ এর অধীন কোন সংস্কার প্রকল্প অথবা পুনঃ আবাসন প্রকল্পের জন্য যথাক্রমে নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর কর্তৃপক্ষ প্রাপ্ত আপত্তি, অভিনিবেদন বা ভিন্নমত পোষণ সংক্রান্ত প্রতিবেদন পর্যালোচনা করিবে এবং আপত্তি উপস্থাপনকারী, দরখাস্তকারী অথবা ভিন্নমত পোষণকারী ব্যক্তিবর্গের ইচ্ছানুকূলে শুনানী গ্রহণ করিবে। অতঃপর কর্তৃপক্ষ প্রকল্পটি পরিত্যাগ করিতে পারিবে অথবা যেমন বিবেচনা করিবে (যদি থাকে) তেমন সংশোধনীসহ মঞ্জুরের জন্য সরকারের নিকট আবেদন জানাইবে। |
| (2) Every application submitted under sub section (1) shall be accompanied by-  | (২) উপধারা (১) এর অধীন প্রেরিত প্রতিটি আবেদনপত্রের সহিত নিম্নোক্ত সংযুক্তি থাকিবে যথা-  | (২) উপধারা (১) এর অধীন প্রেরিত প্রতিটি আবেদনপত্রের সহিত নিম্নোক্ত সংযুক্তি থাকিবে যথা-  |
| (a) a description of, and full particulars relating to the scheme, and complete plans and estimates of the cost of executing the scheme;  | (ক) পরিকল্পনা সম্পর্কে একটি বর্ণনা ও পূর্ণাঙ্গ বিবরণীসহ, সম্পূর্ণ পরিকল্পনা এবং পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ব্যয় সংক্রান্ত প্রাক্কলন,   | (ক) প্রকল্প সম্পর্কে একটি বর্ণনা ও পূর্ণাঙ্গ বিবরণীসহ, সম্পূর্ণ পরিকল্পনা এবং প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ব্যয় সংক্রান্ত প্রাক্কলন,   |
| (b) a statement of the reasons for any modifications made in the scheme as originally framed;   | (খ) মূল পরিকল্পনার কোন প্রকার সংশোধনের কারণ সম্পর্কে একটি প্রতিবেদন,  | (খ) মূল প্রকল্পের কোন প্রকার সংশোধনের কারণ সম্পর্কে একটি প্রতিবেদন,   |
| (c) a statement of objections (if any), received under section 33;  | (গ) ধারা ৩৩ এর অধীন প্রাপ্ত আপত্তির (যদি থাকে) একটি প্রতিবেদন,  | (গ) ধারা ২৯ এর অধীন প্রাপ্ত আপত্তির (যদি থাকে) একটি প্রতিবেদন,  |
| (d) any representation received under section 34;   | (ঘ) ধারা ৩৪ এর অধীন প্রাপ্ত অভিনিবেদন;  | (ঘ) ধারা ৩০ এর অধীন প্রাপ্ত অভিনিবেদন;  |
| (e) a statement of the arrangements made or proposed by the Authority for the re housing of persons of the poorer and working classes who are likely to be displaced by the execution of the schemes.   | (ঙ) পরিকল্পনা বাস্তবায়নের কারণে সম্ভাব্য ক্ষতিগ্রস্ত, দরিদ্র ও শ্রমিক শ্রেণীর ব্যক্তিদিগকে কর্তৃপক্ষ কর্তৃক পুনঃ আবাসনের জন্য গৃহীত এবং প্রস্তাবিত ব্যবস্থা সমূহের উপর একটি প্রতিবেদন।   | (ঙ) প্রকল্প বাস্তবায়নের কারণে সম্ভাব্য ক্ষতিগ্রস্ত, দরিদ্র ও শ্রমিক শ্রেণীর ব্যক্তিদিগকে কর্তৃপক্ষ কর্তৃক পুনঃআবাসনের জন্য গৃহীত এবং প্রস্তাবিত ব্যবস্থাসমূহের উপর একটি প্রতিবেদন।   |
| <b>37. Power to sanction or reject improvement scheme</b><br>The provincial Government may sanction, either with or without modification, or may refuse to sanction, any improvement scheme or re housing scheme submitted to it under section 36; but in either case, it shall communicate its decision to the Authority within four months from the date of receipt of the scheme from the Authority.   | ৩৭। সংস্কার পরিকল্পনা মঞ্জুর বা বাতিলের ক্ষমতা।-<br>ধারা ৩৬ এর অধীন প্রেরিত যে কোন সংস্কারমূলক পরিকল্পনা অথবা পুনঃ আবাসন পরিকল্পনা সরকার সংশোধনীসহ বা ব্যতীত মঞ্জুর করিতে পারিবে অথবা মঞ্জুর করিতে অস্বীকৃতি জানাইতে পারিবে; কিন্তু উভয়ক্ষেত্রে কর্তৃপক্ষের নিকট হইতে চার মাসের মধ্যে ইহার সিদ্ধান্ত কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।   | ৩৩। সংস্কার প্রকল্প মঞ্জুর বা বাতিলের ক্ষমতা।-<br>ধারা ৩২ এর অধীন প্রেরিত যে কোন সংস্কারমূলক প্রকল্প অথবা পুনঃআবাসন প্রকল্প সরকার সংশোধনীসহ বা ব্যতীত মঞ্জুর করিতে পারিবে অথবা মঞ্জুর করিতে অস্বীকৃতি জানাইতে পারিবে; কিন্তু উভয়ক্ষেত্রে কর্তৃপক্ষের নিকট হইতে প্রকল্প প্রাপ্তির তারিখ হইতে চার মাসের মধ্যে ইহার সিদ্ধান্ত কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।   |
| <b>38. Notification of sanction to improvement scheme</b>   | ৩৮। সংস্কার পরিকল্পনা মঞ্জুরের প্রজ্ঞাপন।-  | ৩৪। সংস্কার প্রকল্প মঞ্জুরের প্রজ্ঞাপন।- (১) যখন সরকার সংস্কার প্রকল্প অথবা   |

|  |  |   |
|--|--|---|
| <p>(1) Whenever the provincial Government sanctions an improvement scheme or re housing scheme, it shall announce the fact by notification and the Authority shall forthwith proceed to execute the scheme.</p>  | <p>(১) যখন সরকার সংস্কার পরিকল্পনা অথবা পুনঃ আবাসন পরিকল্পনা মঞ্জুর করিবে তখন ইহা প্রজ্ঞাপন দ্বারা ঘোষিত হইবে এবং কর্তৃপক্ষ উহা বাস্তবায়নের জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করিবে।</p>  | <p>পুনঃআবাসন প্রকল্প মঞ্জুর করিবে তখন ইহা প্রজ্ঞাপন দ্বারা ঘোষিত হইবে এবং কর্তৃপক্ষ উহা বাস্তবায়নের জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করিবে।</p>   |
| <p>(2) The publication of a notification under sub section (1), in respect of any scheme, shall be conclusive evidence that the scheme has been duly framed and sanctioned.</p>  | <p>(২) উপধারা (১) এর অধীন কোন পরিকল্পনার বিষয়ে প্রজ্ঞাপন জারির ফলে উহা নিরঙ্কুশভাবে প্রমাণিত হইবে যে, পরিকল্পনাটি যথাযথভাবে প্রণীত ও মঞ্জুর করা হইয়াছে।</p>  | <p>(২) উপধারা (১) এর অধীন কোন প্রকল্পের বিষয়ে প্রজ্ঞাপন জারির ফলে উহা নিরঙ্কুশভাবে প্রমাণিত হইবে যে, প্রকল্পটি যথাযথভাবে প্রণীত ও মঞ্জুর করা হইয়াছে।</p>  |
| <p><b>39. Combination of improvement scheme</b><br/>Any number of areas in respect of which improvement, development or re housing schemes have been, or are proposed to be framed, may, at any time, be included in one combined scheme.</p>  | <p>৩৯। সংস্কার পরিকল্পনার সমন্বয়।-<br/>সংস্কার, উন্নয়ন অথবা পুনঃ আবাসন পরিকল্পনাসমূহের এলাকা যাহা প্রণয়ন করা হইয়াছে অথবা প্রণয়নের প্রস্তাব করা হইয়াছে সমন্বিত পরিকল্পনার অন্তর্ভুক্ত বলিয়া যে কোন সময় বিবেচিত হইবে।</p>  | <p>৩৫। সংস্কার প্রকল্পের সমন্বয়।- সংস্কার, উন্নয়ন অথবা পুনঃআবাসন প্রকল্পসমূহের এলাকা যাহা প্রণয়ন করা হইয়াছে অথবা প্রণয়নের প্রস্তাব করা হইয়াছে সমন্বিত প্রকল্পের অন্তর্ভুক্ত বলিয়া যে কোন সময় বিবেচিত হইবে।</p>  |
| <p><b>40. Width of streets</b><br/>No street laid out or altered by the Authority shall be of less width than-</p>   | <p>৪০। সড়কের প্রশস্ততা।-<br/>কর্তৃপক্ষ কর্তক নির্মিতব্য সড়ক অথবা পরিবর্তিত সড়কের প্রশস্ততা ন্যূনপক্ষে হইবে-</p>   | <p>-</p>  |
| <p>(a) forty feet, if the street be intended for vehicular traffic, or</p>   | <p>(ক) চল্লিশ ফুট, যদি যানবাহন চলাচলের উদ্দেশ্যে নির্মিত হয়, অথবা</p>   |   |
| <p>(b) twenty feet, if the street be intended for pedestrian traffic only:<br/>Provided as follows:<br/><br/>(i) the width of an existing street need not be increased to the minimum required by this section, if the Authority consider it impracticable to do so; and<br/><br/>(ii) nothing in this section shall be deemed to prevent the Authority from laying out service passages for sanitary purposes of any width less than twenty feet.</p>   | <p>(খ) বিশ ফুট, যদি পথচারী চলাচলের উদ্দেশ্যে নির্মিত হয়ঃ<br/>তবে নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হইবে ঃ<br/>(১) কর্তৃপক্ষ যদি এই ধারার অধীন সড়কের প্রশস্ততা বৃদ্ধি অসম্ভব বলিয়া বিবেচনা করে তাহা হইলে বিদ্যমান সড়কের প্রয়োজনীয় ন্যূনতম প্রশস্ততা বৃদ্ধির আবশ্যিকতা নাই; এবং<br/>(২) এই ধারার অধীন কোন কিছুই কর্তৃপক্ষকে স্বাস্থ্যসম্মত ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে বিশ ফুট প্রশস্ততার কম পয়গনিষ্কাশনের জন্য অন্তরায় সৃষ্টি করিবে না।</p>  |   |
| <p><b>41. Transfer to Authority for purposes of improvement schemes of building or land vested in a Municipality, Union council or District Council</b><br/>(1) Whenever any building, or any street, square or other land, or any part thereof, which<br/><br/>(a) is situated in the Municipality and is vested in it, or<br/><br/>(c) is situated in any part of the District council or any Union council in which this Ordinance is for the time being in force, and is vested in that district or Union council, is within the area of any improvement or development scheme or re-housing scheme and is required for the purpose of such scheme, the Authority shall give notice accordingly to the</p> | <p>৪১। জেলা পরিষদ, পৌর-সভা অথবা ইউনিয়ন পরিষদের নিকট ন্যস্ত ভূমি অথবা ইমারত সংস্কার পরিকল্পনার উদ্দেশ্যে কর্তৃপক্ষের নিকট হস্তান্তরিত হইবে।-<br/>(১) যখন কোন ইমারত, অথবা কোন সড়ক, উন্মুক্ত স্থান অথবা অন্য কোন ভূমি অথবা ইমারত কোন অংশ যাহা-<br/>(ক) পৌরসভার মধ্যে অবস্থিত এবং উহার উপর ন্যস্ত, অথবা<br/>(খ) এই অধ্যাদেশের অধীন আপাততঃ বলবৎ কোন জেলা পরিষদ অথবা ইউনিয়ন পরিষদের যে কোন অংশে অবস্থিত এবং উহার উপর ন্যস্ত; কোন সংস্কার অথবা উন্নয়ন পরিকল্পনা অথবা পুনঃ আবাসন পরিকল্পনার অংশ এবং উক্ত পরিকল্পনা বাস্তবায়নের জন্য উহা আবশ্যিক, তখন কর্তৃপক্ষ যথানিয়মে পৌরসভা অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বরাবর নোটিস প্রদান করিবে এবং</p> | <p>৩৬। স্থানীয় সরকার সংস্থায় ন্যস্ত ভূমি বা ইমারত কর্তৃপক্ষে হস্তান্তর।- (১) স্থানীয় সরকার প্রতিষ্ঠানে ন্যস্ত কোন ইমারত অথবা কোন সর্বজনীন সড়ক অথবা কোন জমি বা স্কার বা উহার কোন অংশ, উক্ত উন্নয়ন প্রকল্পের আওতাভুক্ত হওয়ার ক্ষেত্রে উক্ত প্রকল্পের উদ্দেশ্যে প্রয়োজন হইলে কর্তৃপক্ষ উক্ত বিষয়ে উক্ত স্থানীয় প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবরে উক্ত মর্মে নোটিস প্রদান করিলে উক্ত ইমারত, বা সর্বজনীন সড়ক, স্কার বা জমি বা উহার কোন অংশ কর্তৃপক্ষে ন্যস্ত হইবে।</p> |

|  |  |  |
|--|--|--|
| <p>Chairman of the Municipality, of the District Council or of the Union Council, as the case may be, and such building, street, square, other land or part, shall thereupon vest in the Authority.</p>  | <p>এইরূপ ইমারত, সড়ক, উন্মুক্ত স্থান, অন্য ভূমি অথবা উহার অংশ কর্তৃপক্ষের নিকট ন্যস্ত হইবে।</p>  |  |
| <p>(2) Where any street or square, or any part thereof vests in the Authority under sub section (1) no compensation shall be payable by the Authority to the Municipality, the District or Union Council, in respect of such street, square or part.</p>   | <p>(২) যখন উপধারা (১) এর অধীন কোন সড়ক অথবা উন্মুক্ত স্থান অথবা উহার অংশ কর্তৃপক্ষের নিকট ন্যস্ত হইবে তখন এইরূপ ভূমির জন্য জেলা পরিষদ অথবা ইউনিয়ন পরিষদ ব্যতীত কর্তৃপক্ষ কর্তৃক এইরূপ সড়ক, উন্মুক্ত স্থান বা অংশের জন্য কোন প্রকার ক্ষতিপূরণ প্রদেয় হইবে না।</p>  | <p>(২) উপ-ধারা (১) এর অধীনে কোন সর্বজনীন সড়ক বা স্কয়ার বা উহার কোন অংশ কর্তৃপক্ষে ন্যস্ত হইলে উক্ত সর্বজনীন সড়ক, স্কয়ার বা উহার অংশের জন্য উক্ত স্থানীয় সরকার সংস্থাকে কোনরূপ ক্ষতিপূরণ প্রদেয় হইবে না।</p>  |
| <p>(3) Where any land, not being a street or square, vests in the Authority under sub section (1) compensation in respect of such land shall not be payable by the Authority except to the District or the Union Council as the case may be.</p>   | <p>(৩) যখন উপধারা (১) এর অধীন সড়ক অথবা উন্মুক্ত স্থান ব্যতীত কোন ভূমি কর্তৃপক্ষের নিকট অর্পিত হইবে তখন এইরূপ ভূমির জন্য কর্তৃপক্ষকে কোন প্রকার ক্ষতিপূরণ দিতে হইবে না।</p>  | <p>(৩) উপ-ধারা (১) এর অধীনে কোন জমি বা ইমারত যাহা সড়ক বা স্কয়ার নয়, ন্যস্ত হইলে এবং স্থানীয় সরকার সংস্থা কর্তৃক যে উদ্দেশ্যে উহা গ্রহণ করা হইয়াছিল, নিয়ন্ত্রণে রাখা হইয়াছিল বা ব্যবহৃত হইয়াছিল, উক্ত একই উদ্দেশ্যে কর্তৃপক্ষ ব্যবহার করিলে, উহার কোনরূপ ক্ষতিপূরণ প্রদেয় হইবে না।</p>   |
| <p>(4) Where any building vests in the Authority under sub section (1), compensation for such building shall be payable by the Authority to the Municipality, the District or the Union Council, as the case may be.</p> <p>(5) If any question or dispute arises-</p> <p>(a) whether compensation is payable under any of the sub sections (3) and (4) or</p> <p>(b) as to the amount of the compensation paid or proposed to be paid under sub section (3) or sub section (4) or</p> <p>(c) whether any building or street, or square or other land, or any part thereof is required for the purpose of the scheme, the matter shall be referred to the Provincial Government whose decision shall be final.</p> <p><b>Explanation.</b> For the purposes of this section, "Building" means only the structure, and does not include any land other than the land on which it actually stands; and "Compensation" means a sum equal to the market value of the land or building on the date of the service of the notice under sub section (1).</p> | <p>(৪) যখন উপধারা (১) এর অধীন কোন ইমারত কর্তৃপক্ষের বরাবরে ন্যস্ত হইবে তখন এইরূপ ইমারতের জন্য কর্তৃপক্ষ পৌরসভা, জেলা পরিষদ অথবা ইউনিয়ন পরিষদ ক্ষেত্রমত, ক্ষতিপূরণ প্রদান করিবে।</p> <p>(৫) যদি এই মর্মে কোন প্রশ্ন বা বিবাদ উত্থাপিত হয় যে,-</p> <p>(ক) যখন উপধারা (৩) এবং (৪) এর অধীন ক্ষতিপূরণ প্রদেয়, অথবা</p> <p>(খ) উপধারা (৩) এবং (৪) এর অধীন প্রদত্ত অথবা প্রদেয় ক্ষতিপূরণ সংক্রান্ত অর্থের পরিমাণ নির্ধারণ, অথবা</p> <p>(গ) পরিকল্পিত বাস্তবায়নের জন্য কোন ইমারত, সড়ক, উন্মুক্ত স্থান অথবা অন্য প্রকার ভূমি অথবা উহার অংশ আবশ্যিক বলিয়া বিবেচিত হয়, তাহা হইলে এই সকল বিষয় সরকারের নিকট প্রেরণ করিতে হইবে এবং সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।</p> <p><b>ব্যাখ্যা :</b> এই ধারা মতে "ইমারত" অর্থ কেবল ইমারতের পরিকাঠামো এবং যে ভূমির উপর উহা অবস্থিত উহা ছাড়া অন্য কোন ভূমি উহার অন্তর্ভুক্ত বলিয়া গণ্য হইবে না; এবং "ক্ষতিপূরণ" অর্থ উপধারা (১) এর অধীন যে তারিখে নোটিশ জারি করা হইয়াছে উক্ত সময়ে ভূমি অথবা ইমারতের বাজার মূল্যের সাকুল্য অর্থ।</p> | <p>(৪) এই ধারার কোন বিষয়ে কোনরূপ আপত্তি বা বিরোধ দেখা দিলে তাহা সরকারের নিকট প্রেরণ করিতে হইবে এবং এই ক্ষেত্রে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।</p>   |
| <p><b>42. Taking over of laid out or altered streets by Municipality</b><br/>Whenever the Authority are satisfied-</p> <p>(a) that any street laid out or altered by the Authority has been duly levelled, paved, metalled, flagged, channeled, sewered and drained in the manner provided in the plans sanctioned by the Provincial Government under sub section (2) of section 29;</p>   | <p>৪২। সমাপ্ত অথবা পরিবর্তিত সড়ক পৌরসভা কর্তৃক গ্রহণ। -<br/>যখন কর্তৃপক্ষ এই মর্মে সন্তুষ্ট হইবে যে-</p> <p>(ক) ধারা ২৯ এর উপধারা (২) এর অধীন সরকার কর্তৃক যেইরূপে পরিকল্পনাটি মঞ্জুর করা হইয়াছিল সেইরূপ নির্মিত অথবা পরিবর্তিত সড়ক যথাযথভাবে সমতলকরণ, পাথর, ইট, খোয়া বিছানো, পাকা সড়ক, পাথরের স্ল্যাব, নির্গমন ব্যবস্থা, পয়গনিষ্কাশন, এবং নর্দমার ব্যবস্থা করা হইয়াছে;</p>   | <p>৩৭। সমাপ্ত প্রকল্পের অবকাঠামো রক্ষণাবেক্ষণের জন্য স্থানীয় কর্তৃপক্ষ বা সংস্থার নিকট ন্যস্তকরণ। - মহাপরিকল্পনা বা অন্তর্ভুক্ত পরিকল্পনাত্ত্ব কোন প্রকল্পের কাজ কর্তৃপক্ষ কর্তৃক সমাপ্ত হইবার পর কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উক্ত প্রকল্পের অধীন কর্তৃপক্ষের আয়ের উৎস সংশ্লিষ্ট অংশ ব্যতীত সমাপ্ত অবকাঠামো যথা, উদ্যান, রাস্তা, নর্দমা এবং অনুরূপ অন্যান্য সেবা ও সুবিধাসমূহ স্থানীয় কর্তৃপক্ষ বা সংস্থার নিকট রক্ষণাবেক্ষণের জন্য ন্যস্ত করিতে পারিবে এবং স্থানীয় কর্তৃপক্ষ উহা গ্রহণ করিবে।</p> |

|   |  |  |
|---|--|--|
| <p>(b) that such lamps, lamp posts and other apparatus for the lighting of such street as ought to be provided by the Authority have been so provided, and</p> <p>(c) that water and other sanitary conveniences ordinarily provided in a Municipality have been duly provided in such street, the Authority shall pass a resolution to that effect and shall call upon the Municipality to take over such street as and from the date fixed by such resolution for the purpose.</p>  | <p>(খ) এইরূপ বাতি, বাতির খুঁটি এবং অন্যান্য সরঞ্জাম যাহা সড়ক আলোকিতকরণের জন্য যথানিয়মে কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহ করা হইয়াছে ; এবং</p> <p>(গ) পৌরসভা যেইরূপ সুবিধা প্রদান করে সেইরূপ পানি বা অন্যান্য স্বাস্থ্যসম্মত সুবিধা প্রদান করা হইয়াছে তখন কর্তৃপক্ষ এতদবিষয়ে একটি সিদ্ধান্ত প্রস্তাব গ্রহণ করিবে এবং পৌরসভাকে উক্ত সড়কটি সিদ্ধান্ত প্রস্তাবে উল্লিখিত তারিখ হইতে নিজ তত্ত্বাবধানে উক্ত সড়কটি গ্রহণ করিবার জন্য আহ্বান জানাইবে।</p>   |  |
| <p><b>43. Transfer of any schemes or property of Provincial Government or local authority to the Authority</b></p> <p>(1) After the provisions of this Ordinance are brought into force under sub section (3) of section 1, the Provincial Government may, upon such terms and conditions as may be laid down, transfer to the Authority any scheme sanctioned by any local authority and may also place at the disposal of the Authority any properties, movable, or immovable connected with or ancillary or appurtenant to any such scheme and any scheme so transferred shall be deemed to be a scheme sanctioned by the Provincial Government.</p> <p>(2) It shall be lawful for the Authority to execute and maintain all works and carry out all unfinished works and operations required for the execution of any scheme transferred under sub section (1).</p> <p>(3) The Provincial Government may, upon such terms and conditions as may be laid down, place at the disposal of the Authority any property or fund held by the Provincial Government, or any local authority or any other body, or permit the Authority to levy and retain duties which, immediately before establishment of the Authority, were leviable by the Provincial Government, local authority or local body, and thereupon the Authority shall hold such property or fund and levy such duties in accordance with such terms and conditions.</p> | <p>৪৩। সরকার বা স্থানীয় কর্তৃপক্ষের যে কোন পরিকল্পনা বা সম্পত্তি কর্তৃপক্ষের নিকট হস্তান্তর।-</p> <p>(১) এই অধ্যাদেশের বিধানাবলী কার্যকর হইবার পর ধারা ১ এর উপধারা (৩) এর অধীন সরকার নির্ধারিত শর্তে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক মঞ্জুরকৃত যে কোন পরিকল্পনা কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করিতে পারিবে এবং এইরূপ পরিকল্পনার সহিত সংশ্লিষ্ট বা সহায়ক যে কোন স্থাবর, অস্থাবর সম্পত্তিও কর্তৃপক্ষের হেফাজতে হস্তান্তর করা যাইবে এবং এইরূপ হস্তান্তরিত পরিকল্পনা সরকার কর্তৃক মঞ্জুরকৃত পরিকল্পনা হিসাবে বিবেচিত হইবে।</p> <p>(২) উপধারা (১) এর অধীন হস্তান্তরিত পরিকল্পনার বাস্তবায়ন ও সকল কাজের সংরক্ষণ এবং বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় অসম্পন্ন কাজ ও কার্যপ্রণালী সম্পন্ন করিবার আইনানুগ দায়-দায়িত্ব কর্তৃপক্ষের উপর বর্তাইবে।</p> <p>(৩) সরকার এইরূপ শর্তে যে কোন সরকারী অথবা কোন স্থানীয় কর্তৃপক্ষের অথবা অন্য কোন সংস্থার সম্পত্তি বা তহবিল কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করিতে পারিবে অথবা কর্তৃপক্ষ গঠনের অব্যবহিত পূর্বে সরকার, স্থানীয় কর্তৃপক্ষ অথবা স্থানীয় সংস্থা কর্তৃক আরোপযোগ্য কর ধার্য করিতে ও উহা সংরক্ষণ করিতে অনুমতি প্রদান করিতে পারিবে এবং তদনুযায়ী কর্তৃপক্ষ এইরূপ সম্পত্তি ও তহবিল নিজ হেফাজতে রাখিবে এবং পূর্ব নির্ধারিত শর্ত মোতাবেক কর ধার্য করিবে।</p> | <p>৩৮। সরকার বা স্থানীয় কর্তৃপক্ষের কোন প্রকল্প বা সম্পত্তি কর্তৃপক্ষের নিকট হস্তান্তর।-</p> <p>(১) এই আইনের বিধানাবলি কার্যকর হইবার পর সরকার নির্ধারিত শর্তে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বা বাস্তবায়নাধীন যে কোন প্রকল্প কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করিতে পারিবে এবং এইরূপ প্রকল্পের সহিত সংশ্লিষ্ট বা সহায়ক যে কোন স্থাবর, অস্থাবর সম্পত্তিও কর্তৃপক্ষের হেফাজতে হস্তান্তর করা যাইবে এবং এইরূপ হস্তান্তরিত প্রকল্প সরকার কর্তৃক মঞ্জুরকৃত প্রকল্প হিসাবে বিবেচিত হইবে।</p> <p>(২) উপধারা (১) এর অধীন হস্তান্তরিত প্রকল্পের বাস্তবায়ন ও সকল কাজের সংরক্ষণ এবং বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় অসম্পন্ন কাজ ও কার্যপ্রণালী সম্পন্ন করিবার আইনানুগ দায়-দায়িত্ব কর্তৃপক্ষের উপর বর্তাইবে।</p> <p>(৩) সরকার এইরূপ শর্তে যে কোন সরকারী অথবা কোন স্থানীয় কর্তৃপক্ষের অথবা অন্য কোন সংস্থার সম্পত্তি বা তহবিল কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করিতে পারিবে অথবা কর্তৃপক্ষ গঠনের অব্যবহিত পূর্বে সরকার, স্থানীয় কর্তৃপক্ষ অথবা স্থানীয় সংস্থা কর্তৃক আরোপযোগ্য কর ধার্য করিতে ও উহা সংরক্ষণ করিতে অনুমতি প্রদান করিতে পারিবে এবং তদনুযায়ী কর্তৃপক্ষ এইরূপ সম্পত্তি ও তহবিল নিজ হেফাজতে রাখিবে এবং পূর্ব নির্ধারিত শর্ত মোতাবেক কর ধার্য করিবে।</p> |
| <b>SURVEY</b>   | <b>জরিপ</b>  |  |
| <p><b>44. Power to make survey or contribute towards their cost</b></p> <p>The Authority may-</p> <p>(a) cause a survey of land to be made, whenever they consider that a survey is necessary or expedient for carrying out the purposes of this Ordinance, or</p>  | <p>৪৪। জরিপ বা ইহার ব্যয় নির্বাহ করিবার ক্ষমতা।-</p> <p>কর্তৃপক্ষ-(ক) এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে যখন জরিপ করা আবশ্যিক ও সমীচীন বলিয়া বিবেচনা করিবে তখন ভূমি জরিপের কাজ নিষ্পন্ন করিতে পারিবে, অথবা</p>   | -  |

|  |   |          |
|--|---|----------|
| <p>(b) contribute towards the cost of any survey made by any other local authority.</p>  | <p>(খ) অন্য কোন স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত জরিপ কাজের জন্য অর্থ বরাদ্দ করিতে পারিবে।</p>  |          |
| <p><b>Power of Entry</b></p>   | <p><b>প্রবেশের ক্ষমতা</b></p>   |          |
| <p><b>45. Power of Entry</b><br/> (1) The Chairman or any person either generally or specially authorised by the Chairman in this behalf may, with or without assistants or workmen, enter into or upon any land, in order-</p> <p>(a) to make any inspection, survey, measurement, valuation or inquiry,<br/> (b) to take levels,<br/> (c) to dig or bore into the sub soil,<br/> (d) to set out boundaries and intended lines of work,<br/> (e) to mark such levels, boundaries and lines by placing marks, and cutting trenches, or<br/> (f) to do any other thing, whenever it is necessary to do so for any of the purposes of this Ordinance or any rule made or scheme sanctioned hereunder or any scheme which the Authority intend to frame hereunder:</p> <p>Provided as follows:<br/> (a) no such entry shall be made between sunset and sun rise;<br/> (b) no dwelling house, and no public building or hut which is used as a dwelling-place, shall be so entered, unless with the consent of the occupier thereof, without giving the said occupier at least twenty four hours' previous written notice of the intention to make such entry;<br/> (c) sufficient notice shall in every instance be given even when any premises may otherwise be entered without notice, to enable the inmates of any apartment appropriated to females to remove to some part of the premises where their privacy need not be disturbed;</p> <p>(d) due regard shall always be had, so far as may be compatible with the exigencies of the purpose, for which the entry is made, to the social and religious usages of the occupants of the premises entered.</p> <p>(2) Whenever the Chairman or a person authorised under sub section (1) enters into or upon any land in pursuance of that sub section, he shall at the time of such entry pay or tender payment for all necessary damage to be done as aforesaid and, in case of dispute as to the sufficiency of the amount so paid or</p> | <p><b>৪৫। প্রবেশাধিকার ক্ষমতা।-</b><br/> (১) চেয়ারম্যান অথবা চেয়ারম্যান কর্তৃক এতদুদ্দেশ্যে সাধারণ বা বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত যে কোন ব্যক্তি কোন সহকারী বা শ্রমিকের সহযোগিতা ব্যতীত নিম্নোক্ত উদ্দেশ্যে যে কোন ভূমিতে প্রবেশ বা গমন করিতে পারিবেন :-<br/> (ক) যে কোন পরিদর্শন, জরিপ, পরিমাপ, মূল্য নিরূপন অথবা তদন্ত,<br/> (খ) সমতলকরণ,<br/> (গ) অন্তঃভূমি খনন অথবা সুড়ঙ্গ করণ,<br/> (ঘ) কাজের প্রস্তাবিত রেখা ও সীমানা নির্ধারণ,<br/> (ঙ) এইরূপ সমতলকরণ, সীমানা এবং লাইন নির্ধারণকল্পে প্রতীক চিহ্ন স্থাপন এবং পরিখা খনন, অথবা<br/> (চ) অন্য যে কোন কাজ, যেইক্ষেত্রে এই অধ্যাদেশের অথবা প্রণীত বিধিমালা অথবা মঞ্জুরকৃত পরিকল্পের উদ্দেশ্য সাধনে অথবা কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তাবিত যে কোন পরিকল্প বাস্তবায়নের লক্ষ্যে এইরূপ প্রবেশ প্রয়োজন হইবে সেইক্ষেত্রে :-<br/> (ক) সূর্যাস্ত হইতে সূর্যোদয় পর্যন্ত সময়কালে এইরূপ প্রবেশ করা যাইবে না;<br/> (খ) কোন বসতবাড়ী, সরকারী ভবন অথবা কুঁড়ে ঘর যাহা বসবাসের স্থান হিসাবে ব্যবহৃত হইতেছে ঐ সকল স্থানে দখলকারীর সম্মতি ব্যতীত অথবা এইরূপ প্রবেশের ইচ্ছা নূনপক্ষে ২৪ ঘন্টার পূর্ব লিখিত নোটিস ব্যতিরেকে এইরূপ প্রবেশ করা যাইবে না;<br/> (গ) বিনা নোটিসে অন্যবিধ কারণে কোন প্রাঙ্গনে প্রবেশ করিতে হইলে প্রতিটি ক্ষেত্রে যথেষ্ট পরিমানে পূর্ব ঘোষণা দিতে হইবে যাহাতে বাড়ীর বসবাসকারীগণ নিজেদের মহিলা সদস্যাদিগকে প্রাঙ্গণের এমনস্থানে অপসারণ করিতে পারে যেখানে তাহাদের প্রাইভেসী বিঘ্নিত হইবে না;</p> <p>(ঘ) অতি জরুরী প্রয়োজনে এইরূপ প্রবেশকালে যে স্থানে প্রবেশ করা হইবে সেই স্থানের বসবাসকারীদের সামাজিক ও ধর্মীয় আচার অনুষ্ঠানের প্রতি যথাযোগ্য সম্মান প্রদর্শন করিতে হইবে।</p> <p>(২) যখন চেয়ারম্যান অথবা উপধারা (১) এর অধীন কর্তৃত্বপ্রাপ্ত কোন ব্যক্তি উপধারায় বর্ণিত কারণে কোন ভূমিতে প্রবেশ করিবেন অথবা তিনি এইরূপ প্রবেশকালে পূর্বে উল্লিখিত প্রয়োজনীয় ক্ষতি সাধনের জন্য ক্ষতিপূরণ প্রদান করিবেন বা প্রদানের ঘোষণা দিবেন। প্রদত্ত প্রদেয় ক্ষতিপূরণের সঠিক</p> | <p>-</p> |

|  |  |   |
|--|--|---|
| <p>tendered, he shall at once refer the dispute to the Authority whose decision shall be final.</p>  | <p>পরিমানের ক্ষেত্রে কোন বিরোধ দেখা দিলে তিনি তাৎক্ষণিকভাবে বিষয়টি কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করিবেন এবং কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।</p>  |   |
|  |  | <p>৩৯(ক)। কর্তৃপক্ষে ন্যস্ত ইমারতের সিটি কর্পোরেশন বা পৌরসভা বা ইউনিয়ন পরিষদ কর প্রদান।- বর্তমানে বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই বর্ণিত থাকুক না কেন কোন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য অধিগ্রহণকৃত বা রিকুইজিশনকৃত এবং কর্তৃপক্ষে ন্যস্ত কোন ইমারতের উপর প্রযোজ্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন বা পৌরসভা বা ইউনিয়ন পরিষদের কোন কর, উপ-কর, রেইট বা চার্জ প্রদেয় হইবে না।</p>  |
| <p>CHAPTER V<br/>FINANCE</p>   | <p>অধ্যায়-৫<br/>অর্থ</p>  | <p>ষষ্ঠ অধ্যায়<br/>অর্থ</p>  |
| <p>46. Khulna Development Authority Fund<br/>(1) There shall be a fund to be known as the "Khulna Development Authority Fund" (hereinafter referred to as the Fund) vested in the Authority which shall be utilised by the Authority to meet charges in connection with its functions under this Ordinance including the payment of salaries and other remuneration to the Chairman, Members and Officers and of the other employees of the Authority.<br/><br/>(2) The said Fund shall consist of-<br/><br/>(a) contribution of the Municipal under section 47;<br/><br/>(b) grant made by the provincial or central Government or both;<br/><br/>(c) loans obtained from the provincial or central Government or both;<br/><br/>(d) loans obtained by the Authority with special or general sanction of the provincial Government under section 48;<br/><br/>(e) foreign aid and loan obtained from the Development Loan Fund, with the sanction of, and as such terms and conditions as may be approved by the central Government;<br/><br/>(f) proceeds of the betterment fee levied under section 79; water rate, conservancy rate or any other rate levied by the Authority under the provisions of this Ordinance, with the sanction of the provincial Government; and<br/><br/>(g) all other sums received by the Authority.</p> | <p>৪৬। খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ তহবিল।-<br/>(১) কর্তৃপক্ষের নিকট ন্যস্ত "খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ তহবিল" নামে একটি তহবিল (অতঃপর "তহবিল" বলিয়া উল্লিখিত) থাকিবে, যাহা কর্তৃপক্ষের চেয়ারম্যান, সদস্যবৃন্দ এবং অফিসার ও অন্যান্য কর্মচারীবৃন্দের বেতন ও অন্যান্য পারিশ্রমিক প্রদানসহ এই অধ্যাদেশে বর্ণিত সকল কার্যক্রম পরিচালনার নিমিত্ত সকল ব্যয় মিটানো হইবে।<br/><br/>(২) "তহবিল" নিম্নোক্তভাবে গঠিত হইবে :-<br/>(ক) ধারা ৪৭ এর অধীন পৌরসভা কর্তৃক প্রদেয় চাঁদা;<br/><br/>(খ) সরকার কর্তৃক প্রদত্ত অনুদান;<br/><br/>(গ) সরকারের নিকট হইতে গৃহীত ঋণ;<br/><br/>(ঘ) ধারা ৪৮ এর অধীন সরকার কর্তৃক বিশেষ অথবা সাধারণ মঞ্জুরীর মাধ্যমে কর্তৃপক্ষের গৃহীত ঋণ;<br/>(ঙ) সরকার কর্তৃক নির্ধারিত শর্তে উন্নয়ন ঋণ তহবিল হইতে প্রাপ্ত বৈদেশিক অনুদান ও ঋণ;<br/><br/>(চ) ধারা ৭৯ এর অধীন ধার্যকৃত পনি কর, নদী-বন্দর কর অথবা এই অধ্যাদেশের বিধানের অধীন সরকার কর্তৃক অনুমোদিত অন্যান্য কর আদায়ের মাধ্যমে প্রাপ্ত অর্থ; এবং</p> | <p>৪০। খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ তহবিল।- (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ তহবিল নামে একটি তহবিল থাকিবে। চেয়ারম্যান, সদস্য, সচিব, কর্মকর্তা, উপদেষ্টা, পরামর্শক ও অন্যান্য কর্মচারীদের বেতন, ভাতা ও চাকরির শর্তাবলি অনুসারে প্রদেয় অন্যান্য অর্থ উক্ত তহবিল হইতে প্রদান করা হইবে এবং এই আইনের অধীনে প্রদত্ত কার্যাবলি নিষ্পন্নের জন্য প্রয়োজনীয় অন্যান্য ব্যয়ও উক্ত তহবিল হইতে নির্বাহ করা হইবে।<br/>(২) "তহবিল" নিম্নোক্তভাবে গঠিত হইবে :-<br/>(ক) ধারা ৪১ এর অধীন সিটি কর্পোরেশন/ পৌরসভা / ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয় চাঁদা;<br/>(খ) সরকার কর্তৃক প্রদত্ত অনুদান;<br/>(গ) সরকারের নিকট হইতে গৃহীত ঋণ;<br/>(ঘ) ধারা ৪২এর অধীন সরকার কর্তৃক বিশেষ অথবা সাধারণ মঞ্জুরির মাধ্যমে কর্তৃপক্ষের গৃহীত ঋণ;<br/>(ঙ) সরকার কর্তৃক নির্ধারিত শর্তে উন্নয়ন ঋণ তহবিল হইতে প্রাপ্ত বৈদেশিক অনুদান ও ঋণ;<br/>(চ) কর্তৃপক্ষ কর্তৃক সংগৃহিত ফি, কর, চার্জ ইত্যাদি;<br/>(ছ) কর্তৃপক্ষের সম্পত্তি বিনিয়োগ হইতে আহরিত অর্থ;<br/>(জ) কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত সকল ক্ষতিপূরণ অর্থ এবং উৎকর্ষসাধন ফি (Betterment Fee);<br/>(ঝ) ইজারা প্রদানের মাধ্যমে কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত সকল কিস্তির অর্থ;<br/>(ঞ) কর্তৃপক্ষের নিকট ন্যস্ত ভূমি ও ভবনের ভাড়া বাবদ প্রাপ্ত অর্থ; এবং<br/>(ট) কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত অন্যান্য অর্থ।<br/>(৩) ইহাছাড়াও কর্তৃপক্ষের প্রয়োজনে একাধিক তহবিল গঠন করা যাইবে যেমন-</p> |

|  |   |  |
|--|---|--|
|  | (ছ) কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত অন্যান্য অর্থ।   | (ক) অবচয় তহবিল<br>(খ) কর্মকর্তা/ কর্মচারী পেনশন তহবিল<br>(গ) সাধারণ ভবিষ্য তহবিল<br>(ঘ) কল্যাণ তহবিল (Benevolent Fund)<br>(ঙ) সময়ের প্রয়োজনে কর্তৃপক্ষ কর্তৃক যাহা প্রয়োজন বলে বিবেচিত হইবে।<br><br>ব্যাখ্যা।- এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে 'তফসিলি ব্যাংক' বলিতে Bangladesh Bank Order,1972 (P. O. No-127 of 1972) এর Article 2(j) তে সংজ্ঞায়িত 'Schedule Bank'।  |
| 47. Contribution from Municipality Fund<br>(1) The Municipality shall pay from the Municipal Fund to the Authority on the first day of each quarter, so long as the Authority continues to exist, a sum equivalent to one half per cent per quarter on the annual value determined under chapter V of the Bengal Municipal Act,1932 as it stood on the first day of the last preceding quarter:<br>Provided that if this Ordinance is directed to come into force during a quarter, the amount of the first of such payments shall bear such proportion to the sum payable hereunder as the unexpired portion of that quarter bears to the whole quarter.<br><br>(2) The payments prescribed by sub section (1) shall be made in priority to all other payments due from the Municipality, except those referred to in section 107 of the Bengal Municipal Act,1932. | ৪৭। পৌরসভার তহবিল হইতে চাঁদা। -<br>(১) পৌরসভা নিজস্ব তহবিল হইতে “বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট,১৯৩২(১৯৩২ সালের বেঙ্গল অ্যাক্ট, ১৫) এর অধ্যায় ৫ এর অধীন নির্ধারিত বাৎসরিক মূল্যমানের ভিত্তিতে,যাহা চলমান বিগত ত্রৈমাসিকের প্রথম তারিখে স্থির ছিল,প্রতি ত্রৈমাসিকের জন্য ০.৫০% ( এক ভাগের অর্ধেক হারে) হারে সমান অর্থ প্রতি ত্রৈমাসিকের প্রথম তারিখে কর্তৃপক্ষ যতদিন স্থায়ী হইবে সেই পর্যন্ত কর্তৃপক্ষকে প্রদান করিবেঃ<br>তবে শর্ত থাকে যে, যদি এই অধ্যাদেশ যে কোন একটি ত্রৈমাসিকের সময়সীমার মধ্যে সরকারী নির্দেশ কার্যকর হয় তাহা হইলে প্রদেয় অর্থের প্রথম কিস্তি মোট প্রদেয় অর্থের যথার্থ অংশ হিসাবে প্রদেয় হইবে, যেহেতু যে কোন ত্রৈমাসিকের অনতিবাহিত অংশ উক্ত পূর্ণ ত্রৈমাসিকেরই অংশ মাত্র।<br><br>(২) উপ-ধারা (১) এর অধীন প্রদেয় অর্থ “বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট,১৯৩২” (১৯৩২ সালের বেঙ্গল অ্যাক্ট-১৫) এর ধারা ১০৭ এ বর্ণিত ক্ষেত্র ব্যতিরেকে পৌরসভা কর্তৃক প্রদেয় অন্যান্য অর্থের মধ্যে প্রাধিকার ভিত্তিতে প্রদান করিতে হইবে। | ৪১। সিটি কর্পোরেশন বা পৌরসভা বা ইউনিয়ন পরিষদ তহবিল হইতে চাঁদা।- (১) অন্য কোন আইনে যাহাই থাকুক না কেন, কর্তৃপক্ষের আওতাভুক্ত এলাকার সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ ইমারত ও ভূমির বার্ষিক মূল্যের প্রথম শতকরা দেড় ভাগের সমপরিমাণ অর্থ তাহাদের তহবিল হইতে ত্রৈমাসিক ভিত্তিতে প্রতি ত্রৈমাসের ১ম দিনে কর্তৃপক্ষকে প্রদান করিবে। এই প্রদেয় অর্থ সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ তহবিলের উপর দায়মুক্ত ব্যয় হিসেবে গণ্য হইবে এবং কর্তৃপক্ষের এই পাওনা পরিশোধকে অগ্রাধিকার প্রদান করিবে; |
| LOANS  | ঋণ  | ঋণ   |
| 48. Power of Authority to borrow money<br>The Authority may, from time to time, borrow, at such rate of interest, and for such period, and upon such terms, as to the time and method of repayment and otherwise, as the provincial Government may approve, any sum necessary for the purpose of-<br><br>(a) meeting expenditure debitable to the capital account  | ৪৮। কর্তৃপক্ষের ঋণ গ্রহণের ক্ষমতা।-<br>কর্তৃপক্ষ সরকারের অনুমোদনক্রমে, সময়ে সময়ে, কোন হার সুদে যে কোন সময়ের জন্য এবং ঋণ পরিশোধের সময় ও প্রক্রিয়া সংক্রান্ত যে কোন শর্তে ঋণ গ্রহণ করিতে পারিবে এবং ঐ অর্থ নিম্নে উল্লিখিত উদ্দেশ্যে ব্যবহৃত হইবেঃ-<br>(ক) ধারা ৬১ এর বিধান মোতাবেক ব্যয় নির্বাহ, যাহা মূলধন হিসাবের বিপরীতে বিকলনের জন্য, অথবা   | ৪২। কর্তৃপক্ষের ঋণ গ্রহণের ক্ষমতা।- (১) কর্তৃপক্ষ সরকারের অনুমোদনক্রমে, সময়ে সময়ে, কোন হার সুদে যে কোন সময়ের জন্য এবং ঋণ পরিশোধের সময় ও প্রক্রিয়া সংক্রান্ত যে কোন শর্তে ঋণ গ্রহণ করিতে পারিবে এবং ঐ অর্থ নিম্নে উল্লিখিত উদ্দেশ্যে ব্যবহৃত হইবেঃ-<br>(ক) ধারা ৫৫ এর বিধান মোতাবেক ব্যয় নির্বাহ, যাহা মূলধন হিসাবের বিপরীতে বিকলনের জন্য, অথবা   |

|  |   |  |
|--|---|--|
| <p>under section 61, or<br/>(b) repaying any loan previously taken under this Ordinance.</p>   | <p>(খ) এই অধ্যাদেশের অধীন গৃহীত পূর্বের যে কোন ঋণ পরিশোধের জন্য ।</p>   | <p>(খ) এই আইনের অধীন গৃহীত পূর্বের যে কোন ঋণ পরিশোধের জন্য ।<br/>(গ) এই আইনের অধীন ঋণ গ্রহণের উদ্দেশ্যে The Local Authority Loans Act, 1914 বা তার স্থলাভিষিক্ত আইন এর অধীনে স্থানীয় কর্তৃপক্ষ হিসাবে গণ্য হইবে ।</p>   |
| <p>49. Authority to be deemed to be a local Authority<br/>The Authority shall be deemed to be a local Authority under the Local Authorities Loans Act, 1914, for the purpose of borrowing money under the said Act, and the making and execution of any scheme under this Ordinance shall be deemed to be a work which such Authority is legally authorised to carry out.</p>  | <p>৪৯। কর্তৃপক্ষ স্থানীয় কর্তৃপক্ষ বলিয়া বিবেচিত হইবে।-<br/>কর্তৃপক্ষ “স্থানীয় কর্তৃপক্ষ ঋণ আইন, ১৯১৪” মোতাবেক উল্লিখিত আইনের অধীন অর্থ ঋণের ক্ষেত্রে “স্থানীয় কর্তৃপক্ষ” বলিয়া বিবেচিত হইবে এবং এই অধ্যাদেশের অধীন কোন পরিকল্প প্রণয়ন ও বাস্তবায়ন এইরূপ কর্তৃপক্ষ আইনানুগভাবে সম্পাদন করিতে পারিবে বলিয়া গণ্য হইবে ।</p>   | <p>৪৩। কর্তৃপক্ষ স্থানীয় কর্তৃপক্ষ বলিয়া বিবেচিত হইবে।- কর্তৃপক্ষ “স্থানীয় কর্তৃপক্ষ ঋণ আইন, ১৯১৪” মোতাবেক উল্লিখিত আইনের অধীন অর্থ ঋণের ক্ষেত্রে “স্থানীয় কর্তৃপক্ষ” বলিয়া বিবেচিত হইবে এবং এই আইনের অধীন কোন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন এইরূপ কর্তৃপক্ষ আইনানুগভাবে সম্পাদন করিতে পারিবে বলিয়া গণ্য হইবে ।</p>   |
| <p>50. Application of money borrowed<br/>When any sum of money has been borrowed under section 48 for the purpose of meeting particular expenditure or repaying a particular loan, no portion thereof shall be applied to any other purpose without the previous sanction of the Provincial Government.</p>  | <p>৫০। ঋণের অর্থের ব্যবহার।-<br/>যেইক্ষেত্রে ধারা ৪৮ এর অধীন কোন নির্দিষ্ট ব্যয় নির্বাহ করিবার জন্য অথবা নির্দিষ্ট কোন ঋণ পরিশোধ করিবার জন্য, যে কোন অংকের ঋণ গ্রহণ করা হয়, সেইক্ষেত্রে ঐ ঋণের কোন অংশ সরকারের পূর্ব অনুমোদন ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যয় করা যাইবে না ।</p>   | <p>৪৪। ঋণের অর্থের ব্যবহার।- যেইক্ষেত্রে ধারা ৪২ এর অধীন কোন নির্দিষ্ট ব্যয় নির্বাহ করিবার জন্য অথবা নির্দিষ্ট কোন ঋণ পরিশোধ করিবার জন্য, যে কোন অংকের ঋণ গ্রহণ করা হয়, সেইক্ষেত্রে ঐ ঋণের কোন অংশ সরকারের পূর্ব অনুমোদন ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যয় করা যাইবে না ।</p>  |
| <p>51. Limited liability<br/>The liability of the Provincial Government to the creditors of the Authority shall be limited to the extent of grants made by the Provincial Government and the loan raised by the Authority with the sanction of the Provincial Government.</p>  | <p>৫১। সীমিত দায়বদ্ধতা।-<br/>কর্তৃপক্ষকে প্রদত্ত ঋণের জন্য ঋণ দাতাদের প্রতি সরকারের সীমিত দায়বদ্ধতা থাকিবে এবং উহা শুধু ততটুকু হইবে যতটুকু সরকারী অনুদান অথবা সরকারী অনুমোদনের ঋণ গ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য ।</p>   | <p>৪৫। সীমিত দায়বদ্ধতা।- কর্তৃপক্ষকে প্রদত্ত ঋণের জন্য ঋণ দাতাদের প্রতি সরকারের সীমিত দায়বদ্ধতা থাকিবে এবং উহা শুধু ততটুকু হইবে যতটুকু সরকারী অনুদান অথবা সরকারী অনুমোদনের ঋণ গ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য ।</p>  |
| <p><b>52. Priority of payments for interest and repayment of loans.</b><br/>All payments due from the Authority for interest on, or the repayment of loans, shall be made in priority to all other payments due from the Authority.</p>  | <p>৫২। ঋণ ও ঋণের উপর সুদ পরিশোধের প্রাধিকার।- কর্তৃপক্ষ কর্তৃক অন্যান্য পাওনা পরিশোধ অপেক্ষা কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় সুদ অথবা ঋণ পরিশোধের বিষয়টি অগ্রাধিকার পাইবে ।</p>   | <p>৪৬। ঋণ ও ঋণের উপর সুদ পরিশোধের প্রাধিকার।- কর্তৃপক্ষ কর্তৃক অন্যান্য পাওনা পরিশোধ অপেক্ষা কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় সুদ অথবা ঋণ পরিশোধের বিষয়টি অগ্রাধিকার পাইবে ।</p>  |
| <p><b>BUDGET ESTIMATE</b></p>  | <p>বাজেট প্রাক্কলন</p>  | <p>বাজেট প্রাক্কলন</p>   |
| <p><b>53. Estimate of income and expenditure</b><br/>(1) The Authority shall, before three months of the expiry of the financial year, submit to the Provincial Government for approval, a statement of estimated receipts and expenditure in respect of the next financial year:<br/><br/>Provided that the first estimate of receipts and expenditure of the Authority shall be prepared as soon as may be expedient after the establishment of the Authority.<br/><br/>(2) Every estimate prepared under sub section (1) shall differentiate capital and revenue funds and shall be prepared in such form and shall contain such details as the Provincial Government may, from time to time, direct.</p> | <p>৫৩। আয় ও ব্যয়ের প্রাক্কলন।-<br/>(১) কর্তৃপক্ষ অর্থ বৎসর শেষ হইবার তিন মাস পূর্বে পরবর্তী অর্থ বৎসরের জন্য প্রাক্কলিত প্রাপ্তি ও ব্যয়ের বিবরণ অনুমোদনের জন্য সরকারের নিকট প্রেরণ করিবেঃ<br/>তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ প্রতিষ্ঠার পর যথা শীঘ্র সম্ভব কর্তৃপক্ষ প্রাপ্তি ও ব্যয়ের প্রথম প্রাক্কলন প্রস্তুত করিবে ।<br/><br/>(২) উপধারা (১) এর অধীন প্রস্তুতকৃত প্রতিটি বাজেটে মূলধন ও রাজস্ব খাতকে পৃথকভাবে চিহ্নিত করিবে এবং ইহা সময়ে সময়ে সরকার যেইরূপ নির্দেশ প্রদান করিবে সেইরূপ নির্ধারিত হুকে এবং বিবরণসহ প্রস্তুত করিতে হইবে ।</p> | <p>৪৭। আয় ও ব্যয়ের প্রাক্কলন।- (১) কর্তৃপক্ষ অর্থ বৎসর শেষ হইবার তিন মাস পূর্বে বা সরকার কর্তৃক নির্দিষ্টকৃত সময়ের মধ্যে পরবর্তী অর্থ বৎসরের জন্য প্রাক্কলিত প্রাপ্তি ও ব্যয়ের বিবরণ অনুমোদনের জন্য সরকারের নিকট প্রেরণ করিবে ।<br/><br/>(২) উপধারা (১) এর অধীন প্রস্তুতকৃত প্রতিটি বাজেটে মূলধন ও রাজস্ব খাতকে পৃথকভাবে চিহ্নিত করিবে এবং ইহা সময়ে সময়ে সরকার যেইরূপ নির্দেশ প্রদান করিবে সেইরূপ নির্ধারিত হুকে এবং বিবরণসহ প্রস্তুত করিতে হইবে ।</p> |



|  |  |   |
|--|--|---|
| <p>(3) Approval of Provincial Government to such estimates-<br/>On its receipt the budget estimate will be examined by the Provincial Government who shall approve it with or without modification and communicate its approval to the Authority before the commencement of the next financial year.</p>   | <p>(৩) এইরূপ প্রাক্কলনের সরকারী অনুমোদন।-<br/>বাজেট প্রাক্কলন প্রাপ্তির পর সরকার উহা পরীক্ষা করিয়া দেখিবে এবং সংশোধনসহ অথবা সংশোধনী ছাড়া অনুমোদন করিবে এবং পরবর্তী অর্থ বৎসর শুরু হইবার পূর্বেই অনুমোদনের বিষয়ে কর্তৃপক্ষকে অবহিত করিবে।</p>  | <p>(৩) বাজেট প্রাক্কলন প্রাপ্তির পর সরকার উহা পরীক্ষা করিয়া দেখিবে এবং সংশোধনসহ অথবা সংশোধনী ছাড়া অনুমোদন করিবে এবং পরবর্তী অর্থ বৎসর শুরু হইবার পূর্বেই অনুমোদনের বিষয়ে কর্তৃপক্ষকে অবহিত করিবে।</p>  |
| <p><b>54. Supplementary estimate</b><br/>The Authority may, at any time during the financial year from which an estimate has been sanctioned, cause supplementary estimate to be prepared and submitted to the Provincial Government.</p>  | <p><b>৫৪। সম্পূরক প্রাক্কলন।-</b><br/>যে অর্থ বৎসরের প্রাক্কলন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইয়াছে সেই অর্থ বৎসরের যে কোন সময়ে সম্পূরক প্রাক্কলন প্রস্তুত করিবে এবং সরকারের নিকট পেশ করিবে।</p>   | <p><b>৪৮। সম্পূরক প্রাক্কলন।-</b> যে অর্থ বৎসরের প্রাক্কলন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইয়াছে সেই অর্থ বৎসরের যে কোন সময়ে সম্পূরক প্রাক্কলন প্রস্তুত করিবে এবং সরকারের নিকট পেশ করিবে।</p>  |
| <p><b>55. Adherence to estimate and maintenance of closing balance</b><br/>(1) No sums shall be expended by or on behalf of the Authority unless the expenditure of the same is covered by a current budget grant or can be met by reappropriation or by drawing on the closing balance.<br/>(2) The closing balance shall not be reduced below such sums as may be fixed by the Provincial Government in this behalf, without the previous sanction of the Provincial Government.<br/>(3) The following items shall be excepted from the provisions of sub sections (1) and (2), namely-<br/>(a) repayments of moneys belonging to contractors or other persons and held in deposit, and of moneys collected by, or credited to, the Authority by mistake;<br/>(b) payments due under a decree or order of a Court passed against the Authority or, against the Chairman, ex officio;<br/>(c) sums payable under a compromise of any suit or other legal proceedings;<br/>(d) sums payable under this Ordinance by way of compensation;<br/>(e) payments required to meet some pressing emergency; and<br/>(f) gratuitous payments up to a maximum of five hundred rupees.<br/>(4) Whenever any sum exceeding five thousand rupees is expended under clause (e) of sub section (3) or whenever any sum is expended under clause (f) of that sub section, the Chairman shall forthwith report the circumstances to the Provincial Government, and shall at the same time explain how the Authority propose to cover the expenditure.</p> | <p><b>৫৫। প্রাক্কলন মানিয়া চলা ও আর্থিক বৎসরের সমাপনী জের সংরক্ষণ।-</b><br/>(১) কর্তৃপক্ষ কর্তৃক অথবা কর্তৃপক্ষের পক্ষে চলতি বাজেট বরাদ্দের অন্তর্ভুক্ত নহে, এইরূপ ব্যয় করা যাইবে না অথবা খাত পুনঃউপযোজন অথবা সমাপনী জের হইতে উত্তোলনের মাধ্যমে ব্যয় করা যাইবে না।<br/>(২) সরকারের পূর্ব অনুমোদন ব্যতীত সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত অঙ্কের নিম্নে সমাপনী জের হ্রাস করা যাইবে না।<br/>(৩) উপধারা (১) এবং (২) এর বিধান নিম্নোক্ত বিষয়ে প্রযোজ্য হইবে না, যথা-<br/>(ক) ঠিকাদার বা অন্য কোন ব্যক্তির জামানত হিসাবে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অর্থ এবং ভুলক্রমে কর্তৃপক্ষ কর্তৃক কোন অর্থ সংগ্রহ অথবা কর্তৃপক্ষের বরাবর প্রদত্ত কোন ঋণের অর্থ ফেরত প্রদান;<br/>(খ) কর্তৃপক্ষ বা চেয়ারম্যানের, পদাধিকার বলে, বিরুদ্ধে আদালতের ডিক্রী অথবা আদেশ অনুযায়ী প্রদেয় অর্থ পরিশোধ;<br/>(গ) কোন মামলার সালিস-নিষ্পত্তি বা অন্য কোন আইনানুগ কার্যক্রমের প্রেক্ষিতে প্রদেয় অর্থ প্রদান;<br/>(ঘ) এই অধ্যাদেশের অধীন ক্ষতিপূরণ বাবদ প্রদেয় অর্থ প্রদান;<br/>(ঙ) জরুরী প্রয়োজন মিটাইবার জন্য অর্থ ব্যয়; এবং<br/>(চ) সর্বোচ্চ পাঁচশত টাকা পর্যন্ত খয়রাতি অর্থ প্রদান।<br/>(৪) উপধারা (৩) এর দফা (ঙ) এর অধীন ব্যয়ের পরিমাণ পাঁচ হাজার টাকার অধিক হইলে অথবা ঐ উপধারার দফা (চ) এর অধীন যে কোন পরিমাণ অর্থ ব্যয় হইলে চেয়ারম্যান তাত্ক্ষণিকভাবে উহার বিস্তারিত তথ্য সরকারকে জানাইবে এবং একই সংগে কর্তৃপক্ষ কি প্রকারে ঐ ব্যয় নির্বাহ করিবে উহাও ব্যাখ্যা করিবে।</p> | <p><b>৪৯। প্রাক্কলন মানিয়া চলা ও আর্থিক বৎসরের সমাপনী জের সংরক্ষণ।-</b> (১) কর্তৃপক্ষ কর্তৃক অথবা কর্তৃপক্ষের পক্ষে চলতি বাজেট বরাদ্দের অন্তর্ভুক্ত নহে, এইরূপ ব্যয় করা যাইবে না অথবা খাত পুনঃউপযোজন অথবা সমাপনী জের হইতে উত্তোলনের মাধ্যমে ব্যয় করা যাইবে না।<br/>(২) সরকারের পূর্ব অনুমোদন ব্যতীত সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত অঙ্কের নিম্নে সমাপনী জের হ্রাস করা যাইবে না।<br/>(৩) উপধারা (১) এবং (২) এর বিধান নিম্নোক্ত বিষয়ে প্রযোজ্য হইবে না, যথা-<br/>(ক) ঠিকাদার বা অন্য কোন ব্যক্তির জামানত হিসাবে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অর্থ এবং ভুলক্রমে কর্তৃপক্ষ কর্তৃক কোন অর্থ সংগ্রহ অথবা কর্তৃপক্ষের বরাবর প্রদত্ত কোন ঋণের অর্থ ফেরত প্রদান;<br/>(খ) কর্তৃপক্ষ বা চেয়ারম্যানের, পদাধিকার বলে, বিরুদ্ধে আদালতের ডিক্রি অথবা আদেশ অনুযায়ী প্রদেয় অর্থ পরিশোধ;<br/>(গ) কোন মামলার সালিস নিষ্পত্তি বা অন্য কোন আইনানুগ কার্যক্রমের প্রেক্ষিতে প্রদেয় অর্থ প্রদান;<br/>(ঘ) এই আইনের অধীন ক্ষতিপূরণ বাবদ প্রদেয় অর্থ প্রদান;<br/>(ঙ) জরুরি প্রয়োজন মিটাইবার জন্য অর্থ ব্যয়; এবং<br/>(চ) সর্বোচ্চ এক লক্ষ টাকা পর্যন্ত খয়রাতি অর্থ প্রদান।</p> |
| <p><b>56. Receipt of money and deposit in Bank</b><br/>(1) All moneys at the credit of the Authority shall be kept in the State Bank of Pakistan, or any other Bank approved by the Provincial Government in this behalf.<br/>(2) All moneys payable to the Authority shall be received by the Chairman and shall forthwith be paid into the aforesaid Bank to</p>   | <p><b>৫৬। অর্থ প্রাপ্তি ও ব্যাংকে জমাদান।-</b><br/>(১) কর্তৃপক্ষের নিজ তহবিলে সংরক্ষিত সকল অর্থ বাংলাদেশ ব্যাংক অথবা এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক অনুমোদিত যে কোন ব্যাংকে গচ্ছিত রাখিতে হইবে।<br/>(২) কর্তৃপক্ষকে প্রদেয় যাবতীয় অর্থ চেয়ারম্যান কর্তৃক গৃহীত হইবে এবং উহা</p>  | <p><b>৫০। অর্থ প্রাপ্তি ও ব্যাংকে জমাদান।-</b> (১) কর্তৃপক্ষের নিজ তহবিলে সংরক্ষিত সকল অর্থ এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী অনুমোদিত যে কোন এক বা একাধিক তফসিলভুক্ত ব্যাংকে গচ্ছিত রাখিতে হইবে।<br/>(২) কর্তৃপক্ষকে প্রদেয় যাবতীয় অর্থ চেয়ারম্যান কর্তৃক গৃহীত হইবে এবং উহা তাত্ক্ষণিকভাবে উপরে উল্লিখিত ব্যাংকের যে কোন হিসাব খাতে জমা দিতে হইবে, যাহা</p>   |

|  |  |  |
|--|--|--|
| the credit of any account which shall be styled "The Account of the Khulna Development Authority".   | তাৎক্ষণিকভাবে উপরে উল্লিখিত ব্যাংকের যে কোন হিসাব খাতে জমা দিতে হইবে, যাহা "খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ হিসাব" অভিধায় চিহ্নিত হইবে।   | "খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ হিসাব" অভিধায় চিহ্নিত হইবে।<br>ব্যাখ্যা : এই ধারায় 'তফসিলি ব্যাংক' বলিতে Bangladesh Bank Order, 1972 (P.O 127 of 1972) এর article 2(j) তে সংজ্ঞায়িত Schedule Bank কে বুঝাইবে।  |
| <b>57. Payment by cheques</b><br>(1) No payment shall be made by the Bank out of the account referred to in section 56 except upon a cheque.<br><br>(2) Payment of any sum due by the Authority exceeding one hundred rupees in amount shall be made by means of a cheque and not in any other manner.   | <b>৫৭। চেক দ্বারা পরিশোধ।-</b><br>(১) ব্যাংক কর্তৃপক্ষ ধারা ৫৬-তে উল্লিখিত হিসাব খাত হইতে চেক ব্যতীত কোন অর্থ পরিশোধ করিবে না;<br>(২) একশত টাকার উর্দে যে কোন অঙ্কের অর্থ শুধু চেকের মাধ্যমে প্রদান করা যাইবে, অন্য কোন প্রকারে করা যাইবে না।  | <b>৫১। চেক দ্বারা পরিশোধ।-</b> (১) ব্যাংক কর্তৃপক্ষ ধারা ৫০-তে উল্লিখিত হিসাব খাত হইতে চেক ব্যতীত কোন অর্থ পরিশোধ করিবে না;  |
| <b>58. Signature of cheques</b><br>All cheques referred to in section 57 must be signed by the Chairman and the Secretary of the Authority, or in absence of either the Chairman or the Secretary, by the Secretary or Chairman, and a Member.   | <b>৫৮। চেকে স্বাক্ষর।-</b><br>ধারা ৫৭-তে উল্লিখিত সকল চেক কর্তৃপক্ষের চেয়ারম্যান ও সচিব কর্তৃক স্বাক্ষরিত হইবে। চেয়ারম্যান অথবা সচিবের যে কোন একজনের অনুপস্থিতিতে সচিব অথবা চেয়ারম্যান এবং একজন সদস্য চেক স্বাক্ষর করিবেন।  | <b>৫২। চেকে স্বাক্ষর।-</b> ধারা ৫১-তে উল্লিখিত সকল চেক কর্তৃপক্ষের চেয়ারম্যান কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ন্যূনতম ০২(দুই) জন কর্মকর্তা ও সচিব এর মধ্যে যে কোন দুই জনের যৌথ স্বাক্ষরিত হইবে।  |
| <b>ACCOUNTS</b>  | <b>হিসাব</b>   | <b>হিসাব</b>   |
| <b>59. Management of accounts</b><br>The Authority shall maintain complete and accurate books of accounts in such forms as may be prescribed. There shall be kept a capital account and a revenue account. The capital account shall show separately all expenditure incurred by the Authority on each improvement, Development and Re housing Scheme.   | <b>৫৯। হিসাব ব্যবস্থাপনা।-</b><br>কর্তৃপক্ষ নির্ধারিত ফরমে পূর্ণাঙ্গ এবং সঠিক হিসাব বহি সংরক্ষণ করিবে। মূলধন খাত ও রাজস্ব খাত সংরক্ষণ করিতে হইবে। মূলধন খাতের প্রতিটি সংস্কার, উন্নয়ন এবং পুনঃ আবাসন পরিকল্পনাসমূহের জন্য কর্তৃপক্ষ কর্তৃক ব্যয়িত সকল হিসাব পৃথকভাবে দেখাইতে হইবে  | <b>৫৩। হিসাব ব্যবস্থাপনা।-</b> কর্তৃপক্ষ নির্ধারিত ফরমে পূর্ণাঙ্গ এবং সঠিক হিসাব বহি সংরক্ষণ করিবে। মূলধন খাত ও রাজস্ব খাত পৃথকভাবে সংরক্ষণ করিতে হইবে। মূলধন খাতের প্রতিটি সংস্কার, উন্নয়ন এবং পুনঃআবাসন প্রকল্পসমূহের জন্য কর্তৃপক্ষ কর্তৃক ব্যয়িত সকল হিসাব পৃথকভাবে দেখাইতে হইবে   |
| <b>60. Credit to capital account</b><br>There shall be credited to the capital account-<br>(a) such proportion of grants by Government under clause (b) of sub section (2) of section 46, as may be fixed by the Provincial Government from time to time;<br>(b) loans obtained from Government;<br>(c) loans obtained by the Authority with special or general sanction of the provincial Government;<br>(d) foreign aid and loans obtained from the Development Loan Fund;<br>(e) the proceeds of the sale of any land vested in the Authority which was proceeded out of any loan;<br><br>(f) the proceeds of the sale of any movable property (including securities for money invested from the capital account) belonging to the Authority; | <b>৬০। মূলধন খাতে জমা।-</b><br>মূলধন খাতে জমা হইবে-<br>(ক) ধারা ৪৬ এর উপধারা (২) এর দফা (খ) মোতাবেক সরকার কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত সরকারী অনুদানের এইরূপ অংশ;<br>(খ) সরকারের নিকট হইতে প্রাপ্ত ঋণ;<br>(গ) সরকারের বিশেষ বা সাধারণ মঞ্জুরী বাবদ কর্তৃপক্ষের প্রাপ্ত ঋণ;<br><br>(ঘ) উন্নয়ন তহবিল হইতে প্রাপ্ত বৈদেশিক অনুদান ও ঋণ;<br><br>(ঙ) গৃহীত ঋণের দ্বারা কোন জমি কর্তৃপক্ষের মালিকানাধীন হইলে ঐ জমি বিক্রয়লব্ধ অর্থ;<br>(চ) কর্তৃপক্ষের মালিকানাধীন কোন অস্থাবর সম্পত্তির বিক্রয়লব্ধ অর্থ (মূলধন | <b>৫৪। মূলধন খাতে জমা।-</b><br>মূলধন খাতে জমা হইবে-<br>(ক) ধারা ৪০ এর উপধারা (২) এর দফা (খ) মোতাবেক সরকার কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত সরকারী অনুদানের এইরূপ অংশ;<br>(খ) সরকারের নিকট হইতে প্রাপ্ত ঋণ;<br>(গ) সরকারের বিশেষ বা সাধারণ মঞ্জুরি বাবদ কর্তৃপক্ষের প্রাপ্ত ঋণ;<br>(ঘ) উন্নয়ন তহবিল হইতে প্রাপ্ত বৈদেশিক অনুদান ও ঋণ;<br>(ঙ) গৃহীত ঋণের দ্বারা কোন জমি কর্তৃপক্ষের মালিকানাধীন হইলে ঐ জমি বিক্রয়লব্ধ অর্থ;<br>(চ) কর্তৃপক্ষের মালিকানাধীন কোন অস্থাবর সম্পত্তির বিক্রয়লব্ধ অর্থ (মূলধন খাতে বিনিয়োগের জন্য অর্থ জামানতসহ);<br>(ছ) সরকার কর্তৃক মূলধন খাতে অন্তর্ভুক্ত করিবার আদেশক্রমে যে কোন অর্থ। |

|   |  |  |
|---|--|--|
| <p>(g) any other sum which the provincial Government may direct to be credited to the capital account.</p>  | <p>খাতে বিনিয়োগের জন্য অর্থ জামানত সহ);<br/>(ছ) সরকার কর্তৃক মূলধন খাতে অন্তর্ভুক্ত করিবার আদেশক্রমে যে কোন অর্থ।</p>   |  |
| <p><b>61. Application of capital account</b><br/>The moneys credited to the capital account shall be held by the Authority in trust, and shall be applied to-</p> <p>(a) meeting all costs of framing and executing improvement, development and re housing schemes;</p> <p>(b) meeting the cost of acquiring land for carrying out any of the purposes of this Ordinance;</p> <p>(c) meeting the cost of constructing buildings required for carrying out any of the purposes of this Ordinance;</p> <p>(d) the repayment of loans from money borrowed in pursuance of clauses (c), (d) and (e) of sub-section (2) of section 46;</p> <p>(e) making, or contributing towards the cost of making, surveys in pursuance of section 44;</p> <p>(f) meeting such proportion of the cost of management as the Authority may, with the sanction of the provincial Government, fix in this behalf; and</p> <p>(g) temporarily making good the deficit (if any) in the revenue account at the end of any financial year.</p> | <p><b>৬১। মূলধন খাতে প্রয়োগ।-</b><br/>মূলধন খাতে জমাকৃত অর্থ কর্তৃপক্ষ ট্রাস্টি হিসাবে সংরক্ষণ করিবে এবং নিম্নে উল্লিখিত ক্ষেত্রে ব্যয় করিবেঃ-</p> <p>(ক) সংস্কার, উন্নয়ন ও পুনঃ আবাসন পরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়নের জন্য যাবতীয় ব্যয় নির্বাহ;</p> <p>(খ) এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে ভূমি অধিগ্রহণ বাবদ প্রয়োজনীয় অর্থ ব্যয়</p> <p>(গ) এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় ভবন নির্মাণের ব্যয় নির্বাহ;</p> <p>(ঘ) ধারা ৪৬ এর উপধারা (২) এর দফা (গ) ও (ঙ) মোতাবেক গৃহীত ঋণ পরিশোধ;</p> <p>(ঙ) ধারা ৪৪ এর অধীন জরিপ কাজ পরিচালনার জন্য ব্যয় মিটানো;</p> <p>(চ) সরকার এতদুদ্দেশ্যে ব্যবস্থাপনার জন্য যেইরূপ নির্ধারণ করিবে সেইরূপ কোন প্রকার খরচের অংশ;</p> <p>(ছ) কোন অর্থ বৎসর সমাপ্তির পর রাজস্ব খাতের ঘাটতি, যদি থাকে, সাময়িকভাবে পূরণ।</p> | <p><b>৫৫। মূলধন খাতে প্রয়োগ।-</b> মূলধন খাতে জমাকৃত অর্থ কর্তৃপক্ষ ট্রাস্টি হিসাবে সংরক্ষণ করিবে এবং নিম্নে উল্লিখিত ক্ষেত্রে ব্যয় করিবে।-</p> <p>(ক) সংস্কার, উন্নয়ন ও পুনঃ আবাসন পরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়নের জন্য যাবতীয় ব্যয় নির্বাহ;</p> <p>(খ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে ভূমি অধিগ্রহণ বাবদ প্রয়োজনীয় অর্থ ব্যয়</p> <p>(গ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় ভবন নির্মাণের ব্যয় নির্বাহ;</p> <p>(ঘ) ধারা ৪০ এর উপধারা (২) এর দফা (গ) ও (ঙ) মোতাবেক গৃহীত ঋণ পরিশোধ;</p> <p>(ঙ) জরিপ কাজ পরিচালনার জন্য ব্যয় মিটানো;</p> <p>(চ) সরকার এতদুদ্দেশ্যে ব্যবস্থাপনার জন্য যেইরূপ নির্ধারণ করিবে সেইরূপ কোন প্রকার খরচের অংশ;</p> <p>(ছ) কোন অর্থ বৎসর সমাপ্তির পর রাজস্ব খাতের ঘাটতি, যদি থাকে, সাময়িকভাবে পূরণ।</p>   |
| <p><b>62. Credit to revenue account-</b><br/>There shall be credited to the revenue account-</p> <p>(a) contribution of the Municipality under section 47;</p> <p>(b) such proportion of grants made by Government under clause (c) of sub section (2) of section 46, as may be fixed by the Provincial Government from time to time;</p> <p>(d) proceeds of any improvement or betterment levy water rate, conservancy rate or any other rate levied by the Authority with the sanction of Provincial Government under clause (f) of sub section (2) of section 46;</p> <p>(e) all interests received by the Authority;</p> <p>(f) all damages received by the Authority;</p> <p>(g) all annually recurring sums received from the Government in aid of the funds of the Authority;</p> <p>(h) all premia received by the Authority in connection with</p>   | <p><b>৬২। রাজস্ব খাতে জমা।-রাজস্ব খাতে জমা হইবে-</b><br/>(ক) ধারা ৪৭ এর অধীন পৌরসভা কর্তৃক প্রদত্ত অর্থ;</p> <p>(খ) ধারা ৪৬ এর উপধারা (২) এর দফা (খ) অনুযায়ী সরকার কর্তৃক প্রদত্ত অনুদানের এইরূপ অংশ যাহা সরকার সময়ে সময়ে নির্ধারণ করিবে;</p> <p>(গ) ধারা ৪৬ এর উপধারা (২) এর দফা (চ) মোতাবেক সরকারের অনুমোদনক্রমে কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত সংস্কার অথবা উন্নয়ন কর, পানি কর, নদী-বন্দর কর অথবা অন্য কোন কর আদায়ের মাধ্যমে প্রাপ্ত অর্থ;</p> <p>(ঘ) কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত সকল প্রকার সুদ;</p> <p>(ঙ) কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত সকল প্রকার ক্ষতিপূরণ;</p> <p>(চ) সরকারের নিকট হইতে কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত তহবিল অনুদানের আবর্তক অর্থ;</p> <p>(ছ) ইজারা প্রদানের মাধ্যমে কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত সকল কিস্তির অর্থ ;</p>  | <p><b>৫৬। রাজস্ব খাতে জমা। - রাজস্ব খাতে জমা হইবে-</b><br/>(ক) ধারা ৪১এর অধীন সিটি কর্পোরেশন/ পৌরসভা/ ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত অর্থ;</p> <p>(খ) ধারা ৪০ এর উপধারা (২) এর দফা (খ) অনুযায়ী সরকার কর্তৃক প্রদত্ত অনুদানের এইরূপ অংশ যাহা সরকার সময়ে সময়ে নির্ধারণ করিবে;</p> <p>(গ) ধারা ৪০ এর উপধারা (২) এর দফা (চ) মোতাবেক সরকারের অনুমোদনক্রমে কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত সংস্কার অথবা উন্নয়ন কর, উৎকর্ষসাধন ফি, নদী-বন্দর কর অথবা অন্য কোন কর আদায়ের মাধ্যমে প্রাপ্ত অর্থ;</p> <p>(ঘ) কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত সকল প্রকার সুদ;</p> <p>(ঙ) কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত সকল প্রকার ক্ষতিপূরণ;</p> <p>(চ) সরকারের নিকট হইতে কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত তহবিল অনুদানের আবর্তক অর্থ;</p> <p>(ছ) ইজারা প্রদানের মাধ্যমে কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত সকল কিস্তির অর্থ ;</p> <p>(জ) কর্তৃপক্ষের নিকট ন্যস্ত ভূমি এবং ভবনের ভাড়া বাবদ প্রাপ্ত অর্থ; এবং</p> |

|   |  |   |
|---|--|---|
| <p>leases;<br/>(i) all rents of land and buildings vested in the Authority; and<br/>(j) any other sums which the provincial Government may direct to be credited to the revenue account.</p>  | <p>(জ) কর্তৃপক্ষের নিকট ন্যস্ত ভূমি এবং ভবনের ভাড়া বাবদ প্রাপ্ত অর্থ; এবং<br/>(ঝ) অন্য যে কোন প্রকার অর্থ সরকার কর্তৃক নির্দেশিত রাজস্বখাতে জমা প্রদানতব্য অন্যান্য যে কোন অংকের অর্থ।</p>  | <p>(বা) অন্য যে কোন প্রকার অর্থ সরকার কর্তৃক নির্দেশিত রাজস্বখাতে জমা প্রদানতব্য অন্যান্য যে কোন অংকের অর্থ।<br/>(এ) গৃহীত ঋণের দ্বারা কোন জমি কর্তৃপক্ষের মালিকানাধীন হইলে ঐ জমি বিক্রয়লব্ধ অর্থ;<br/>(ট) কর্তৃপক্ষের মালিকানাধীন কোন অস্থাবর সম্পত্তির বিক্রয়লব্ধ অর্থ (মূলধন খাতে বিনিয়োগের জন্য অর্থ জামানতসহ);<br/>(ঠ) উপরোল্লিখিত খাত ব্যতিত যে কোন বৈধ উৎস হইতে প্রাপ্ত অর্থ।</p>   |
| <p><b>63. Application of revenue account</b></p> <p>The moneys credited to the revenue account shall be held by the Authority in trust, and shall be applied to-</p> <p>(a) meeting all charges for interest due on account of any loan taken in pursuance of clauses (c), (d) or (e) of sub section (2) of section 46 and all other charges incurred in connection with such loans;<br/>(b) paying all sums due from the Authority in respect of rates and taxes imposed under the Bengal Municipal act,1932 upon land vested in the Authority;<br/>(c) paying the cost (if any) of maintaining a separate establishment for the collection of the rents and other proceeds of land vested in the Authority;<br/>(d) paying all sums which the provincial Government may direct to be paid to an Auditor under section 71;<br/>(e) making payments in pursuance of section 94 for compensation or for expenses of maintenance of works; and<br/>(f) paying the cost of management.</p> <p>Explanation. The expression "cost of management" means-</p> <p>(a) the salary and allowances of the Chairman and fees of the Members of the Authority;<br/>(b) all fees and allowances paid for attendance at meeting;<br/>(c) the salaries, fees and allowances of, and the contributions paid under the provision of section 18 in respect of employees of the Authority appointed under that section; except employees who are paid by the day or whose pay is charged to temporary work; and</p> | <p><b>৬৩। রাজস্ব খাতের প্রয়োগ।</b>- রাজস্ব খাতে জমাকৃত অর্থ কর্তৃপক্ষ ট্রাস্টি হিসাবে সংরক্ষণ করিবে এবং নিম্নোক্ত ক্ষেত্রে প্রয়োগ করিবে -<br/>(ক) ধারা ৪৬ এর উপধারা (২) এর দফা (গ) (ঘ) অথবা (ঙ) মোতাবেক গৃহীত ঋণের উপর প্রদেয় যাবতীয় সুদ প্রদান এবং উক্ত ঋণ সংক্রান্ত অন্যান্য ব্যয় মিটানো;<br/>(খ) "বেঙ্গল মিউনিসিপাল অ্যাক্ট, ১৯৩২" (১৯৩২ এর বেঙ্গল অ্যাক্ট চঠ) এর অধীন কর্তৃপক্ষের নিকট ন্যস্ত ভূমির উপর ধার্যকৃত কর ও ফি বাবদ প্রদেয় অর্থ ;<br/>(গ) কর্তৃপক্ষের নিকট ন্যস্ত ভূমির ভাড়া এবং অন্যান্য আয় আদায়ের লক্ষ্যে অন্য জনবল সংরক্ষণ বাবদ যাবতীয় ব্যয় (যদি থাকে);<br/>(ঘ) ধারা ৭১ এর অধীন নিরীক্ষককে সরকার কর্তৃক নির্দেশিত অর্থ প্রদান;<br/>(ঙ) ধারা ৯৪ এর অধীন কাজ রক্ষণাবেক্ষণের জন্য ক্ষতিপূরণ প্রদান; এবং<br/>(চ) ব্যবস্থাপনার খরচ প্রদান।<br/>ব্যাখ্যা :- "ব্যবস্থাপনা খরচ" অর্থ-<br/>(ক) কর্তৃপক্ষের চেয়ারম্যানের বেতন-ভাতা এবং সদস্যদের সম্মানী ফি;<br/>(খ) সভায় যোগদানের জন্য প্রদত্ত ফি এবং ভাতা;<br/>(গ) দৈনিক মজুরী ভিত্তিক কর্মচারী অথবা সাময়িক কাজের জন্য মজুরী প্রদান সংক্রান্ত কর্মচারী ব্যতীত ধারা ১৮ এর বিধান, উক্ত ধারার অধীন নিয়োগপ্রাপ্ত কর্তৃপক্ষের কর্মচারীদের প্রদত্ত বেতন, ফি এবং ভাতা ও অন্যান্য প্রদত্ত অর্থ;<br/>(ঘ) কর্তৃপক্ষ কর্তৃক ব্যয়িত সকল অফিস খরচ।<br/>ব্যাখ্যা:- "অফিস খরচ" অর্থ অফিসের কাজ নিষ্পন্ন করিবার লক্ষ্যে যাবতীয় খরচ এবং অফিসের কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অফিস ভাড়া, আসবাবপত্র, মুদ্রণ এবং মনোহারী দ্রব্য এবং আনুষঙ্গিক ব্যয়সমূহ ইহার অন্তর্ভুক্ত হইবে।</p> | <p><b>৫৭। রাজস্ব খাতের প্রয়োগ।</b>- রাজস্ব খাতে জমাকৃত অর্থ কর্তৃপক্ষ ট্রাস্টি হিসাবে সংরক্ষণ করিবে এবং নিম্নোক্ত ক্ষেত্রে প্রয়োগ করিবে। -<br/>(ক) ধারা ৪০ এর উপধারা (২) এর দফা (গ) (ঘ) অথবা (ঙ) মোতাবেক গৃহীত ঋণের উপর প্রদেয় যাবতীয় সুদ প্রদান এবং উক্ত ঋণ সংক্রান্ত অন্যান্য ব্যয় মিটানো;<br/>(খ) কর্তৃপক্ষের নিকট ন্যস্ত ভূমির উপর ধার্যকৃত কর ও ফি বাবদ প্রদেয় অর্থ ;<br/>(গ) কর্তৃপক্ষের নিকট ন্যস্ত ভূমির ভাড়া এবং অন্যান্য আয় আদায়ের লক্ষ্যে অন্য জনবল সংরক্ষণ বাবদ যাবতীয় ব্যয় (যদি থাকে);<br/>(ঘ) ধারা ৬২ এর অধীন চার্জার্ড একাউন্ট/ নিরীক্ষক এর পারিশ্রমিক প্রদান;<br/>(ঙ) ধারা ৭৭ এর অধীন কাজ রক্ষণাবেক্ষণের জন্য ক্ষতিপূরণ প্রদান; এবং<br/>(চ) ব্যবস্থাপনার খরচ প্রদান।<br/>ব্যাখ্যা :- "ব্যবস্থাপনা খরচ" অর্থ-<br/>(ক) কর্তৃপক্ষের চেয়ারম্যানের বেতন-ভাতা এবং সদস্যদের সম্মানী ফি;<br/>(খ) সভায় যোগদানের জন্য প্রদত্ত ফি এবং ভাতা;<br/>(গ) আউট সোর্সিং কর্মচারী/ ঠিকাদারের মাধ্যমে নিয়োগকৃত কর্মচারী/ দৈনিক মজুরি ভিত্তিক কর্মচারী অথবা সাময়িক কাজের জন্য মজুরি প্রদান সংক্রান্ত কর্মচারী ব্যতীত ধারা ১২ এর বিধান, উক্ত ধারার অধীন নিয়োগপ্রাপ্ত কর্তৃপক্ষের কর্মচারীদের প্রদত্ত বেতন, ফি এবং ভাতা ও অন্যান্য প্রদত্ত অর্থ;<br/>(ঘ) কর্তৃপক্ষ কর্তৃক ব্যয়িত সকল অফিস খরচ।</p> |

|   |   |  |
|---|---|--|
| <p>(d) all office expenses incurred by the Authority.<br/>Explanation. "Office expenses" means expenses incurred for carrying on office work, and includes the rent of offices, the provision of furniture therefore, the charges for printing and stationery and any other incidental expenses necessary for the efficient working of an office.</p>   |   |  |
| <p><b>64. Advances from revenue account to capital account</b><br/>(1) Notwithstanding anything contained in section 63, the Authority may advance any sum standing at the credit of the revenue account for the purpose of meeting capital expenditure.<br/>(2) Every such advance shall be refunded to the Revenue Account as soon as may be practicable.</p>   | <p>৬৪। রাজস্ব খাত হইতে মূলধন খাতে অগ্রিম প্রদান।-<br/>(১) ধারা ৬৩-তে যাহা কিছুই থাকুক না কেন, কর্তৃপক্ষ রাজস্ব তহবিলের সম্বন্ধে অর্থ হইতে মূলধন খাতের ব্যয় নির্বাহের জন্য যে কোন অঙ্কের অর্থ অগ্রিম প্রদান করিতে পারিবে।<br/><br/>(২) এইরূপ অগ্রিম অর্থ যথা শীঘ্র সম্ভব রাজস্ব খাতে ফেরত প্রদান করিতে হইবে।</p>  | <p>৫৮। রাজস্ব খাত হইতে মূলধন খাতে অগ্রিম প্রদান।- (১) ধারা ৫৭-তে যাহা কিছুই থাকুক না কেন, কর্তৃপক্ষ রাজস্ব তহবিলের সম্বন্ধে অর্থ হইতে মূলধন খাতের ব্যয় নির্বাহের জন্য যে কোন অঙ্কের অর্থ অগ্রিম প্রদান করিতে পারিবে।<br/><br/>(২) এইরূপ অগ্রিম অর্থ যথা শীঘ্র সম্ভব রাজস্ব খাতে ফেরত প্রদান করিতে হইবে।</p>   |
| <p><b>65. Advances from capital account to revenue account</b><br/>(1) Any deficit in the revenue account at the end of any financial year may be made good by an advance from the capital account.<br/><br/>(2) Every such advance shall be refunded to the capital account in the following financial year.</p>   | <p>৬৫। মূলধন খাত হইতে রাজস্ব খাতে অগ্রিম প্রদান।-<br/>(১) অর্থ বৎসর সমাপ্তির পর রাজস্ব খাতে কোন প্রকার ঘাটতি দেখা দিলে মূলধন খাত হইতে অগ্রিম প্রদান করিয়া উক্ত ঘাটতি পূরণ করা যাইবে।<br/>(২) এইরূপ অগ্রিম অর্থ যথা শীঘ্র সম্ভব রাজস্ব খাতে ফেরত প্রদান করিতে হইবে।</p>   | <p>৫৯। মূলধন খাত হইতে রাজস্ব খাতে অগ্রিম প্রদান।- (১) অর্থ বৎসর সমাপ্তির পর রাজস্ব খাতে কোন প্রকার ঘাটতি দেখা দিলে মূলধন খাত হইতে অগ্রিম প্রদান করিয়া উক্ত ঘাটতি পূরণ করা যাইবে।<br/>(২) এইরূপ অগ্রিম অর্থ যথা শীঘ্র সম্ভব রাজস্ব খাতে ফেরত প্রদান করিতে হইবে।</p>  |
| <p><b>66. Submission of abstract of accounts</b><br/>(1) The Authority shall submit to the provincial Government at the end of each half of every financial year, an abstract of the accounts of their receipts and expenditures.</p>   | <p>৬৬। হিসাবের সার-সংক্ষেপ দাখিল।-<br/>(১) কর্তৃপক্ষ প্রতি অর্থ বৎসরের প্রতি ছয় মাস অন্তর তাহাদের প্রাপ্তি ও ব্যয়ের হিসাবের একটি সার-সংক্ষেপ সরকারের নিকট পেশ করিবে।</p>  | <p>৬০। হিসাবের সার-সংক্ষেপ দাখিল।- (১) কর্তৃপক্ষ প্রতি অর্থ বৎসর অন্তর তাহাদের প্রাপ্তি ও ব্যয়ের হিসাবের একটি সার-সংক্ষেপ সরকারের নিকট পেশ করিবে।</p>   |
| <p><b>67. Submission of yearly reports and returns</b><br/>(1) The Authority shall submit to the Provincial Government, as soon as possible but within three months after the end of every financial year, a report on the conduct of its affairs for that year.<br/>(2) The Provincial Government may require the Authority to furnish-<br/><br/>(a) any return, statement, estimate, statistics or other information regarding any matter under the control of the Authority, or<br/>(b) a report on any such matter, or<br/>(c) a copy of any document in the charge of the Authority; and the Authority shall comply with every such requisition.</p> | <p>৬৭। বাৎসরিক প্রতিবেদন ও রিটার্ন দাখিল।-<br/>(১) কর্তৃপক্ষ যথাশীঘ্র সম্ভব, কিন্তু প্রতি অর্থ বৎসর শেষ হইবার তিন মাসের মধ্যে ইহার যাবতীয় কর্মকাণ্ডের অগ্রগতি সম্পর্কে একটি প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে;<br/>(২) সরকার কর্তৃপক্ষকে নিম্নলিখিত তথ্যাদি সরবরাহ করিবার নির্দেশ প্রদান করিতে পারিবে-<br/>(ক) যে কোন প্রকার রিটার্ন প্রতিবেদন, প্রাক্কলন, পরিসংখ্যান অথবা কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন যে কোন বিষয় সম্পর্কে তথ্যসমূহ; অথবা<br/>(খ) এইরূপ যে কোন বিষয়ের উপর প্রতিবেদন; অথবা<br/>(গ) কর্তৃপক্ষের নিকট রক্ষিত যে কোন দলিলের অনুলিপি এবং কর্তৃপক্ষ এইরূপ প্রত্যেক চাহিদা পূরণ করিবে।</p> | <p>৬১। বাৎসরিক প্রতিবেদন ও রিটার্ন দাখিল।-<br/>(১) কর্তৃপক্ষ যথাশীঘ্র সম্ভব, কিন্তু প্রতি অর্থ বৎসর শেষ হইবার ছয় মাসের মধ্যে ইহার যাবতীয় কর্মকাণ্ডের অগ্রগতি সম্পর্কে একটি প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে;<br/>(২) সরকার কর্তৃপক্ষকে নিম্নলিখিত তথ্যাদি সরবরাহ করিবার নির্দেশ প্রদান করিতে পারিবে-<br/>(ক) যে কোন প্রকার রিটার্ন প্রতিবেদন, প্রাক্কলন, পরিসংখ্যান অথবা কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন যে কোন বিষয় সম্পর্কে তথ্যসমূহ; অথবা<br/>(খ) এইরূপ যে কোন বিষয়ের উপর প্রতিবেদন; অথবা<br/>(গ) কর্তৃপক্ষের নিকট রক্ষিত যে কোন দলিলের অনুলিপি এবং কর্তৃপক্ষ এইরূপ প্রত্যেক</p> |

|   |   |  |
|---|---|--|
|   |   | চাহিদা পূরণ করিবে।   |
| <p><b>68. Recovery of dues of Authority</b><br/>The Authority shall have power to realise its dues from any person under the Bengal Public demands recovery act, 1913, as public demand.</p>  | <p>৬৮। কর্তৃপক্ষের বকেয়া আদায়।-<br/>“বেঙ্গল পাবলিক ডিমান্ড রিকভারী অ্যাক্ট, ১৯১৩”( বেঙ্গল অ্যাক্ট III, ১৯১৩) মোতাবেক কর্তৃপক্ষ যে কোন ব্যক্তির নিকট হইতে ইহার বকেয়া অর্থ আদায় করিবার ক্ষমতা সংরক্ষণ করিবে।</p>  | <p>৬২। উৎকর্ষসাধন ফি আদায়।- কোন ব্যক্তির উপর ধার্যকৃত উৎকর্ষসাধন ফি ‘Public demand’ হিসাবে ‘The Public Demand Recovery Act, 1913 (Act- of 1913) আওতায় আদায়যোগ্য হইবে।</p>   |
| <p><b>69. Annual audit of accounts</b><br/>The accounts of the Authority shall, once in every financial year, be examined and audited by such Auditor as the provincial Government may appoint in this behalf.</p> <p><b>70. Power of Auditors</b><br/>The Auditor so appointed may,-<br/>(a) by written summons, require the production before him of any document which he may consider necessary for the proper conduct of the audit;<br/>(b) by written summons, require any person having the custody or control of, or being accountable for, any such document to appear in person before him; and<br/>(c) require any person so appearing before him to make and sign a declaration with respect to any such document to answer any question, or to prepare and submit any statement.</p> | <p>৬৯। বাৎসরিক হিসাব নিরীক্ষা।-<br/>কর্তৃপক্ষের যাবতীয় হিসাব সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নিয়োগপ্রাপ্ত হিসাব নিরীক্ষকগণ প্রতি অর্থ বৎসরে একবার পরীক্ষা এবং নিরীক্ষা করিবেন।</p> <p>৭০। নিরীক্ষকের ক্ষমতা।-<br/>নিয়োগপ্রাপ্ত নিরীক্ষক-<br/>(ক) সুষ্ঠু নিরীক্ষা কাজের জন্য প্রয়োজনীয় যে কোন প্রকার দলিল তাঁহার নিকট উপস্থাপন করিবার জন্য লিখিত সমন জারী করিতে পারিবেন;<br/>(খ) এইরূপ দলিলপত্র যে ব্যক্তির হেফাজতে অথবা নিয়ন্ত্রণে আছে অথবা দায়বদ্ধতা আছে উক্ত ব্যক্তিকে তাঁহার সম্মুখে সরেজমিনে হাজির হইবার জন্য লিখিত সমন জারী করিতে পারিবেন; এবং<br/>(গ) তাঁহার সম্মুখে উপস্থিত যে কোন ব্যক্তিকে এইরূপ দলিল সম্পর্কে কোন প্রকার ঘোষণা প্রদান এবং স্বাক্ষরদান, যে কোন প্রশ্নের উত্তর প্রদান অথবা কোন প্রতিবেদন প্রণয়ন ও পেশ করিবার আদেশ প্রদান করিতে পারিবেন।</p> | <p>৬৩। হিসাব রক্ষণ ও নিরীক্ষা।- (১) কর্তৃপক্ষ নির্ধারিত পদ্ধতি ও ফরমে উহার হিসাব রক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।<br/>(২) বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহাহিসাব নিরীক্ষক নামে অভিহিত প্রতি বৎসর হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা প্রতিবেদনে একটি করিয়া অনুলিপি সরকার ও কর্তৃপক্ষের চেয়ারম্যান এর নিকট পেশ করিবেন।<br/>(৩) উপ-ধারা (২) এর বিধান মোতাবেক হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহাহিসাব নিরীক্ষক কিংবা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি কর্তৃপক্ষের সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভান্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং চেয়ারম্যান, সদস্য, সচিব, উপদেষ্টা, পরামর্শক, কর্তৃপক্ষের কর্মকর্তা কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।<br/>(৪) উপ-ধারা (২) এর অধীন হিসাব-নিরীক্ষা ছাড়াও চার্টার্ড একাউন্টেন্ট/ নিরীক্ষক দ্বারা কর্তৃপক্ষের হিসাব নিরীক্ষা করা যাইবে এবং এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষ এক বা একাধিক চার্টার্ড একাউন্টেন্ট/ নিরীক্ষক নিয়োগ করিতে পারিবে।<br/>(৫) খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ তহবিল ও ধারা ৪০(৩) এ বর্ণিত তহবিল এবং সরকার কর্তৃক অনুমোদিত তহবিলসমূহই নিরীক্ষণের আওতাভুক্ত হইবে।<br/>(৬) অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা চেয়ারম্যান এর নির্দেশ অনুসারে তিন মাস অন্তর অন্তর কর্তৃপক্ষের শাখা/ প্রকল্পের হিসাব নিরীক্ষা করিবেন।</p> |
| <p><b>71. Remuneration of Auditor</b><br/>The Authority shall pay to the said Auditor such remuneration as the provincial Government may direct.</p>  | <p>৭১। নিরীক্ষকের পারিশ্রমিক।-<br/>কর্তৃপক্ষ উক্ত নিরীক্ষককে সরকার কর্তৃক নির্দেশিত পারিশ্রমিক প্রদান করিবে।</p>  | <p>৬৪। চার্টার্ড একাউন্টেন্ট/ নিরীক্ষকের এর পারিশ্রমিক।- চেয়ারম্যান চার্টার্ড একাউন্টেন্ট/ নিরীক্ষক এর পারিশ্রমিক নির্ধারণ করিবেন।</p>  |
| <p><b>72. Auditor to submit report to the Chairman and Government</b><br/>The Auditor shall-<br/>(a) report to the Authority any material impropriety or irregularity which he may observe in the expenditure, or in the recovery of moneys due to the Authority, or in the accounts, and report the same to the provincial Government;</p>   | <p>৭২। নিরীক্ষক কর্তৃক চেয়ারম্যান ও সরকারের নিকট প্রতিবেদন দাখিল।-<br/>নিরীক্ষক-<br/>(ক) কর্তৃপক্ষের ব্যয় অথবা বকেয়া অর্থ আদায় অথবা হিসাবে কোন প্রকার অসংগতি অথবা অনিয়ম পরিলক্ষিত হইলে বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করিবে অথবা এই সম্পর্কিত হিসাব এবং প্রতিবেদন সরকারের নিকটও দাখিল করিবেন;</p>   | <p>৬৫। চার্টার্ড একাউন্টেন্ট/ নিরীক্ষক কর্তৃক চেয়ারম্যান এর নিকট প্রতিবেদন দাখিল।-<br/>চার্টার্ড একাউন্টেন্ট/ নিরীক্ষক-<br/>(ক) কর্তৃপক্ষের ব্যয় অথবা বকেয়া অর্থ আদায় অথবা হিসাবে কোন প্রকার অসংগতি অথবা অনিয়ম পরিলক্ষিত হইলে বিষয়টি চেয়ারম্যানকে অবহিত করিবে অথবা এই সম্পর্কিত হিসাব এবং প্রতিবেদন দাখিল করিবেন;<br/>(খ) নিরীক্ষার অগ্রগতি সম্পর্কে, প্রয়োজন মনে করিলে তাহারা চেয়ারম্যানকে সময়ে</p>   |

|  |  |   |
|--|--|---|
| <p>(b) furnish to the Authority such information as they may, from time to time, require concerning the progress on his audit; and</p> <p>(c) soon after the completion of his audit, forward his report upon the accounts to the Chairman.</p>  | <p>(খ) নিরীক্ষার অগ্রগতি সম্পর্কে, প্রয়োজন মনে করিলে তাহারা কর্তৃপক্ষকে সময়ে সময়ে অবহিত করিবেন; এবং</p> <p>(গ) নিরীক্ষা সম্পন্ন করিবার পর হিসাবের উপর প্রণীত প্রতিবেদন চেয়ারম্যানের বরাবর দ্রুত অর্থাৎ প্রেরণ করিবেন।</p>  | <p>সময়ে অবহিত করিবেন; এবং</p> <p>(গ) নিরীক্ষা সম্পন্ন করিবার পর হিসাবের উপর প্রণীত প্রতিবেদন চেয়ারম্যানের বরাবর দ্রুত অর্থাৎ প্রেরণ করিবেন।</p>   |
| <p><b>73. Authority to remedy defects</b><br/>It shall be the duty of the Authority forthwith to remedy any defect or irregularity that may be pointed out by the Auditor.</p>   | <p>৭৩। কর্তৃপক্ষ কর্তৃক ত্রুটিমুক্ত করণ।- নিরীক্ষক কর্তৃক চিহ্নিত ত্রুটি অথবা অনিয়ম দূর করিবার আশু দায়িত্ব কর্তৃপক্ষের।</p>  | <p>৬৬। কর্তৃপক্ষ কর্তৃক ত্রুটিমুক্তকরণ।- নিরীক্ষক কর্তৃক চিহ্নিত ত্রুটি অথবা অনিয়ম দূর করিবার আশু দায়িত্ব কর্তৃপক্ষের।</p>  |
| <p><b>74. Authority's report to be sent to each Member</b></p> <p>The Chairman shall furnish each Member a copy of the report mentioned in clause (c) of section 72 and shall bring such report before the Authority for consideration at their next meeting.</p>  | <p>৭৪। কর্তৃপক্ষের প্রতিবেদন প্রত্যেক সদস্যের নিকট প্রেরণ।-</p> <p>চেয়ারম্যান ধারা ৭২ এর দফা (গ) এ উল্লিখিত প্রতিবেদনের অনুলিপি প্রত্যেক সদস্যকে সরবরাহ করিবেন এবং কর্তৃপক্ষের বিবেচনার জন্য পরবর্তী সভায় উক্ত প্রতিবেদন উপস্থাপন করিবেন।</p>  | <p>-</p>  |
| <p><b>75. Publication and transmission of an abstract of the accounts</b><br/>As soon as practicable after the receipt of the said report, the Authority shall prepare an abstract of the accounts to which it relates, and shall publish such abstract by notification, and shall send a copy of the abstract to the chairman of Municipality and to the Provincial Government.</p>   | <p>৭৫। হিসাবের সার-সংক্ষেপ প্রকাশ ও বিতরণ।-</p> <p>উল্লিখিত প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ যথাশীঘ্র সম্ভব সংশ্লিষ্ট হিসাবের একটি সার-সংক্ষেপ প্রণয়ন করিবে ও প্রজ্ঞাপনের মাধ্যমে প্রকাশ করিবে এবং সার-সংক্ষেপের অনুলিপি পৌরসভার চেয়ারম্যান সরকারের নিকট প্রেরণ করিবে।</p>   | <p>-</p>  |
| <p><b>76. Acquisition and disposal of land</b></p> <p>(1) The Authority may, for carrying out the purposes of this Ordinance, acquire, by purchase, lease, exchange or otherwise, any land or interest in land and dispose of by sale, lease, exchange or otherwise, such land or any interest on such land.</p> <p>(2) The acquisition of any land or interest in land for the Authority under this section, or for any scheme under this Ordinance, shall be deemed to be an acquisition for a public purpose within the meaning of the Land Acquisition Act, 1894 and the provisions of the said Act shall apply to all such proceedings.</p> <p>(3) The Provincial Government, if it Considers expedient or necessary so to do, may, direct the Deputy Commissioner to requisition and acquire any property for the Authority under the provisions of the East Bengal (Emergency) Requisition of Property Act, 1948, so long the said Act remain in force.</p> | <p>৭৬। ভূমি অধিগ্রহণ ও হস্তান্তর।-</p> <p>(১) কর্তৃপক্ষ এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়, ইজারা, বিনিময় অথবা অন্য কোন প্রকারে ভূমি অথবা ভূমির স্বত্ব অধিগ্রহণ করিতে পারিবে এবং বিক্রয়, ইজারা, বিনিময় অথবা অন্য কোন প্রকারে এইরূপ ভূমি অথবা ভূমির স্বত্ব হস্তান্তর করিতে পারিবে;</p> <p>(২) এই ধারার বিধান মতে কর্তৃপক্ষের জন্য কোন ভূমি অথবা ভূমির স্বত্ব অধিগ্রহণ, অথবা এই অধ্যাদেশের আওতায় কোন পরিকল্পনার জন্য এইরূপ অধিগ্রহণ “ল্যান্ড একুইজিশন অ্যাক্ট, ১৮৯৪” (আইন ৩৩, ১৮৯৪) এর মর্মানুযায়ী জনস্বার্থে অধিগ্রহণ করা হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উক্ত আইনের বিধান এই প্রকার সকল কার্যক্রমের উপর প্রযোজ্য হইবে।</p> <p>(৩) সরকার যদি এইরূপ কার্যক্রম গ্রহণ সমীচীন এবং প্রয়োজনীয় বলিয়া বিবেচনা করে তাহা হইবে “ইস্ট বেঙ্গল (ইমার্জেন্সী) রিকুইজিশন অব প্রপার্টি অ্যাক্ট, ১৯৪৮” (ইবি অ্যাক্ট ৮৩৩৩, ১৯৪৮) {যতদিন পর্যন্ত উক্ত আইন বলবৎ থাকে} এর বিধান মোতাবেক কর্তৃপক্ষের জন্য যে কোন ভূমি অধিগ্রহণ এবং অর্জনের লক্ষ্যে জেলা প্রশাসককে নির্দেশ প্রদান করিতে পারিবে।*<br/>*[আইন ৮, ১৯৬৩ দ্বারা সংশোধিত]</p> | <p>৬৭। ভূমি অধিগ্রহণ ও হস্তান্তর।-</p> <p>(১) কর্তৃপক্ষ এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়, ইজারা, বিনিময় অথবা অন্য কোন প্রকারে ভূমি অথবা ভূমির স্বত্ব অধিগ্রহণ করিতে পারিবে এবং বিক্রয়, ইজারা, বিনিময় অথবা অন্য কোন প্রকারে এইরূপ ভূমি অথবা ভূমির স্বত্ব হস্তান্তর করিতে পারিবে;</p> <p>(২) এই ধারার বিধান মতে কর্তৃপক্ষের জন্য কোন ভূমি অথবা ভূমির স্বত্ব অধিগ্রহণ, অথবা এই আইনের আওতায় কোন প্রকল্পের জন্য এইরূপ অধিগ্রহণ “ভূমি অধিগ্রহণ অধ্যাদেশ ১৯৮২” এর মর্মানুযায়ী জনস্বার্থে অধিগ্রহণ করা হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উক্ত আইনের বিধান এই প্রকার সকল কার্যক্রমের উপর প্রযোজ্য হইবে।</p> <p>(৩) সরকার যদি এইরূপ কার্যক্রম গ্রহণ সমীচীন এবং প্রয়োজনীয় বলিয়া বিবেচনা করে তাহা হইলে “ভূমি অধিগ্রহণ অধ্যাদেশ ১৯৮২” এর বিধান মোতাবেক কর্তৃপক্ষের জন্য যে কোন ভূমি অধিগ্রহণ এবং অর্জনের লক্ষ্যে জেলা প্রশাসককে নির্দেশ প্রদান করিতে পারিবে।</p> |

|  |  |  |
|--|--|--|
| <p><b>77. Acquisition by agreement</b></p> <p>The Authority may enter into an agreement with any person for the acquisition from him by purchase, lease or exchange, of any land or any interest in such land, which the Authority are authorised to acquire.</p>  | <p>৭৭। চুক্তির মাধ্যমে অধিগ্রহণ।- কর্তৃপক্ষ অধিগ্রহণের ক্ষমতা প্রাপ্ত হইলে, ক্রয়, ইজারা অথবা বিনিময়ের মাধ্যমে কোন ব্যক্তির নিকট হইতে ভূমি অধিগ্রহণের লক্ষ্যে চুক্তি স্বাক্ষর করিতে পারিবে।</p>   | <p>৬৮। চুক্তির মাধ্যমে অধিগ্রহণ।- কর্তৃপক্ষ অধিগ্রহণের ক্ষমতাপ্রাপ্ত হইলে, ক্রয়, ইজারা অথবা বিনিময়ের মাধ্যমে কোন ব্যক্তির নিকট হইতে ভূমি অধিগ্রহণের লক্ষ্যে চুক্তি স্বাক্ষর করিতে পারিবে।</p>  |
| <p><b>78. Abandonment of acquisition</b></p> <p>(1) In any case in which land in any area comprised in an improvement, development or re housing scheme is not required for the execution of the scheme, the owner of the land or any person having an interest therein, may make an application to the Authority, requesting that the acquisition of the land should be abandoned in consideration of the payment by him of a sum to be fixed by the Authority in that behalf. The Authority may, after consideration of such application, abandon the proceedings for the acquisition of such land and make it over to the applicant on payment by him of a sum fixed by the Authority in this behalf.</p> <p>(2) The Provincial Government may prescribe the manner of disposal of application and determination of the amount of payment and mode thereof, under sub-section (1).</p> <p>(3) If the Authority enters into any agreement with any owner regarding the partial acquisition of any land which it is authorised to acquire under this Ordinance, such land as is not required for the execution of the scheme may be abandoned from acquisition under sub-section (1).</p> | <p>৭৮। অধিগ্রহণ বিমুক্তকরণ।-</p> <p>(১) যেক্ষেত্রে কোন সংস্কার, উন্নয়ন অথবা পুনঃআবাসন পরিকল্পনার অন্তর্ভুক্ত ভূমি এইরূপ পরিকল্পনা বাস্তবায়নের জন্য আবশ্যিক নহে সেইক্ষেত্রে উক্ত ভূমির মালিক অথবা উক্ত ভূমির স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃপক্ষ যে অর্থাঙ্ক নির্ধারণ করিয়া দিবে তাহা পরিশোধ সাপেক্ষে সংশ্লিষ্ট ভূমির অধিগ্রহণ বিমুক্ত করিবার অনুরোধ জানাইয়া কর্তৃপক্ষের নিকট আবেদন পেশ করিতে পারিবে। কর্তৃপক্ষ এইরূপ আবেদনপত্র বিবেচনা করিয়া উক্ত ভূমি অধিগ্রহণ সংক্রান্ত কার্যক্রম পরিত্যাগ করিবে এবং এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অর্থ প্রদান সাপেক্ষে দরখাস্তকারীর অনুকূলে ভূমি হস্তান্তর করিয়া দিবে।</p> <p>(২) সরকার উপধারা (১) এর বিধান মতে আবেদন পত্রের নিষ্পত্তি এবং প্রদেয় অর্থের পরিমাণ এবং উহা পরিশোধের ধরণ নির্ধারণ করিয়া দিতে পারিবে;</p> <p>(৩) কর্তৃপক্ষ যদি কোন ব্যক্তির সহিত আংশিক ভূমি অধিগ্রহণের জন্য চুক্তিবদ্ধ হয়, যাহা অধিগ্রহণের জন্য এই অধ্যাদেশের অধীন কর্তৃপক্ষ ক্ষমতা প্রাপ্ত হয় তাহা হইলে পরিকল্পনা বাস্তবায়নের জন্য যে ভূমি আবশ্যিক নয় তাহা উপধারা (১) এর বিধান মোতাবেক অধিগ্রহণ প্রক্রিয়া হইতে পরিত্যক্ত হইবে।</p> | <p>৬৯। অধিগ্রহণ বিমুক্তকরণ।-</p> <p>(১) যেক্ষেত্রে কোন সংস্কার, উন্নয়ন অথবা পুনঃআবাসন প্রকল্পের অন্তর্ভুক্ত ভূমি এইরূপ প্রকল্প বাস্তবায়নের জন্য আবশ্যিক নহে সেইক্ষেত্রে উক্ত ভূমির মালিক অথবা উক্ত ভূমির স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃপক্ষ যে অর্থাঙ্ক নির্ধারণ করিয়া দিবে তাহা পরিশোধ সাপেক্ষে সংশ্লিষ্ট ভূমির অধিগ্রহণ বিমুক্ত করিবার অনুরোধ জানাইয়া কর্তৃপক্ষের নিকট আবেদন পেশ করিতে পারিবে। কর্তৃপক্ষ এইরূপ আবেদনপত্র বিবেচনা করিয়া উক্ত ভূমি অধিগ্রহণ সংক্রান্ত কার্যক্রম পরিত্যাগ করিবে এবং এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অর্থ প্রদান সাপেক্ষে দরখাস্তকারীর অনুকূলে ভূমি হস্তান্তর করিয়া দিবে।</p> <p>(২) সরকার উপধারা (১) এর বিধান মতে আবেদন পত্রের নিষ্পত্তি এবং প্রদেয় অর্থের পরিমাণ এবং উহা পরিশোধের ধরণ নির্ধারণ করিয়া দিতে পারিবে;</p> <p>(৩) কর্তৃপক্ষ যদি কোন ব্যক্তির সহিত আংশিক ভূমি অধিগ্রহণের জন্য চুক্তিবদ্ধ হয়, যাহা অধিগ্রহণের জন্য এই আইনের অধীন কর্তৃপক্ষ ক্ষমতা প্রাপ্ত হয় তাহা হইলে প্রকল্প বাস্তবায়নের জন্য যে ভূমি আবশ্যিক নয় তাহা উপধারা (১) এর বিধান মোতাবেক অধিগ্রহণ প্রক্রিয়া হইতে পরিত্যক্ত হইবে।</p> |
| <p><b>BETTERMENT FEE</b></p>   | <p><b>উন্নয়ন ফি</b></p>   | <p><b>উৎকর্ষসাধন ফি (Betterment Fee)</b></p>   |
| <p><b>79. Payment of betterment fee</b></p> <p>(1) When by the making of any improvement, development or re housing scheme, any land in the area comprised in the scheme which is not required for the execution thereof will, in the opinion of the Authority, be increased in value, the Authority, in framing the scheme, may, in lieu of providing for the acquisition of land, declare that a betterment fee shall be payable by the owner of the land or any person having an interest therein in respect of the increase in value of the land resulting from the execution of the scheme.</p> <p>(2) Such betterment fee shall be an amount equal to one half of</p>  | <p>৭৯। উন্নয়ন ফি পরিশোধ।</p> <p>(১) কোন সংস্কার, উন্নয়ন অথবা পুনঃআবাসন পরিকল্পনা প্রণয়ন করিবার পর যদি দেখা যায় যে পরিকল্পনার অন্তর্ভুক্ত এলাকার কোন ভূমি উক্ত পরিকল্পনা বাস্তবায়নের জন্য আবশ্যিক নয় তাহা হইলে কর্তৃপক্ষ উক্ত ভূমির মূল্য বৃদ্ধি করিবার বিষয়টি বিবেচনা করিলে ভূমি অধিগ্রহণের প্রস্তুতি গ্রহণের পরিবর্তে পরিকল্পনা বাস্তবায়নের জন্য ভূমির মূল্য বৃদ্ধির ফলে ভূমির মালিক অথবা ভূমির স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিকে উন্নয়ন ফি প্রদানের ঘোষণা প্রদান করিবে।</p>   | <p>৭০। কর্তৃপক্ষের উৎকর্ষসাধন ফি আরোপের ক্ষমতা।- (১) কর্তৃপক্ষের মতে এখতিয়ারভুক্ত কোন এলাকায় কর্তৃপক্ষ কর্তৃক কোন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের কারণে প্রকল্পভুক্ত এলাকার জমির মূল্য বৃদ্ধি হইলে বা হইবে বলিয়া কর্তৃপক্ষ ধারণা করিলে উক্ত জমির মালিকের উপর বা উক্ত জমির উপর যে ব্যক্তির কোনরূপ স্বার্থ নিহিত আছে, উক্ত ব্যক্তির উপর জমির মূল্য বৃদ্ধির কারণে উৎকর্ষসাধন ফি আরোপ করিতে পারিবে।</p> <p>(২) এই উৎকর্ষসাধন ফি এবং পরিমাণ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সমাপ্তিতে জমির যে পরিমাণ মূল্য বৃদ্ধি পাইবে, ঐ বর্ধিত মূল্যের এক চতুর্থাংশের অধিক হইবে না। জমির মূল্য বৃদ্ধি নিরূপনের ক্ষেত্রে উক্ত জমির উপর ইমারত থাকিলে ইমারতের মূল্য ব্যতিত কেবল জমির মূল্য বিবেচনা করিতে হইবে।</p>   |



|   |  |   |
|---|--|---|
| <p>the increase in value of the land resulting from the execution of the scheme, and shall be calculated upon the amount by which the value of the land on the completion of the execution of the scheme estimated, as if the land were clear of buildings exceeds the value of the land prior to the execution of the scheme estimated in like manner.</p>   | <p>(২) এইরূপ উন্নয়ন ফি পরিকল্পন বাস্তবায়নের ফলে ভূমির মূল্য বৃদ্ধির ১/২ অংশের সমান হইবে এবং পরিকল্পন বাস্তবায়নের পর ভূমির মূল্য অনুযায়ী হিসাব করা হইবে এবং এইরূপে প্রাক্কলন করিতে হইবে যে, ভূমিতে যেন কোন ভবন ছিল না এবং পরিকল্পন বাস্তবায়ন হইবার পূর্বে একই প্রকারের প্রাক্কলিত মূল্য অপেক্ষা বর্তমানে ভূমির মূল্য বৃদ্ধি পাইয়াছে।</p>  | <p>শর্ত থাকে যে, কর্তৃপক্ষ উৎকর্ষসাধন ফি (Betterment Fee) আরোপের ক্ষেত্রে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের কারণে যে সুবিধাদি বৃদ্ধি পাইয়াছে উহা এবং অন্যান্য যে সকল বিষয় বিধি দ্বারা নির্ধারণ করা হইবে উহা বিবেচনা করিবেন।</p>  |
| <p><b>80. Assessment of betterment fee by Authority</b></p> <p>(1) When it appears to the Authority that an improvement, development or re housing scheme is sufficiently advanced to enable the amount of the betterment fee to be determined, the Authority shall, by a resolution passed in this behalf, declare for the purpose of determining each to the execution of the scheme shall be deemed to have been completed and shall thereupon give notice in writing to every owner of such land that the Authority propose to assess the amount of the betterment fee payable in respect of such land under section 79.</p> <p>(2) The Authority shall then assess the amount of betterment fee payable by each person concerned after giving such person an opportunity to be heard.</p> <p>(3) Any person aggrieved by the assessment made by the Authority under sub section (2) may, within thirty days from the date of such assessment, appeal to the provincial Government whose decision shall be final.</p> | <p><b>৮০। কর্তৃপক্ষ কর্তৃক উন্নয়ন ফি ধার্যকরণ।-</b></p> <p>(১) কর্তৃপক্ষের নিকট যদি এইরূপ প্রতীয়মান হয় যে, একটি সংস্কার, উন্নয়ন অথবা পুনঃআবাসন পরিকল্পনা যথেষ্ট পরিমাণে অগ্রগণ্য এবং উন্নয়ন ফি ধার্য করা যুক্তিযুক্ত তখন কর্তৃপক্ষ এই উদ্দেশ্যে একটি সিদ্ধান্ত প্রস্তাব গ্রহণ করিবে এবং ফি ধার্যের লক্ষ্যে পরিকল্পনাটির বাস্তবায়ন শেষ হইয়াছে বলিয়া গণ্য হইবে মর্মে ঘোষণা প্রদান করিবে এবং সেই মোতাবেক প্রত্যেক ভূমির মালিককে লিখিত নোটিসের মাধ্যমে জানাইয়া দিবে যে, কর্তৃপক্ষ উন্নয়ন ফি ধার্য করিবার প্রস্তাব করিতেছে এবং ধারা ৭৯ এর বিধান মোতাবেক উহা প্রদেয় হইবে।</p> <p>(২) কর্তৃপক্ষ অতঃপর উন্নয়ন ফি প্রদেয় সংশ্লিষ্ট প্রত্যেক ব্যক্তিকে শুনানীর সুযোগ প্রদান করিয়া উন্নয়ন ফি ধার্য করিবে।</p> <p>(৩) উপধারা (২) এর অধীন কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ফি প্রসংগে যে কোন সংক্ষুব্ধ ব্যক্তি ফি ধার্য তারিখের ত্রিশ দিনের মধ্যে সরকারের নিকট আপীল পেশ করিতে পারিবে এবং সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।</p> | <p><b>৭১। কর্তৃপক্ষ কর্তৃক উৎকর্ষসাধন ফি ধার্যকরণ।-</b> (১) উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ফলে যে এলাকায় উৎকর্ষসাধন ফি (Betterment Fee) নির্ধারণের আবশ্যিক হইবে উক্ত এলাকার উন্নয়নকৃত ভূমির মালিকদের তালিকা স্থানীয় জেলা প্রশাসন/ তহশীল অফিস হইতে সংগ্রহ করিতে হইবে। উন্নয়নকৃত সড়কের রাইট অফের দুই পার্শ্বে ১০০ মিটার, আবাসিক ও বাণিজ্যিক এলাকার চতুর্পাশে ৫০ মিটার এলাকা পর্যন্ত উৎকর্ষসাধন ফি এর আওতাভুক্ত হইবে। কর্তৃপক্ষের নিকট যদি এইরূপ প্রতীয়মান হয় যে, একটি সংস্কার, উন্নয়ন অথবা পুনঃআবাসন প্রকল্প যথেষ্ট পরিমাণে অগ্রগণ্য এবং উৎকর্ষসাধন ফি ধার্য করা যুক্তিযুক্ত তখন কর্তৃপক্ষ এই উদ্দেশ্যে একটি সিদ্ধান্ত প্রস্তাব গ্রহণ করিবে এবং ফি ধার্যের লক্ষ্যে প্রকল্পটির বাস্তবায়ন শেষ হইয়াছে বলিয়া গণ্য হইবে মর্মে ঘোষণা প্রদান করিবে এবং সেই মোতাবেক প্রত্যেক ভূমির মালিককে লিখিত নোটিসের মাধ্যমে জানাইয়া দিবে যে, কর্তৃপক্ষ উৎকর্ষসাধন ফি ধার্য করিবার প্রস্তাব করিতেছে এবং ধারা ৪৩ এর বিধান মোতাবেক উহা প্রদেয় হইবে।</p> <p>(২) কর্তৃপক্ষ অতঃপর উৎকর্ষসাধন ফি প্রদেয় সংশ্লিষ্ট প্রত্যেক ব্যক্তিকে শুনানির সুযোগ প্রদান করিয়া উৎকর্ষসাধন ফি ধার্য করিবে।</p> <p>(৩) উপ-ধারা (২) এর অধীন কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ফি প্রসংগে যে কোন সংক্ষুব্ধ ব্যক্তি ফি ধার্য তারিখের ত্রিশ দিনের মধ্যে সরকারের নিকট আপীল পেশ করিতে পারিবে এবং সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।</p> |
| <p><b>81. Authority to give notice to persons liable to payment of betterment fee</b></p> <p>When the amount of all betterment fees payable in respect of land in the area comprised in the scheme has been determined under section 80, the Authority shall, by a notice in writing to be served on all persons liable to such payment, fix a date by which such payment shall be made; and an interest at the rate of five per cent per annum upon any amount outstanding shall be payable from that date.</p>  | <p><b>৮১। উন্নয়ন ফি প্রদানকারীর জন্য কর্তৃপক্ষ কর্তৃক নোটিস জারী।-</b></p> <p>যখন ধারা ৮০ এর বিধান মোতাবেক পরিকল্পন এলাকার ভূমির উপর প্রদেয় উন্নয়ন ফি নির্ধারণ করা হয় তখন কর্তৃপক্ষ এইরূপ ফি প্রদেয় সকল ব্যক্তিদের বরাবর লিখিত নোটিস প্রদান করিবে, উক্ত ফি প্রদানের জন্য তারিখ নির্ধারণ করিবে এবং উক্ত তারিখ হইতে বকেয়া অর্থের উপর বাৎসরিক ৫% হারে সুদ প্রদেয় হইবে।</p>   | <p><b>৭২। উৎকর্ষসাধন ফি পরিশোধ।-</b> (১) উন্নয়ন প্রকল্প বাস্তবায়নাধীন এলাকার কোন জমির উপর ধারা ৭১ এর অধীনে নিরূপিত উৎকর্ষসাধন ফি (Betterment Fee) পরিশোধযোগ্য হইলে কর্তৃপক্ষ পরিশোধের তারিখ নির্ধারণ করিয়া সংশ্লিষ্ট ব্যক্তির প্রতি নোটিস জারি করিবে এবং নির্ধারিত তারিখের মধ্যে পরিশোধ না করার ক্ষেত্রে নির্ধারিত তারিখ হইতে বকেয়া ফি এর উপর বার্ষিক শতকরা ১০% হারে সুদ প্রদান করিতে হইবে মর্মেও নোটিসে উল্লেখ করিতে হইবে।</p>   |
| <p><b>82. Agreement to make payment of betterment fee a charge on land</b></p> <p>Any person liable to the payment of a betterment fee may, at</p>  | <p><b>৮২। ভূমির উপর ধার্যকৃত উন্নয়ন ফি পরিশোধের জন্য চুক্তি।-</b></p> <p>উন্নয়ন ফি পরিশোধে দায়বদ্ধ যে কোন ব্যক্তি ইচ্ছা করিলে কর্তৃপক্ষকে ফি</p>  | <p><b>৭৩। ভূমির উপর ধার্যকৃত উৎকর্ষসাধন ফি পরিশোধের জন্য চুক্তি।-</b> (১) কোন জমির উপর উৎকর্ষসাধন ফি পরিশোধযোগ্য হওয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি ইচ্ছা করিলে উহা</p>  |

|  |  |   |
|--|--|---|
| <p>his option, instead of making a payment thereof to the Authority, execute an agreement with the Authority to leave the said payment outstanding as a charge on his interest in the land, subject to the payment in perpetuity of interest at the rate of five per cent per annum, the first annual payment of such interests to be made one year from the date referred to in section 81.</p>   | <p>প্রদানের পরিবর্তে ভূমিতে তাহার স্বত্ত্বের উপর উক্ত ফি বকেয়া হিসাবে গণ্য করিবার নিমিত্ত, কর্তৃপক্ষের সহিত একটি চুক্তি স্বাক্ষর করিতে পারিবে।<br/>বাৎসরিক ৫% হারে স্থায়ীকালের জন্য সুদ প্রদান এবং প্রথম বাৎসরিক সুদ ধারা ৮১ এ উল্লিখিত তারিখ হইতে এক বৎসর পর প্রদেয় সাপেক্ষে কর্তৃপক্ষের সহিত চুক্তি স্বাক্ষর করিবে।</p>   | <p>প্রদানের পরিবর্তে উক্ত জমির আয় হইতে উৎকর্ষসাধন ফি পরিশোধের জন্য কর্তৃপক্ষের সহিত সমঝোতা চুক্তি স্বাক্ষর করিতে পারিবে। এই ক্ষেত্রে উৎকর্ষসাধন ফি প্রদানের তারিখ হইতে বার্ষিক শতকরা ১০% হারে উৎকর্ষসাধন ফি এর উপর সুদ প্রদান করিতে হইবে।</p> <p>(২) অন্য কোন আইনে যাহাই থাকুক না কেন, কোন জমির উপর উৎকর্ষসাধন ফি প্রদেয় হইলে উক্ত উৎকর্ষসাধন ফি ও উপ-ধারা (১) এর অধীনে আরোপিত চার্জ উক্ত জমির আয় হইতে প্রথমে পরিশোধ করিতে হইবে।</p> |
| <p align="center"><b>CHAPTER VII<br/>RULES</b></p>   | <p align="center"><b>অধ্যায়-৭<br/>বিধিমালা</b></p>  | <p align="center"><b>নবম অধ্যায়<br/>বিধি</b></p>   |
| <p><b>83. Power to make rules</b></p> <p>(1) The Provincial Government may make rules, not inconsistent with the provisions of this Ordinance, for carrying out the purposes of this Ordinance.</p> <p>(2) In particular, and without prejudice to the generality of the foregoing power, the provincial Government may make rules for all or any of the following matters, namely:-</p> <p>(a) a salary, and allowances and conditions of service of Chairman and fees of Members of the Authority under section 5;</p> <p>(b) time and place and manner of holding meetings of the Authority under sub section (1) of section 9;</p> <p>(c) fees and allowances of associate members under sub section (2) of section 10;</p> <p>(d) appointment, pension, leave and disciplinary matters of employees of the Authority, under sub section (1) of section 19;</p> <p>(e) rate of fee for copies of documents under sub-section (3) of section 33;</p> <p>(f) form of accounts under section 59;</p> <p>(g) manner of disposal of applications and determination of amount of payment and mode thereof under sub section (2) of section 78; and</p> <p>(h) any other matter in respect of which this Ordinance makes no provision or insufficient provision, and for which provision is, in the opinion of the provincial Government, necessary, or which is directed to be prescribed.</p> | <p><b>৮৩। বিধিমালা প্রণয়নের ক্ষমতা।-</b></p> <p>(১) এই অধ্যাদেশের লক্ষ্য পূরণকল্পে সরকার এই অধ্যাদেশের কোন বিধানের সহিত অসামঞ্জস্যপূর্ণ নহে এইরূপ বিধিমালা প্রণয়ন করিতে পারিবে।</p> <p>(২) সরকার বিশেষভাবে এবং উপরে উল্লিখিত ক্ষমতার সামগ্রিকতা ক্ষুণ্ণ না করিয়া নিম্নোক্ত সকল অথবা যে কোন একটি বিষয়ে বিধিমালা প্রণয়ন করিতে পারিবে, যথা-</p> <p>(ক) ধারা ৫ এর অধীন চেয়ারম্যানের বেতন, ভাতা এবং চাকুরীর শর্ত এবং কর্তৃপক্ষের সদস্যগণের ফি;</p> <p>(খ) ধারা ৯ এর উপধারা (১) এর অধীন কর্তৃপক্ষের সভা অনুষ্ঠিত হইবার সময়, স্থান এবং পদ্ধতি;</p> <p>(গ) ধারা ১০ এর উপধারা (২) এর অধীন সহযোগী সদস্যদের ফি ও ভাতা;</p> <p>(ঘ) ধারা ১৯ এর উপধারা (১) এর অধীন কর্তৃপক্ষের কর্মচারীদের নিয়োগ, মেয়াদ বৃদ্ধি, ছুটি এবং শৃঙ্খলামূলক বিষয়াবলী;</p> <p>(ঙ) ধারা ৩৩ এর উপধারা (৩) এর অধীন দলিলের কপির জন্য ফি এর হার নির্ধারণ;</p> <p>(চ) ধারা ৫৯ এর অধীন হিসাবের ফরম;</p> <p>(ছ) ধারা ৭৮ এর উপধারা (২) এর অধীন আবেদন পত্রের নিষ্পত্তি এবং অর্থ প্রদানের পরিমাণ নির্ধারণ; এবং</p> <p>(জ) যে সকল বিষয়ে এই অধ্যাদেশে কোন বিধান করা হয় নাই অথবা অসম্পূর্ণ বিধান এবং যে বিষয়ে সরকারী বিবেচনায় বিধান করা আবশ্যিক অথবা যে সকল বিষয়ে নির্ধারণের জন্য সরকার নির্দেশ প্রদান করিবে।</p> | <p><b>৭৪। কর্তৃপক্ষের বিধি প্রণয়নের ক্ষমতা।-</b> (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কর্তৃপক্ষ, যে সকল বিষয়ে এই আইনে কোন বিধান করা হয় নাই অথবা অসম্পূর্ণ বিধান এবং যে বিষয়ে সরকারী বিবেচনায় বিধান করা আবশ্যিক অথবা যে সকল বিষয়ে নির্ধারণের জন্য সরকার নির্দেশ প্রদান করিবে সরকারের পূর্বনুমোদনক্রমে এবং সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইন বা বিধির সহিত অসামঞ্জস্যপূর্ণ নহে এইরূপ বিধান প্রণয়ন করিতে পারিবে।</p>               |
| <p><b>84. Conditions precedent to making of rules</b></p>  | <p><b>৮৪। বিধিমালা প্রণয়নের পূর্ব শর্ত।-</b></p>  | <p><b>৭৫। বিধি প্রণয়নের পূর্ব শর্ত।-</b></p>   |

|   |  |  |
|---|--|--|
| <p>The power to make rules under section 83 is subject to the condition of the rules being made after previous publication, and to the following further conditions, namely:-</p> <p>(a) a draft of the rules shall be published by notification and in local newspapers;</p> <p>(b) such draft shall not be proceeded with until after the expiration of one month from such publication; and</p> <p>(c) for one month at least during such period, printed copy of such draft shall be kept at the Authority office for public inspection:</p> <p>Provided that the provision of clause (a) may be relaxed by the provincial Government in case of rules under clauses (a), (b), (c), and (d) of sub section (2) of section 83.</p> | <p>বিধিমালা প্রণয়নের ক্ষেত্রে পূর্ব প্রকাশিত বিধিমালা শর্তাবলী এবং নিম্নলিখিত অতিরিক্ত শর্তাবলী সাপেক্ষে ধারা ৮৩ এর অধীন বিধিমালা প্রণয়ন করিতে পারিবে। যথাঃ-</p> <p>(ক) বিধিমালা প্রস্তুত প্রকাশের মাধ্যমে এবং স্থানীয় পত্রিকায় প্রকাশ করিতে হইবে;</p> <p>(খ) প্রজ্ঞাপন প্রকাশের একমাস অতিবাহিত না হওয়া পর্যন্ত এইরূপ খসড়ার উপর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যাইবে না; এবং</p> <p>(গ) ন্যূনপক্ষে এইরূপ এক মাস সময় কালের মধ্যে উক্ত খসড়া বিধিমালা মূদ্রিত অনুলিপি জনসাধারণের পরিদর্শনের জন্য কর্তৃপক্ষের দপ্তরে রক্ষিত থাকিবে;</p> <p>তবে শর্ত থাকে যে, ধারা ৮৩ এর উপধারা (২) এর উপানুচ্ছেদ (ক), (খ), (গ) এবং (ঘ) এর অধীন প্রণীত বিধিমালা ক্ষেত্রে উপানুচ্ছেদ (ক) এর বিধান সরকার শিথিল করিতে পারিবে।</p> | <p>বিধিমালা প্রণয়নের ক্ষেত্রে পূর্ব প্রকাশিত বিধি শর্তাবলি এবং নিম্নলিখিত অতিরিক্ত শর্তাবলি সাপেক্ষে ধারা ৭৪ এর অধীন বিধি প্রণয়ন করিতে পারিবে। যথাঃ-</p> <p>(ক) বিধির খসড়া প্রজ্ঞাপনের মাধ্যমে এবং স্থানীয় পত্রিকায় প্রকাশ করিতে হইবে;</p> <p>(খ) প্রজ্ঞাপন প্রকাশের একমাস অতিবাহিত না হওয়া পর্যন্ত এইরূপ খসড়ার উপর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যাইবে না; এবং</p> <p>(গ) ন্যূনপক্ষে এইরূপ এক মাস সময় কালের মধ্যে উক্ত খসড়া বিধির মূদ্রিত অনুলিপি জনসাধারণের পরিদর্শনের জন্য কর্তৃপক্ষের দপ্তরে রক্ষিত থাকিবে।</p> |
| <p><b>85. Publication of rules</b></p> <p>When any rule has been made under section 83, it shall be published by the Provincial Government by notification, and such publication shall be conclusive proof that the rule has been duly made.</p>  | <p>৮৫। বিধিমালা প্রকাশনা।-</p> <p>ধারা ৮৩ এর অধীন কোন বিধি প্রণয়ন করা হইলে সরকার ইহা প্রজ্ঞাপনের মাধ্যমে প্রকাশ করিবে এবং এইরূপ প্রকাশনা বিধিটি যথাযথভাবে প্রণীত হইবার চূড়ান্ত প্রমাণ হিসাবে গণ্য হইবে।</p>  | <p>৭৬। বিধির প্রকাশনা।-</p> <p>ধারা ৭৪ এর অধীন কোন বিধি প্রণয়ন করা হইলে সরকার ইহা প্রজ্ঞাপনের মাধ্যমে প্রকাশ করিবে এবং এইরূপ প্রকাশনা বিধিটি যথাযথভাবে প্রণীত হইবার চূড়ান্ত প্রমাণ হিসাবে গণ্য হইবে।</p>   |
| <p>86. Power to Authority to make regulations</p> <p>The Authority may, with previous approval of the provincial Government, make regulations, not inconsistent with the provisions of this Ordinance or any rules thereunder, for carrying out the purpose of this Ordinance.</p>  | <p>৮৬। কর্তৃপক্ষের প্রবিধি প্রণয়নের ক্ষমতা।-</p> <p>এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে কর্তৃপক্ষ সরকারের পূর্ব অনুমোদন সাপেক্ষে এই অধ্যাদেশের বিধানাবলী ও তদধীনে প্রণীত বিধিমালা সহিত অসামঞ্জস্যপূর্ণ নহে এইরূপ প্রবিধি প্রণয়ন করিতে পারিবে।</p>   | <p>-</p>   |
| <p>87. Power of the Provincial Government to cancel regulation</p> <p>The provincial Government may, at any time, by notification, cancel any regulation made by the Authority under section 86.</p>  | <p>৮৭। সরকারের প্রবিধি বাতিলের ক্ষমতা।-</p> <p>ধারা ৮৬ এর অধীন কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত প্রবিধি সরকার যে কোন সময় প্রজ্ঞাপনের মাধ্যমে বাতিল করিতে পারিবে।</p>   | <p>-</p>   |
| <p>88. Cognizance of offences</p> <p>Notwithstanding anything contained in the <a href="#">Code of Criminal Procedure, 1898</a>, all offences against this Ordinance or any rule made hereunder shall be cognizable by a Magistrate of the first class; and no such Magistrate shall be deemed to be incapable of taking cognizance of any such offence by reason only of being liable to pay any duty imposed by this Ordinance or of his being benefited by the funds to the credit of which any fine imposed by him will be payable.</p>   | <p>৮৮। অপরাধ আমলে নেওয়া।-</p> <p>“ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮” এ যাহা কিছুই উল্লেখ থাকুক না কেন, এই অধ্যাদেশের অথবা ইহার অধীন প্রণীত কোন বিধির বিরুদ্ধে কৃত সকল অপরাধ একজন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট অপরাধ আমলে লইবেন এবং ম্যাজিস্ট্রেট শুধুমাত্র এই কারণে এইরূপ অপরাধসমূহ আমলে আনিতে অসমর্থ হইবে না যে এই অধ্যাদেশের অধীন কর বা ফি প্রদানের দায়বদ্ধতা রহিয়াছে অথবা তাঁহার প্রদত্ত আদেশবলে প্রদেয় জরিমানার অর্থ হইতে তাঁহার আর্থিক লাভ ঘটিবে।</p>  | <p>-</p>   |
| <p>89. Limitation of time for prosecution</p>   | <p>৮৯। নালিশ করিবার সময়ের সীমাবদ্ধতা।-</p>  | <p>-</p>   |

|   |  |   |
|---|--|---|
| <p>No person shall be liable to punishment for any offence against this Ordinance or any rule made hereunder unless complaint of such offence is made before a Magistrate of the first class within three months next after the commission of such offence.</p>   | <p>এই অধ্যাদেশ অথবা ইহার অধীন প্রণীত বিধিমালার অধীন কৃত অপরাধের জন্য কোন ব্যক্তিকে শাস্তি প্রদান করা যাইবে না যদি অপরাধ সংঘটনের তিন মাসের মধ্যে এইরূপ অপরাধের বিষয়ে প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটের আদালতে নালিশ দায়ের না করা হয়।</p>   |   |
| <p>90. Powers of Chairman as to institution, etc, of legal proceedings and obtaining legal advice-The Chairman may, subject to the control of the Authority-</p> <p>(a) institute, defend or withdraw from, legal proceedings under this Ordinance or any rule made hereunder;</p> <p>(b) compound any offence against this Ordinance or any rule made hereunder which for the time being enforce, may lawfully be;</p> <p>(c) admit, compromise or withdraw any claim made under this Ordinance or any rule made hereunder; and</p> <p>(d) obtain such legal advice and assistance as he may, from time to time, think it necessary or expedient to obtain, or as he may be desired by the Authority to obtain, for any of the purposes referred to the foregoing clauses of this section, or for securing the lawful exercise or discharge of any power or duty vested in or imposed upon the Authority or any employee of the Authority.</p> | <p>৯০। মামলা রুজু অথবা আইনানুগ কার্যক্রম গ্রহণে চেয়ারম্যানের ক্ষমতা ও আইনী পরামর্শ।- কর্তৃপক্ষের নিয়ন্ত্রণ সাপেক্ষে চেয়ারম্যান-</p> <p>(ক) এই অধ্যাদেশ অথবা ইহার আওতায় প্রণীত বিধিমালা সংক্রান্ত আইনানুগ কার্যক্রমের বিষয়ে মামলা দায়ের, বিবাদী হিসাবে মামলা পরিচালনা অথবা মামলা প্রত্যাহার করিতে পারিবেন;</p> <p>(খ) এই অধ্যাদেশ অথবা ইহার আওতায় প্রণীত কোন বিধিমালার অধীন কৃত অপরাধের বিষয়ে সালিশ-মীমাংসা, যাহা বর্তমানে আইন সম্মতভাবে কার্যকর রহিয়াছে, করিতে পারিবেন;</p> <p>(গ) এই অধ্যাদেশ অথবা ইহার অধীন প্রণীত কোন বিধিমালার অধীন উত্থাপিত কোন দাবী গ্রহণ, মীমাংসা অথবা প্রত্যাহার করিতে পারিবেন; এবং</p> <p>(ঘ) এই ধারার পূর্বোক্ত দফাসমূহের উদ্দেশ্য পূরণকল্পে অথবা কর্তৃপক্ষ বা উহার কোন কর্মচারীর উপর ন্যস্ত বা প্রদত্ত ক্ষমতা বা দায়িত্ব প্রতিপালন বা আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সময়ে সময়ে প্রয়োজন ও সমীচীন মনে করিলে বা কর্তৃপক্ষের ইচ্ছা অনুযায়ী আইনী পরামর্শ ও সহায়তা গ্রহণ করিতে পারিবে।</p> | -   |
| <p><b>91. Notice of suit against Authority, etc Limitation of time for prosecution</b></p> <p>No suit shall be instituted against the Authority or Chairman, or any member, or any employee of the Authority or any person acting under the direction of the Authority, or the Chairman or of any employee of the Authority in respect of any act purporting to be done under this Ordinance or any rule made hereunder, until the expiration of one month next after written notice has been delivered or left at the Authority's office or the place of abode of such employee or person, stating the cause of action, the name and place of abode of the intending plaintiff, and the relief which he claims; and the plaint must contain a statement that such notice has been so delivered or left.</p>  |  |   |
| <p>Ammendment- (30th April 1981)</p> <p>Where any such suit is instituted without delivery or leaving such as aforesaid or before the expiration of the said period of one month or where the plaint does not contain a statement that such notice has been so delivered or left, the plaintiff shall</p>   | <p>৯১। কর্তৃপক্ষের বিরুদ্ধে মামলার নোটিস, নোটিসের সময়ের সীমাবদ্ধতা ইত্যাদি।-</p> <p>এই অধ্যাদেশ অথবা ইহার অধীন প্রণীত কোন বিধির অধীন কোন কার্য সম্পাদন করিবার অভিপ্রায় পোষণ করিলে কর্তৃপক্ষ অথবা চেয়ারম্যান অথবা</p>  | <p>৭৭। কর্তৃপক্ষের বিরুদ্ধে মামলার নোটিস, নোটিসের সময়ের সীমাবদ্ধতা ইত্যাদি।-</p> <p>এই আইন অথবা ইহার অধীন প্রণীত কোন বিধির অধীন কোন কার্য সম্পাদন করিবার অভিপ্রায় পোষণ করিলে কর্তৃপক্ষ অথবা চেয়ারম্যান অথবা কোন সদস্য অথবা কর্তৃপক্ষের কোন কর্মচারী অথবা কর্তৃপক্ষের অথবা কর্তৃপক্ষের চেয়ারম্যানের অথবা কোন কর্মচারীর</p> |

|  |   |   |
|--|---|---|
| <p>not be intitled to any cost if settlement as regards the subject matter of the suit is reached or the Authority concides the plaintiff's claim within the period of one month from the date of the institution of the suit.<br/>Provided that in a suit instituted without such notice, the court shall allow not less than two months to the Authority to submit the written statement.</p>  | <p>কোন সদস্য অথবা কর্তৃপক্ষের কোন কর্মচারী অথবা কর্তৃপক্ষের অথবা কর্তৃপক্ষের চেয়ারম্যানের অথবা কোন কর্মচারীর নির্দেশক্রমে কোন ব্যক্তি কোন কাজ করিলে তাহার বিরুদ্ধে কোন মামলা দায়ের করা যাইবে না, যদি না কর্তৃপক্ষের দপ্তরে অথবা অভিযুক্ত কর্মচারী অথবা ব্যক্তির বাসস্থানে কৃতকর্মের হেতু, ভুক্তভোগী বাদীর নাম ও ঠিকানা এবং প্রার্থীত প্রতিকারের বিবরণীসহ লিখিত নোটিস জারী করা অথবা পৌছাইয়া দেওয়া হয় এবং নোটিস জারীর পর ত্রিশ দিন অতিবাহিত হয় এবং আর্জিতে এইরূপ নোটিস জারী বা পৌছাইয়া দেওয়া সম্পর্কে একটি বিবরণ থাকে।</p>  | <p>নির্দেশক্রমে কোন ব্যক্তি কোন কাজ করিলে তাহার বিরুদ্ধে কোন মামলা দায়ের করা যাইবে না, যদি না কর্তৃপক্ষের দপ্তরে অথবা অভিযুক্ত কর্মচারী অথবা ব্যক্তির বাসস্থানে কৃতকর্মের হেতু, ভুক্তভোগী বাদীর নাম ও ঠিকানা এবং প্রার্থীত প্রতিকারের বিবরণীসহ লিখিত নোটিস জারী করা অথবা পৌছাইয়া দেওয়া হয় এবং নোটিস জারীর পর ত্রিশ দিন অতিবাহিত হয় এবং আর্জিতে এইরূপ নোটিস জারী বা পৌছাইয়া দেওয়া সম্পর্কে একটি বিবরণ থাকে।</p> |
| <p><b>92. Arrest of offenders</b><br/>On the written application of the Chairman, any Police Officer above the rank of constable shall arrest any person who obstructs any employee of the Authority in the exercise of any of the powers conferred by this Ordinance or any rule made hereunder</p>   | <p><b>৯২। অপরাধী গ্রেপ্তার।</b><br/>চেয়ারম্যানের লিখিত দরখাস্তের ভিত্তিতে কনস্টেবল পদ মর্যাদার উর্দে যে কোন পুলিশ অফিসার এই অধ্যাদেশের অথবা ইহার অধীনে প্রণীত বিধি মোতাবেক প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষের কোন কর্মচারীকে দায়িত্ব পালনে বাধা প্রদানকারী ব্যক্তিকে গ্রেফতার করিবেন।</p>  | <p><b>৭৮। অপরাধী গ্রেপ্তার।-</b><br/>চেয়ারম্যানের লিখিত দরখাস্তের ভিত্তিতে কনস্টেবল পদ মর্যাদার উর্দে যে কোন পুলিশ অফিসার এই আইনের অথবা ইহার অধীনে প্রণীত বিধি মোতাবেক প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষের কোন কর্মচারীকে দায়িত্ব পালনে বাধা প্রদানকারী ব্যক্তিকে গ্রেফতার করিবেন।</p>  |
| <p><b>93. Proof, consent, etc, of Authority or Chairman or employee of Authority</b><br/>Whenever, under this Ordinance or any rule made hereunder, the doing or the committing to do anything or the validity of anything depends upon the approval, sanction, consent, concurrence, declaration, opinion or satisfaction of-<br/>(a) the Authority or the Chairman, or<br/>(b) any employee of the Authority, a written document, signed, in case (a) by the chairman, and in case (b) by the said employee, purporting to convey or set forth such approval, sanction, consent, concurrence, declaration, opinion or satisfaction, shall be sufficient evidence of such approval, sanction, consent, concurrence, declaration, opinion or satisfaction.</p> | <p><b>৯৩। কর্তৃপক্ষ, চেয়ারম্যান অথবা কর্মচারীর সম্মতি, প্রমাণ, ইত্যাদি।-</b><br/>যখনই এই অধ্যাদেশ অথবা তদধীনে প্রণীত কোন বিধি অনুযায়ী কোন কৃত অথবা করণীয় কাজ অথবা কোন বিষয়ের সত্যাসত্য<br/>(ক) কর্তৃপক্ষ অথবা চেয়ারম্যান অথবা<br/>(খ) কর্তৃপক্ষের কোন কর্মচারীর অনুমোদন, মঞ্জুরী, সম্মতি, ঐকমত্য, ঘোষণা, মতামত অথবা সন্তুষ্টির উপর নির্ভর করে, যথা-<br/>তখন উপানুচ্ছেদ (ক) এর ক্ষেত্রে চেয়ারম্যান কর্তৃক এবং উপানুচ্ছেদ (খ) এর ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক একটি লিখিত দলিল স্বাক্ষরিত হইবে যাহার উদ্দেশ্য হইবে এইরূপ অনুমোদন, মঞ্জুরী, সম্মতি, ঐকমত্য, ঘোষণা, মতামত অথবা সন্তুষ্টির বিষয়টি অবগত করাইতে অথবা সংযোজন করিতে এবং উক্ত দলিল এইরূপ অনুমোদন, মঞ্জুরী, সম্মতি, ঐকমত্য, ঘোষণা, মতামত অথবা সন্তুষ্টির বিষয়ে যথার্থ প্রমাণ হিসাবে গণ্য হইবে।</p> | <p>-</p>  |
| <p><b>94. General power of Authority to pay compensation</b><br/>In any case not otherwise expressly provided for in this Ordinance, the Authority may pay reasonable compensation to any person who sustain damage by reason of the exercise of any of the powers vested, by this Ordinance or any rule made or scheme sanctioned hereunder, in the Authority or the Chairman or any employee of the Authority.</p>   | <p><b>৯৪। ক্ষতিপূরণে কর্তৃপক্ষের সাধারণ ক্ষমতা।-</b><br/>এই অধ্যাদেশে কোন বিষয়ে ভিন্নভাবে বিস্তারিত কিছু বলা না হইলে কর্তৃপক্ষ এই অধ্যাদেশ অথবা তদধীনে প্রণীত বিধি বা মঞ্জুরীকৃত পরিকল্প মোতাবেক কর্তৃপক্ষ অথবা কর্তৃপক্ষের চেয়ারম্যান অথবা কোন কর্মচারীর উপর অর্পিত ক্ষমতা প্রয়োগের কারণে ক্ষতিগ্রস্ত যে কোন ব্যক্তিকে উপযুক্ত ক্ষতিপূরণ প্রদান করিতে পারিবে।</p>   | <p><b>৭৯। ক্ষতিপূরণে কর্তৃপক্ষের সাধারণ ক্ষমতা।-</b><br/>এই আইনে কোন বিষয়ে ভিন্নভাবে বিস্তারিত কিছু বলা না হইলে কর্তৃপক্ষ এই আইন অথবা তদধীনে প্রণীত বিধি বা মঞ্জুরীকৃত প্রকল্প মোতাবেক কর্তৃপক্ষ অথবা কর্তৃপক্ষের চেয়ারম্যান অথবা কোন কর্মচারীর উপর অর্পিত ক্ষমতা প্রয়োগের কারণে ক্ষতিগ্রস্ত যে কোন ব্যক্তিকে উপযুক্ত ক্ষতিপূরণ প্রদান করিতে পারিবে।</p>   |
| <p><b>95. Compensation to be paid by offenders for damage cost by them</b><br/>(1) If , on account of any act or omission, any person has</p>  | <p><b>৯৫। অপরাধী কর্তৃক ক্ষতিসাধনের ক্ষতিপূরণ প্রদান।-</b><br/>(১) এই অধ্যাদেশ বা তদধীনে প্রণীত কোন বিধির বিরুদ্ধে যদি কোন ব্যক্তির কার্যক্রম বা ভুলের কারণে কোন অপরাধ সংঘটিত হয় এবং ইহার জন্য তাহাকে</p>  | <p><b>৮০। অপরাধী কর্তৃক ক্ষতিসাধনের ক্ষতিপূরণ প্রদান।-</b> (১) এই আইন বা তদধীনে প্রণীত কোন বিধির বিরুদ্ধে যদি কোন ব্যক্তির কার্যক্রম বা ভুলের কারণে কোন অপরাধ সংঘটিত হয় এবং ইহার জন্য তাহাকে দোষী প্রতিপন্ন করা হয় এবং তাহাকে এইরূপ অপরাধের</p>   |

|   |   |  |
|---|---|--|
| <p>been convicted of any offence against this Ordinance or any rule made hereunder, and, by reason of the same act or omission of the said person, damage has occurred to any property of the Authority, compensation shall be paid by the said person for the said damage, notwithstanding any punishment to which he may have been sentenced for the said offence.</p> <p>(2) (2) The amount of compensation payable by the said person shall be determined by the Magistrate while convicting him of the said offence.</p> <p>(3) If the amount of any compensation due under this section be not paid, the same shall be recovered under a warrant from the said magistrate as if it were a fine inflicted by him on the person liable therefore.</p> | <p>দোষী প্রতিপন্ন করা হয় এবং তাহাকে এইরূপ অপরাধের জন্য যে শাস্তিই প্রদান করা হউক না কেন, উক্ত ব্যক্তির এইরূপ কার্যক্রম বা ভুলের জন্য কর্তৃপক্ষের কোন সম্পত্তির ক্ষতিসাধিত হইলে এইরূপ ক্ষতির জন্য উক্ত ব্যক্তিকে ক্ষতিপূরণ প্রদান করিতে হইবে।</p> <p>(২) ম্যাজিস্ট্রেট উক্ত অপরাধের জন্য দণ্ডাদেশ প্রদানকালে উক্ত ব্যক্তি কর্তৃক প্রদেয় ক্ষতিপূরণের অংক নির্ধারণ করিয়া দিবেন।</p> <p>(৩) এই ধারার অধীন প্রদেয় ক্ষতিপূরণ পরিশোধ না হইলে উক্ত ম্যাজিস্ট্রেট কর্তৃক গ্রেপ্তারী পরোয়ানা জারীর মাধ্যমে উক্ত অর্থ আদায় করা হইবে যাহাতে প্রতীয়মান হইবে যে, উক্ত দায়বদ্ধ ব্যক্তির উপর ইহা জরিমানা হিসাবে আরোপ করা হইয়াছে।</p> | <p>জন্য যে শাস্তিই প্রদান করা হউক না কেন, উক্ত ব্যক্তির এইরূপ কার্যক্রম বা ভুলের জন্য কর্তৃপক্ষের কোন সম্পত্তির ক্ষতিসাধিত হইলে এইরূপ ক্ষতির জন্য উক্ত ব্যক্তি কর্তৃক ক্ষতিপূরণ প্রদান করিতে হইবে।</p> <p>(২) নির্বাহী ম্যাজিস্ট্রেট উক্ত অপরাধের জন্য দণ্ডাদেশ প্রদানকালে উক্ত ব্যক্তি কর্তৃক প্রদেয় ক্ষতিপূরণের অংক নির্ধারণ করিয়া দিবেন।</p> <p>(৩) এই ধারার অধীন প্রদেয় ক্ষতিপূরণ পরিশোধ না হইলে উক্ত নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক গ্রেপ্তারী পরোয়ানা জারির মাধ্যমে উক্ত অর্থ আদায় করা হইবে যাহাতে প্রতীয়মান হইবে যে, উক্ত দায়বদ্ধ ব্যক্তির উপর ইহা জরিমানা হিসাবে আরোপ করা হইয়াছে।</p> |
|   |   | <p>৮১। অর্থ দণ্ড আরোপের ক্ষেত্রে ম্যাজিস্ট্রেটের বিশেষ ক্ষমতা।- ফৌজদারী কার্যবিধিতে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন কোন প্রথম শ্রেণির জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট দোষি সাব্যস্ত ব্যক্তিকে সংশ্লিষ্ট অপরাধের জন্য এই আইনে অনুমোদিত যে কোন দণ্ড আরোপ করিতে পারিবে।</p>  |
|   |   | <p>৮২। অপরাধ বিচারার্থ গ্রহণ ও বিচার।- এই আইনের অধীন অপরাধ সংঘটনের বিষয়ে কর্তৃপক্ষ, ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বা অন্য কোন ব্যক্তি আদালতে লিখিত অভিযোগ দায়ের করিতে পারিবে এবং আদালত উক্ত অভিযোগ আমলে গ্রহণ করিবে।</p>   |
| <p><b>96. Punishment for acquiring share or interest in contract, etc, with the Authority</b></p> <p>If the Chairman, any Member, or any employee of the Authority knowingly acquire, directly or indirectly, by himself or by any partner, employer or employee, otherwise than as such Chairman, Member or employee, any share or interest in any contract or employment with, by or on behalf of, the Authority, not being a share or interest such as, under sub section (2) of section 7, he shall be deemed to have committed the offence made punishable by section 168 of the Pakistan Penal Code, 1860. XLV OF 1860</p>  | <p>৯৬। কর্তৃপক্ষের সহিত চুক্তি ইত্যাদিতে অংশীদারিত্ব অথবা স্বার্থ লাভের দণ্ড।- কর্তৃপক্ষের চেয়ারম্যান, কোন সদস্য অথবা কোন কর্মচারী জ্ঞাতসারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, নিজে অথবা কোন ঠিকাদার, চাকুরীদাতা অথবা কর্মচারীর দ্বারা চেয়ারম্যান, সদস্য বা ধারা ৭ এর উপধারা (২) এর অধীন কোন অংশীদারিত্ব অথবা স্বার্থ ব্যতীত কর্তৃপক্ষের দ্বারা অথবা কর্তৃপক্ষের পক্ষে কোন চুক্তি স্বাক্ষর অথবা চাকুরীর মাধ্যমে কোন অংশীদারিত্ব অথবা স্বার্থসিদ্ধি করেন, তাহা হইলে তিনি দণ্ডবিধি ১(১৮৬০ সালের ৪৫) এর অধীন শাস্তিযোগ্য অপরাধ করিয়াছেন বলিয়া গণ্য হইবে।</p>  | <p>৮৩। কর্তৃপক্ষের সহিত চুক্তি ইত্যাদিতে অংশীদারিত্ব অথবা স্বার্থ লাভের দণ্ড।- কর্তৃপক্ষের চেয়ারম্যান, কোন সদস্য অথবা কোন কর্মচারী জ্ঞাতসারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, নিজে অথবা কোন ঠিকাদার, চাকুরীদাতা অথবা কর্মচারীর দ্বারা চেয়ারম্যান, সদস্য কোন অংশীদারিত্ব অথবা স্বার্থ ব্যতীত কর্তৃপক্ষের দ্বারা অথবা কর্তৃপক্ষের পক্ষে কোন চুক্তি স্বাক্ষর অথবা চাকুরির মাধ্যমে কোন অংশীদারিত্ব অথবা স্বার্থসিদ্ধি করেন, তাহা হইলে তিনি The Penal Code (Act XLV of 1860) এর অধীন শাস্তিযোগ্য অপরাধ করিয়াছেন বলিয়া গণ্য হইবে।</p>  |
| <p><b>97. Penalty for removing fence, etc, in street</b></p> <p>If any person, without lawful authority-</p> <p>(a) removes any fence or shoring timer, or removes or extinguishes any light, set up in course of execution of any work by or under the auspices of the Authority; or</p> <p>(b) infringes any order given, or removes any bar, chain or post fixed, in connection with above, he shall be punishable with fine which may extend to two hundred rupees.</p>   | <p>৯৭। রাস্তার বেঁটনী, ইত্যাদি অপসারণের দণ্ড।-কোন ব্যক্তি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে-</p> <p>(ক) কর্তৃপক্ষের কোন কাজের বাস্তবায়নকালে স্থাপনকৃত কোন বেঁটনী অথবা উপকূলীয় বাতিঘর অপসারণ অথবা কোন বাতি অপসারণ অথবা নির্বাপন করে;</p> <p>(খ) প্রদত্ত আদেশ লঙ্ঘন করে অথবা সংশ্লিষ্ট উপরোক্ত উদ্দেশ্যের সহিত সংশ্লিষ্ট, কোন বার, চেইন বা গ্রোথিত খুঁটি অপসারণ করে তাহা হইলে তিনি অনধিক দুইশত টাকা জরিমানা দণ্ডে দণ্ডিত হইবে।</p>   | <p>৮৪। কর্তৃপক্ষের কার্যসম্পাদনকালে নিরাপত্তা বেঁটনী, ইত্যাদি অপসারণ নিষিদ্ধ।-</p> <p>(১) আইনগত কর্তৃত্ব ব্যতীত, কর্তৃপক্ষ কর্তৃক, বা উহার নির্দেশনা অনুসারে, কর্তৃপক্ষের আওতাধীন এলাকায় কোন কার্য সম্পাদনের সময় স্থাপিত কোন বেঁটনী বা তীরবর্তী খুঁটি বা গ্রোথিত কোন বার বা চেইন বা পোস্ট বা অনুরূপ কোন কিছু অপসারণ বা কোন বাতি অপসারণ করা বা নিভাইয়া ফেলা যাইবে না।</p> <p>(২) যদি কোন ব্যক্তি উপ-ধারা (১) এর বিধান লঙ্ঘন করেন, তাহা হইলে উক্ত লঙ্ঘন হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক এক বৎসর কারাদণ্ড বা অনধিক ৫(পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন।</p>               |

|  |  |  |
|--|--|--|
| <p><b>98. Penalty for failure to remove wall or building in respect of which agreement has been executed</b><br/>If the owner for the time being of any wall or building in respect of which an agreement has been executed in this behalf with the Authority fails—<br/>(a) to remove such wall or building, or any specified portion thereof, when so required by notice issued in that behalf,<br/>(b) within fifteen days from the receipt of such notice to authorise the Chairman, by permission in writing to remove the said wall, building or portion, he shall be punishable—<br/>(i) with fine which may extend, in the case of a masonry wall or building, to five hundred rupees, and, in the case of a hut, to fifty rupees; and<br/>(ii) with a further fine, in the case of a masonry wall or building, to twenty rupees, and in the case of a hut, to five rupees, for each day after the first during which the failure continues.</p> | <p>৯৮। চুক্তি মোতাবেক প্রাচীর, অথবা ভবন অপসারণের ব্যর্থতার দণ্ড।—<br/>(ক) এতদসংক্রান্ত নোটিস জারী করা সত্ত্বেও কোন প্রাচীর অথবা ভবন অথবা কোন নির্দিষ্ট অংশ অপসারণ করিতে;<br/>(খ) এইরূপ নোটিস প্রাপ্তির পনের দিনের মধ্যে লিখিত অনুমতির মাধ্যমে এইরূপ প্রাচীর, ভবন অথবা কোন অংশ অপসারণ করিবার জন্য চেয়ারম্যানকে ক্ষমতা প্রদান করিতে ব্যর্থ হয়, তাহা হইলে উক্ত ব্যক্তি নিম্নোক্ত দণ্ড প্রাপ্ত হইবে<br/>(i) পাকা প্রাচীর অথবা ভবনের ক্ষেত্রে পাঁচশত টাকা এবং কুঁড়ে ঘরের ক্ষেত্রে পঞ্চাশ টাকা পর্যন্ত জরিমানা;<br/>(ii) অপসারণের ব্যর্থতা অব্যাহত থাকিলে প্রথম দিনের পর হইতে প্রতিদিনের জন্য পাকা প্রাচীরের জন্য কুড়ি টাকা এবং কুঁড়ে ঘরের ক্ষেত্রে পাঁচ টাকা অতিরিক্ত জরিমানা।</p> | -  |
| <p><b>99. Penalty for use of land in Master Plan in contravention of section 23</b><br/>Whoever uses any land, included in a Master Plan, in contravention of section 23, shall be punishable<br/>(i) with fine which may extend to one thousand rupees, and<br/>(ii) with a further fine which may extend to fifty rupees for each day after the first during which such contravention continues.</p>   | <p>৯৯। ধারা ২৩ লঙ্ঘন করিয়া মহাপরিকল্পনার অধীন ভূমি ব্যবহারের দণ্ড।—<br/>ধারা ২৩ লঙ্ঘন করিয়া যে কেহ মহাপরিকল্পনার অন্তর্গত কোন ভূমি ব্যবহার করিলে ঐ ব্যক্তি নিম্নোক্ত শাস্তি প্রাপ্ত হইবে—<br/>(i) অনধিক এক হাজার টাকা জরিমানা; এবং<br/>(ii) এই লঙ্ঘন অব্যাহত থাকিলে প্রথম দিনের পর হইতে প্রতি দিনের জন্য অনধিক পঞ্চাশ টাকা অতিরিক্ত জরিমানা।</p>   | -  |
| <p>100. Removal of unauthorised construction<br/>(1) The Court, convicting any person under section 98 or section 99 shall order the removal of the unauthorised construction, if any, by such person within a time to be fixed by the Court.<br/>(2) If such person fails to remove the unauthorised construction, within the time fixed, it shall be lawful for the Authority to cause such construction to be removed, and the cost of such removal shall be recoverable from that person as a public demand.</p>   | <p>১০০। অবৈধ নির্মাণ অপসারণ।—<br/>(১) ধারা ৯৮ অথবা ৯৯ এর অধীন আদালত কোন ব্যক্তিকে দণ্ড প্রদান করিলে উক্ত আদালত সংশ্লিষ্ট ব্যক্তিকে অবৈধ নির্মাণ অপসারণের জন্য সময় নির্দিষ্ট করিয়া আদেশ প্রদান করিবেন।<br/>(২) যদি নির্দিষ্ট সময়ের মধ্যে উক্ত ব্যক্তি অবৈধ নির্মাণ অপসারণ করিতে ব্যর্থ হয়, তাহা হইলে এইরূপ অবৈধ নির্মাণ অপসারণ কর্তৃপক্ষের জন্য আইনানুগ হইবে এবং এইরূপ অপসারণের জন্য ব্যয়িত অর্থ সরকারী পাওনা আদায় হিসাবে উক্ত ব্যক্তির নিকট হইতে আদায়যোগ্য হইবে।</p>  | <p>৮৫। নির্মাণ ও খননে বিধিনিষেধ।—<br/>(১) বর্তমানে বলবৎ কোন আইনে বা কোন সম্পত্তিনামায় যাহাই কিছু থাকুক না কেন, মহাপরিকল্পনার পরিপন্থী কোন ভূমি ব্যবহার করিতে পারিবে না। কোন ব্যক্তি কর্তৃপক্ষের এই আইনের আওতাভুক্ত এলাকায় প্রকৃত ভূমি ব্যবহারে মহাপরিকল্পনার সমর্থনে ভূমির উন্নয়ন/ খনন/ নির্মাণ কর্তৃপক্ষের শর্ত সাপেক্ষে করিতে পারিবে।<br/>(২) কর্তৃপক্ষের আরোপিত শর্তাদি সাপেক্ষে, নির্ধারিত পদ্ধতিতে নির্ধারিত ফরমে নির্ধারিত ফিসহ আবেদন করা হইলে প্রথম ধাপে ভূমি ব্যবহার অনুমোদন এবং দ্বিতীয় ধাপে ইমারত নির্মাণের বা পুকুর খননের অনুমতি নিতে পারিবেন।<br/>(৩) উপ-ধারা (২) অধীনে প্রদত্ত অনুমোদনের কোন শর্ত ভঙ্গ করা হইলে অনুমোদন বাতিল বলিয়া গণ্য হইবে।<br/>(৪) উপ-ধারা (১) এর বিধান বিদ্যমান ইমারত মেরামতের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।</p> |
|  |  | <p>৮৬। নির্মাণাধীন ভবন, জলাধার খনন, ইত্যাদি স্থগিতকরণ বা বন্ধ বা অপসারণ।—<br/>(১) এই আইন কার্যকর হওয়ার তারিখে অথরাইজড অফিসার নির্ধারিত পদ্ধতিতে নোটিস জারী করিয়া, নির্মাণাধীন ইমারত বা খননাধীন পুকুরের মালিককে নির্মাণ বা খনন বন্ধ রাখার নির্দেশ দিতে পারিবেন এবং নোটিসে উল্লেখিত সময়ের মধ্যে বা অথরাইজড অফিসার কর্তৃক বর্ধিত সময়ের মধ্যে ইতোমধ্যে ইমারতের নির্মিত অংশ অপসারণের জন্য</p>   |

|  |  |  |
|--|--|--|
|  |  | এবং পুকুরের খননকৃত অংশ ভরাট করার নির্দেশ দিতে পারিবেন; এবং তদপ্রেক্ষিতে উক্ত মালিক ইমারত অপসারণ ও খননকৃত পুকুর ভরাট করিবে।<br>(২) উপ-ধারা (১) এর বিধান বিদ্যমান ইমারত মেরামত ও পুকুর সংস্কারের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।  |
|  |  | <b>৮৭। ইমারতের বসবাসকারীকে উচ্ছেদ।-</b><br>(১) অথরাইজড অফিসার ধারা ৭৮ এর অধীনে নোটিস জারির সহিত একত্রে উক্ত ইমারতে বসবাসকারী ইমারতের মালিক না হওয়ার ক্ষেত্রে উক্ত বসবাসকারীকেও নোটিসে উল্লেখিত নির্ধারিত সময়ের মধ্যে বা অথরাইজড অফিসার কর্তৃক বর্ধিত সময়ের মধ্যে ইমারত খালি করার জন্য নির্দেশ দিতে পারিবেন।<br>(২) উপ-ধারা (১) এর অধীনে প্রদত্ত নোটিসের প্রেক্ষিতে ইমারতে বসবাসকারী উপরে বর্ণিত সময়ের মধ্যে ইমারত খালি না করিলে, অন্য কোন আইনে যাহা কিছুই বর্ণিত থাকুক না কেন, অথরাইজড অফিসার, তাৎক্ষণিকভাবে তাহাকে উচ্ছেদ করিতে পারিবে, এবং উক্ত উচ্ছেদ কার্যকরি করার জন্য প্রয়োজনীয় বল প্রয়োগ করিতে পারিবেন।  |
|  |  | <b>৮৮। কতিপয় ইমারত ও পুকুরের ক্ষেত্রে অব্যহতি।-</b> (১) আবেদনের প্রেক্ষিতে সরকার প্রয়োজনীয় শর্তাদি আরোপপূর্বক কোন ইমারত বা পুকুরকে ধারা ৮৬ ও ৮৭ এর বিধান হইতে অব্যহতি দিতে পারিবে।  |
|  |  | <b>৮৯। অবৈধ স্থাপনা উচ্ছেদের ক্ষেত্রে ক্ষতিপূরণ।-</b> অথরাইজড অফিসার কোন ইমারত অথবা নির্মাণ কাজ ধ্বংস বা অপসারণ করিলে উহার জন্য ইমারতের মালিক কোন ক্ষতিপূরণ পাইবেন না। বরং এইরূপ অপসারণের জন্য ব্যয়িত অর্থ পাওনা হিসাবে উক্ত ব্যক্তির নিকট হইতে আদায়যোগ্য হইবে।  |
|  |  | <b>৯০। কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত সিটি কর্পোরেশন বা পৌরসভা বা ইউনিয়ন পরিষদ নির্মাণে অনুমতি প্রদান করিবে না।-</b><br>(১) স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) অথবা স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) অথবা স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) অথবা অন্য কোন আইনে যাহা কিছুই বর্ণিত থাকুক না কেন এই আইনের আওতাধীন এলাকায় কোন সিটি কর্পোরেশন বা পৌরসভা বা ইউনিয়ন পরিষদ অথবা অন্য কোন স্থানীয় কর্তৃপক্ষ ধারা ৮৫ এর উপ-ধারা (২) এর অধীনে অথরাইজড অফিসার কর্তৃক অনুমোদিত না হইলে, কোন ইমারত নির্মাণের বা পুকুর খননের অনুমতি দিতে পারিবে না।<br><br>(২) অথরাইজড অফিসার কর্তৃক কোন নির্মাণ বা খনন অনুমোদিত হইলে প্ল্যানসহ তাহার কর্তৃক স্বাক্ষরিত অনুমোদনের কপি যাহার এলাকায় উক্ত নির্মাণ বা খনন কাজ অবস্থিত, প্রযোজ্যক্ষেত্রে, উক্ত এলাকার সংশ্লিষ্ট মেয়র, সিটি কর্পোরেশন বা মেয়র, পৌরসভা বা |



|  |  |  |
|--|--|--|
|  |  | <p>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের নিকট প্রেরণ করিবে।</p> <p>(৩) উপ-ধারা (১) এর বিধান লঙ্ঘনপূর্বক কোন নির্মাণ বা খননের অনুমোদন দেওয়া হইলে, উক্ত নির্মাণ বা খনন আইনগত কর্তৃত্ববিহীন অনুমোদন হিসাবে এবং উহা অননুমোদিত নির্মাণ বা খনন হিসাবে গণ্য হইবে।</p> <p>(৪) ধারা ৮৫-এর উপ-ধারা (৩) এর অধীনে অনুমোদন বাতিল করা হইলে উপ-ধারা (২) এর অধীনে সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদ বা অন্য যে কোন স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের মেয়াদ শেষ হইয়াছে বলিয়া গণ্য হইবে।</p>  |
|  |  | <p><b>৯১। নিচু ভূমি ভরাট, পানি প্রবাহ বাধাগ্রস্ত, ইত্যাদি।-</b></p> <p>(১) বর্তমানে বলবৎ অন্য কোন আইনে বা সম্মতিনামায় যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের আওতাধীন এলাকায় কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিত কোন ব্যক্তি কোন নিচু জমি ভরাট করিতে বা কোন জমি উচু করিতে পারিবেন না অথবা অন্য কোনভাবে প্রাকৃতিক পানি নিষ্কাশণ ব্যবস্থা ব্যহত করিতে পারিবে না। কর্তৃপক্ষ অনুমতি প্রদানের ক্ষেত্রে প্রয়োজনীয় শর্তাদি আরোপ করিতে পারিবে।</p> <p>(২) উপ-ধারা (১) এর অধীনে অনুমতির আবেদন নির্ধারিত পদ্ধতিতে, নির্ধারিত ফিসহ দাখিল করিতে হইবে।</p> <p>(৩) উপ-ধারা (১) এর অধীনে প্রদত্ত অনুমতির যে কোন শর্ত ভঙ্গ করার কারণে অনুমতি বাতিলযোগ্য হইবে।</p> |
|  |  | <p><b>৯২। দেওয়ানি আদালতের এখতিয়ার খর্ব।-</b> ধারা ৮৫, ৮৬, ৮৭ বা ৯১ এর অধীনে প্রদত্ত আদেশ দ্বারা ধারা ৯৩ এর বিধান সাপেক্ষে চূড়ান্ত হিসাবে গণ্য হইবে এবং এই বিষয়ে কোন আদালতে কোনরূপ প্রশ্ন করা যাইবে না।</p>   |
|  |  | <p><b>৯৩। আপিল।-</b> ধারা ৮৫, ৮৬, ৮৭ বা ৯১ এর অধীনে প্রদত্ত আদেশের ত্রিশ দিনের মধ্যে চেয়ারম্যান এর নিকট আপিল করা যাইবে এবং চেয়ারম্যান এর আদেশের বিরুদ্ধে সরকারের নিকট আপিল করা যাইবে এবং এইক্ষেত্রে সরকারের আদেশ চূড়ান্ত হিসেবে গণ্য হইবে এবং কোন দেওয়ানি আদালতে এই বিষয়ে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।</p>  |
|  |  | <p><b>অষ্টম অধ্যায়</b></p> <p><b>দন্ড</b></p>   |
|  |  | <p><b>৯৪। ধারা ২০, ৮৫, ৮৬ অথবা ৯১ এর পরিপন্থি কার্যের জন্য দন্ড।-</b></p> <p>(১) ২০, ৮৫, ৮৬ অথবা ৯১ এর বিধান লঙ্ঘনের জন্য বা ধারা ৮৫ এর অধীনে প্রদত্ত নির্দেশনা প্রতিপালনে ব্যর্থতার কারণে যথাযোগ্য এখতিয়ার সম্পন্ন আদালত কর্তৃক অনধিক পঞ্চাশ হাজার টাকা জরিমানা অথবা অনধিক এক বছরের কারাদন্ড অথবা উভয় দন্ড এবং বিধান লঙ্ঘনের বা নির্দেশনা প্রতিপালনে ব্যর্থতার তারিখ হইতে প্রতি দিনের জন্য অতিরিক্ত আরো এক শত টাকা হারে জরিমানা দন্ড আরোপ করিতে পারিবে।</p>   |

|   |  |   |
|---|--|---|
|   |  | <p>(২) উপ-ধারা (১) অধীনে কোন ব্যক্তির উপর যে আদালত দণ্ড প্রদান করে উক্ত আদালত নির্দিষ্ট সময়ের মধ্যে অননুমোদিত ইমারত অপসারণের বা অননুমোদিত পুকুর ভরাট করার জন্য আদেশ দিতে পারিবে এবং যুক্তিসংগত কারণে আদালত উক্ত নির্দিষ্ট সময় বর্ধিতকরণের আদেশ দিতে পারিবে।</p> <p>(৩) কোন ব্যক্তি উপ-ধারা (২) এর অধীনে আদালত কর্তৃক নির্দিষ্টকৃত বা বর্ধিত সময়ের মধ্যে, আদালতের আদেশ পালনে ব্যর্থ হইলে, উক্ত ইমারত অপসারণ বা পুকুর ভরাট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন কর্তৃপক্ষের জন্য আইনসংগত হইবে এবং এই ক্ষেত্রে অপসারণ বা ভরাট করার ব্যয় উক্ত ব্যক্তির নিকট হইতে সরকারি পাওনা (Public demand) হিসাবে আদায়যোগ্য হইবে।</p>  |
| <p>101. Penalty for failure to comply with requisition made by Auditor<br/>If any person fails to comply with any requisition made under section 70 he shall be punishable-</p> <p>(a) with fine which may extend to one hundred rupees; or<br/>b) in case of a continuing failure, with fine which may extend to fifty rupees for each day after the first during which the failure continues.</p>   | <p>১০১। নিরীক্ষক কর্তৃক নির্দেশিত চাহিদা পত্র সরবরাহের ব্যর্থতার দণ্ড।-<br/>কোন ব্যক্তি ধারা ৭০ এর অধীন ইস্যুকৃত চাহিদাপত্র অনুযায়ী উহা পালন করিতে ব্যর্থ হয়, তাহা হইলে উক্ত ব্যক্তি নিম্নোক্ত দণ্ড প্রাপ্ত হইবে :-<br/>(ক) অনধিক এক শত টাকা জরিমানা, অথবা<br/>(খ) ক্রমাগত ব্যর্থতার ক্ষেত্রে ব্যর্থতার প্রথম দিনের পর হইতে প্রতি দিনের জন্য অনধিক পঞ্চাশ টাকা জরিমানা।</p>  | -   |
| <p><b>102. Penalty for obstructing contractor or removing mark If any person</b><br/>(a) obstructs or molests any person with whom the Chairman has entered into a contract on behalf of the Authority, in the performance or execution of such person of his duty or of anything which he is empowered or required to do by virtue or in consequence of this Ordinance or any rule made hereunder; or<br/>(b) removes any mark set up for the purpose of indicating any level or direction necessary to the execution of works authorised by this Ordinance or any rule made or scheme sanctioned hereunder, he shall be punishable with fine which may extend to five hundred rupees, or with imprisonment for a term which may extend to two months.</p> | <p>১০২। ঠিকাদারের কাজে বিঘ্ন বা চিহ্ন অপসারণের দণ্ড।<br/>(ক) কর্তৃপক্ষের পক্ষ হইতে চেয়ারম্যান এই অধ্যাদেশ অথবা ইহার অধীন প্রণীত কোন বিধির বিধি দ্বারা উক্ত ব্যক্তির দায়িত্ব পালনের কোন কার্যক্রম অথবা বাস্তবায়ন অথবা যাহা করিতে তিনি ক্ষমতাবান অথবা তাহার দ্বারা করা প্রয়োজন এতদবিষয়ে চুক্তিবদ্ধ হইয়াছেন; এইরূপ কোন ব্যক্তিকে বাধা প্রদান করে অথবা তাঁহার সহিত অশালীন আচরণ করে; অথবা<br/>(খ) এই অধ্যাদেশ অথবা ইহার অধীন প্রণীত কোন বিধি অথবা তদধীনে মঞ্জুরীকৃত প্রকল্প বাস্তবায়নের উদ্দেশ্যে প্রয়োজনীয় সমতলকরণ বা দিক নির্দেশনার উদ্দেশ্যে স্থাপিত কোন চিহ্ন কেহ অপসারণ করে, তাহা হইলে তিনি অনধিক পাঁচশত টাকা জরিমানা অথবা দুইমাস পর্যন্ত কারাদণ্ডে দণ্ডিত হইবেন।</p> | <p>৯৫। ঠিকাদারের কাজে বিঘ্ন বা নির্দেশক চিহ্ন অপসারণের দণ্ড।<br/>(ক) কর্তৃপক্ষের পক্ষ হইতে চেয়ারম্যান এই আইন অথবা ইহার অধীন প্রণীত কোন বিধির বিধি দ্বারা উক্ত ব্যক্তির দায়িত্ব পালনের কোন কার্যক্রম অথবা বাস্তবায়ন অথবা যাহা করিতে তিনি ক্ষমতাবান অথবা তাহার দ্বারা করা প্রয়োজন এতদবিষয়ে চুক্তিবদ্ধ হইয়াছেন; এইরূপ কোন ব্যক্তিকে বাধা প্রদান করে অথবা তাঁহার সহিত অশালীন আচরণ করে; অথবা<br/>(খ) এই আইন অথবা ইহার অধীন প্রণীত কোন বিধি অথবা তদধীনে মঞ্জুরীকৃত প্রকল্প বাস্তবায়নের উদ্দেশ্যে প্রয়োজনীয় সমতলকরণ বা দিক নির্দেশনার উদ্দেশ্যে স্থাপিত কোন চিহ্ন কেহ অপসারণ করে, তাহা হইলে তিনি অনধিক পঞ্চাশ হাজার টাকা জরিমানা অথবা এক বৎসর পর্যন্ত কারাদণ্ডে দণ্ডিত হইবেন।</p> |
|   |  | <p>৯৬। প্রশাসনিক জরিমানা, চার্জ, ফি, বকেয়া ইত্যাদি আদায়।- এই আইন বা বিধিমালা বা প্রবিধানমালার অধীন পরিশোধযোগ্য প্রশাসনিক জরিমানা, চার্জ, বকেয়া, ফি বা অনুরূপ দাবি Public Demands Recovery Act, 1913 (Act No. III of 1913) এর অধীন Public Demands বা সরকারি দাবি হিসাবে উক্ত ব্যক্তি বা তাহার উত্তরাধিকারীদের নিকট হইতে আদায়যোগ্য হইবে এবং কর্তৃপক্ষের তহবিলে জমা হইবে।</p>  |
|   |  | <p>৯৭। অবলোপন।- কর্তৃপক্ষের কোন পাওনা অথবা কোন মূল্যবান সিকিউরিটির ব্যয়, মালামাল হারিয়ে যাওয়া, বিনষ্ট হওয়া বা চুরিজনিত ক্ষতি সরকার নির্ধারিত পদ্ধতিতে অবলোপনের আর্থিক ক্ষমতা কর্তৃপক্ষ বা চেয়ারম্যানের থাকিবে-</p>   |

|  |  |  |
|--|--|--|
|  |  | <p>তবে শর্ত থাকে যে, উক্ত ক্ষমতা কেবল নিম্নোক্ত ক্ষেত্রে প্রয়োগ করা যাইবে-</p> <p>(অ) যদি উক্ত পাওনা কুঋণ (Bad debts) হিসাবে গণ্য হয় এবং তাহা আদায়ের কোন সম্ভাবনা না থাকে;</p> <p>(ই)<br/>(আ) যদি হারিয়ে যাওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া বা চুরি যাওয়া মালামাল বা সিকিউরিটির মূল্য আদায়যোগ্য বা ক্ষতিপূরণযোগ্য না হয়;</p> <p>(ঈ) যদি চেয়ারম্যান বা কর্তৃপক্ষ প্রতিটি ক্ষেত্রে উপরোক্ত মর্মে সম্পূর্ণ সন্তুষ্ট হয়।</p> |
|  |  | <p>৯৮। তথ্য প্রযুক্তির ব্যবহার।- এ আইনের অধীন কোন কার্য সম্পাদন, ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালনের ক্ষেত্রে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩৯ নং আইন) এর বিধান সাপেক্ষে তথ্য প্রযুক্তি ব্যবহার করা যাইবে।</p>   |
| <b>CHAPTER X<br/>CONTROL</b>   | <b>অধ্যায়-১০<br/>নিয়ন্ত্রণ</b>   | <b>দশম অধ্যায়<br/>নিয়ন্ত্রণ</b>  |
| <p>103. Powers of the Provincial Government to supersede the Authority<br/>If, in the opinion of the Provincial Government, the Authority have shown their incompetence to perform or have persistently made default in the performance of the duties imposed on them by or under this Ordinance or have exceeded or abused their powers, the provincial Government may, by an order published in the official Gazette, supersede them for a period specified in the order:</p> <p>Provided that the Provincial Government before six months of such order of super session shall give notice to the Authority to show cause why such action shall not be taken and also to provide them an opportunity to take remedial measures:</p> <p>Provided further that except in case of misappropriation of Authority funds or persistent default in the performance of duties by the Authority the provincial Government shall not ordinarily exercise powers under this section.</p> | <p>১০৩। কর্তৃপক্ষকে অতিক্রমণে সরকারের ক্ষমতা।<br/>যদি সরকার মনে করে যে, কর্তৃপক্ষ তাহার কার্য পরিচালনায় অনপযুক্ততা প্রদর্শন করে অথবা এই অধ্যাদেশের অধীন তাহাদের উপর অর্পিত দায়িত্ব পালনে অব্যাহতভাবে ব্যর্থ হয় অথবা ক্ষমতার অতিরিক্ত ব্যবহার অথবা অপব্যবহার করে, তাহা হইলে সরকার সরকারী গেজেটে প্রকাশিত সুনির্দিষ্ট আদেশের মাধ্যমে কর্তৃপক্ষকে উক্ত আদেশে উল্লিখিত নির্ধারিত সময়কালের জন্য অতিক্রমণ করিতে পারেঃ</p> <p>তবে শর্ত থাকে যে, সরকার এইরূপ অতিক্রমণের আদেশ প্রদানের ছয় মাস পূর্বে কর্তৃপক্ষকে এই মর্মে কারণ দর্শাইবে যে, এইরূপ ব্যবস্থা কেন গ্রহণ করা হইবে না এবং তাহাদের বিষয়ে মৌলিক পদক্ষেপ গ্রহণের সুযোগ প্রদান করিবেঃ</p> <p>আরও শর্ত থাকে যে, কর্তৃপক্ষের তহবিল তসরূপ অথবা কর্তৃপক্ষের দায়িত্ব পালনে ক্রমাগত ব্যর্থতা ব্যতীত সরকার সাধারণতঃ এই ধারা মোতাবেক ক্ষমতা প্রয়োগ করিবে না।</p> | -  |
|  |  | <p>৯৯। রহিতকরণ ও হেফাজত।-<br/>(১) The Khulna Development Authority Ordinance, 1961 Ordinance No-II of 1961, অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লেখিত, এতদ্বারা রহিত করা হইল।<br/>(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও এই আইনের অধীন কর্তৃপক্ষ গঠিত না হওয়া পর্যন্ত উক্ত Ordinance এর অধীন গঠিত এই আইনের অধীন গঠিত কর্তৃপক্ষ বলিয়া গণ্য হইবে।</p>   |

|  |   |   |
|--|---|---|
|  |   | <p>(৩) উক্ত Ordinance রহিত হইবার সঙ্গে সঙ্গে উক্ত Ordinance এর অধীন প্রতিষ্ঠিত Authority এর-</p> <p>(ক) সকল সম্পদ, অধিকার ও স্বার্থ, ক্ষমতা, কর্তৃত্ব, সুবিধা এবং সিকিউরিটিসহ সকল স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি, তহবিল, নগদ ব্যাংকে গচ্ছিত অর্থ, অন্য সকল দাবি ও অধিকার, সকল হিসাব বহি, রেজিস্টার, রেকর্ডপত্র এবং অন্যান্য দলিলপত্র কর্তৃপক্ষের নিকট হস্তান্তরিত ও উহার উপর ন্যস্ত হইবে।</p> <p>(খ) বিলুপ্ত Authority এর সকল ঋণ, দায় ও দায়িত্ব এবং উহার দ্বারা, উহার পক্ষে বা উহার সহিত সম্পাদিত সকল চুক্তি, যথাক্রমে কর্তৃপক্ষের ঋণ, দায় ও দায়িত্ব এবং উহার দ্বারা, উহার পক্ষে বা উহার সহিত সম্পাদিত চুক্তি বলিয়া গণ্য হইবে;</p> <p>(গ) বিলুপ্ত Authority এর বিরুদ্ধে বা তদকর্তৃক দায়েরকৃত সকল মামলা বা সুচিত অন্য কোন আইনগত কার্যধারা কর্তৃপক্ষের বিরুদ্ধে বা কর্তৃপক্ষ কর্তৃক দায়েরকৃত মামলা বা আইনগত কার্যধারা বলিয়া গণ্য হইবে;</p> <p>(ঘ) কোন চুক্তি, দলিল বা চাকুরির শর্তে যাহা কিছুই থাকুক না কেন, বিলুপ্ত Authority এর সকল কর্মকর্তা ও কর্মচারী কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারী হিসাবে গণ্য হইবেন এবং এই আইন প্রবর্তনের অব্যহতি পূর্বে তাহারা যে শর্তাধীনে চাকুরিতে নিয়োজিত ছিলেন, এই আইনের বিধান অনুযায়ী পরিবর্তিত না হওয়া পর্যন্ত, সেই একই শর্তে কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকিবেন।</p> <p>(৪) উক্ত Ordinance রহিত হওয়া সত্ত্বেও ইহার অধীনে প্রণীত কোন বিধি বা প্রবিধান, জারিকৃত কোন প্রজ্ঞাপন, প্রদত্ত কোন আদেশ, নির্দেশ, অনুমোদন, সুপারিশ, প্রণীত সকল পরিকল্পনা বা কার্যক্রম, প্রকল্প, স্কিম, অনুমোদিত বাজেট এবং কৃত সকল কার্যকর্ম উক্তরূপ রহিত করণের অব্যবহিত পূর্বে বলবৎ থাকিলে এবং এই আইনের কোন বিধানের সহিত অসামঞ্জস্যপূর্ণ না হওয়া সাপেক্ষে এই আইনের অনুরূপ বিধানের অধীন প্রণীত, জারিকৃত, প্রদত্ত, অনুমোদিত এবং কৃত বলিয়া গণ্য হইবে এবং মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত অথবা এই আইনের অধীনে রহিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।</p> |
| <p>104. Ultimate dissolution of Authority and transfer of their assets and liabilities to the Municipality</p> <p>(1) When all schemes sanctioned under this Ordinance have been executed, or have been so far executed as to render the continued existence of the Authority in the opinion of the Provincial Government unnecessary, the Provincial Government may, by notification, declare that the Authority shall be dissolved from such date as may be specified in this behalf in such notification; and the Authority shall be deemed to be dissolved accordingly.</p> <p>(2) On and from the said date-</p> <p>(a) all properties, funds and dues which are vested in or</p> | <p>১০৪। কর্তৃপক্ষের চূড়ান্ত বিলুপ্তি এবং পৌরসভার নিকট তাহাদের দায় দায়িত্ব ও সম্পদ হস্তান্তর।-</p> <p>(১) যখন এই অধ্যাদেশের অধীন কর্তৃপক্ষের মঞ্জুরীকৃত সকল পরিকল্পনার বাস্তবায়ন সম্পন্ন হইয়াছে অথবা এইরূপ পর্যায়ে পৌছিয়াছে যে, সরকারের মতে কর্তৃপক্ষের চলমান অস্তিত্ব অনাবশ্যক, তখন সরকার, প্রজ্ঞাপন দ্বারা ঘোষণা করিতে পারিবে যে, এতদুদ্দেশ্যে প্রজ্ঞাপনে নির্ধারিত তারিখ হইতে কর্তৃপক্ষের বিলুপ্তি ঘটিবে এবং তদনুযায়ী কর্তৃপক্ষ বিলুপ্ত বলিয়া গণ্য হইবে।</p> <p>(২) উক্ত তারিখ হইতে-</p> <p>(ক) সম্পত্তি, তহবিল, পাওনা যথাক্রমে কর্তৃপক্ষ চেয়ারম্যানের উপর অর্পিত বা আদায়যোগ্য, তাহা পৌরসভার উপর অর্পিত এবং আদায়যোগ্য হইবে;</p> | <p>-</p>  |

|  |   |  |
|--|---|--|
| <p>realisable by the Authority and the Chairman respectively shall vest in and be realisable by the municipality;</p> <p>(b) all liabilities which are enforceable against the Authority shall be enforceable only against the municipality;</p> <p>(c) for the purposes of completing the execution of any scheme, sanctioned under this Ordinance, which has not been fully executed by the Authority and of realising properties, funds and dues referred to in clause (a), the functions of the Authority and the Chairman under this Ordinance shall be discharged by the municipality and its chairman respectively; and</p> <p>(d) the municipality shall keep separate accounts of all moneys respectively received and expended by them under this Ordinance until all loans raised hereunder have been repaid, and until all other liabilities referred to in clause (b) have been duly met.</p> | <p>(খ) সকল দায়-দেনা যাহা কর্তৃপক্ষের উপর বর্তাইয়াছে তাহা কেবল পৌরসভার উপর বর্তাইবে;</p> <p>(গ) এই অধ্যাদেশের অধীন মঞ্জুরীকৃত কোন পরিকল্পনা যাহা কর্তৃপক্ষ সম্পূর্ণরূপে বাস্তবায়ন করিতে পারে নাই, উহার বাস্তবায়ন সমাপ্ত করিবার উদ্দেশ্যে এবং দফা (ক) এ উল্লিখিত সম্পত্তি উদ্ধার, বকেয়া তহবিল এবং পাওনা আদায়ের উদ্দেশ্যে, এই অধ্যাদেশের আওতায় কর্তৃপক্ষ ও চেয়ারম্যানের কার্যাবলী যথাক্রমে পৌরসভা ও উহার চেয়ারম্যান কর্তৃক সম্পাদিত হইবে; এবং</p> <p>(ঘ) পৌরসভা অত্র অধ্যাদেশের অধীন তাহাদের সকল আয় ও ব্যয়ের হিসাব পৃথকভাবে সংরক্ষণ করিবে, যতদিন পর্যন্ত গৃহীত ঋণ এবং দফা (খ) এ উল্লিখিত দায়-দেনা পরিশোধিত না হয়।</p> |  |
|--|---|--|

সচিব  
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ  
খুলনা।